

# ARIADAHA KALACHAND HIGH SCHOOL (H.S.)

Estd. 1884

# কোরক




## বার্ষিক পত্রিকা
## ২০২৩



*The prestigious educational institute of Ariadaha area, Ariadaha Kalachand High School is undoubtedly the epitome of education of this North Kolkata suburb. Still standing tall with its vision of unflinching commitment and dedication to spread knowledge among the local populace for this long 139 years since its inception; Ariadaha Kalachand High School is indeed the most esteemed alma mater to thousands of accomplished students settled across the globe.*

*Thus as the school is set to publish the Annual Magazine 2023 in order to showcase the various activities and achievements of our beloved students, myself as the Member of Legislative Assembly (Kamarhati) and more so, as the President of the School Managing Committee do express my heartfelt wishes and would continue to bestow my patronage as ever towards the revered institution.*

*Sri Madan Mitra (M.L.A., Kamarhati)*
*President (SMC/AKHS)*
*Ariadaha Kalachand High School (H.S.)*

# আড়িয়াদহ কালাচাঁদ উচ্চ বিদ্যালয়

**(একাদশ ও দ্বাদশ শ্রেণি সহ)**

১৮, এম. এম. ফিডার রোড, কলকাতা - ৭০০ ০৫৭

দূরভাষ ঃ ২৫৬৪-৭৫৫৭

## বার্ষিক পত্রিকা - ২০২৩

পত্রিকা সম্পাদক পরিষদ

সভাপতি

**শ্রীমতী ইন্দ্রানী মজুমদার** *(প্রধান শিক্ষিকা)*

সহ সভাপতি

**শ্রী দিব্যেন্দু বোস** *(শিক্ষক)*

যুগ্ম সম্পাদক

**শ্রী তরুণ কুমার ত্রিপাঠী**

**ও**

**শ্রীমতী মমতা সাহা**

সদস্যবৃন্দ

**ড. কৌশিক দেব শ্রীমতী পুষ্পিতা ভট্টাচার্য**

**আফতাব আহমেদ, শ্রীমতী দেবযানী দে**

**শ্রীমতী সুজাতা মল্লিক, শ্রীমতী অনুস্মিতা চ্যাটার্জী**

**শ্রী নীলকন্ঠ দে, শ্রীমতী কমলিকা ঘোষাল**

ছাত্র সদস্য

**ঋক মন্ডল, সুরজিৎ সামন্ত**

প্রকাশক ঃ
**শ্রীমতী ইন্দ্রাণী মজুমদার**
*(প্রধানা শিক্ষিকা)*




মুদ্রণ ঃ
**মা তারা প্রিন্টিং**
মাঝেরহাটি, নিমতা, কলকাতা-৭০০০৪৯
মোঃ ৯৩৩১২০৮৯০৬ / ৯৩৩১২০৮৫০৯



## সম্পাদকীয়



বিদ্যালয় পত্রিকা বিদ্যালয়ের গৌরব ও অলংকার। ১৪০ বছর অতিক্রান্ত হওয়া একটি বিদ্যালয়ের ইতিহাস কম গুরুত্বপূর্ণ নয়। সেই বিদ্যালয় আজও তার যাত্রাপথকে ক্রমান্বয়ে আলোকিত করে চলেছে। কোভিড আক্রান্ত পৃথিবীতে কালাচাঁদ উচ্চ বিদ্যালয়ও গভীর ভাবে আঘাত পেয়েছে। তাই বেশ কয়েকটি বৎসর আমরা আমাদের পরিচয় বহনকারী 'কোরক' পত্রিকা প্রকাশ করতে পারিনি। তারজন্য দুঃখিত। তবে প্রধানা শিক্ষিকার উৎসাহে ও আগ্রহে আমরা আবারও প্রকাশ করতে চলেছি বিদ্যালয় মুখপত্র 'কোরক'। বিদ্যালয়ের কচিকাঁচারা তাদের ভাবনা ও আগ্রহকে রেখায় ও লেখায় প্রকাশ করার মধ্য দিয়ে আগামীদিনের সৃষ্টিশীলতাকে একটু একটু করে ফুটিয়ে তোলার চেষ্টা করেছে। তাদের উৎসাহকে মূল্য দিতে আগ্রহী এই পত্রিকা। পাশপাশি শিক্ষক-শিক্ষিকারাও এতে অংশ নিয়ে ছাত্রদের যেমন উৎসাহিত করেছেন তেমনি সুস্থ সংস্কৃতির প্রবহমানতাকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করেছেন। আমাদের এই 'কোরক' প্রস্ফুটিত হয়ে দিকে দিকে তার সৌরভ ছড়িয়ে দিক। এই পত্রিকা প্রকাশে যাঁদের সাহায্য পেয়েছি তাঁদের প্রতি আমার আন্তরিক কতজ্ঞতা জ্ঞাপন করি।

ধন্যবাদান্তে

**তরুণকুমার ত্রিপাঠী**, সহ শিক্ষক

সম্পাদক মণ্ডলীর পক্ষে



## From the Desk of the Head of Institute



Dear Students, Teachers, Parents and Well-wishers,

As we stand on the threshold of yet another momentous occasion in the journey of Ariadaha Kalachand High School (H.S.), it fills me with immense pride and joy to address you on the eve of the release of our annual magazine. This year, we celebrate not just the publication of a magazine but a testament to the unyielding commitment and dedication that have become the hallmark of our institution. This annual magazine is not just a collection of words and images; it is a vibrant testament to the superior quality of education that we impart to our students.

Education is not merely the acquisition of knowledge; it is a lifelong journey, a transformative experience that moulds individuals into compassionate, competent and confident beings. At Ariadaha Kalachand High School, we firmly believe that education is the cornerstone of progress, and our unwavering commitment to excellence in education has been the guiding force behind our journey for many decades.

Our school stands as a beacon of hope and knowledge, welcoming students from diverse backgrounds, nurturing their talents, and empowering them to reach for the stars. What makes our institution truly exceptional is the holistic approach to education that we embrace. We understand that education goes beyond textbooks and exams; it is about instilling values, fostering creativity and nurturing the spirit of inquiry.

In our pursuit of excellence, we have left no stone unturned. Our faculty comprises some of the most dedicated and passionate educators who go above and beyond to inspire and empower our students. They are not just teacher but mentors, guiding our students discover their true potential. It is their commitment and tireless efforts that have contributed to the superior quality of education we offer.

One of the key pillars of our educational philosophy is the emphasis on a well-rounded education. We believe that students should not only excel academically but also develop into well-rounded individuals capable of facing the challenges of the real world. Our extracurricular activities, sports programs and cultural events play a pivotal role in shaping the personalities of our students. These activities instill teamwork, discipline,

and a sense of responsibility, which are essential qualities for success in any field.

Furthermore, our state-of-the-art facilities and resources ensure that students have access to the best possible learning environment. Our classroms are equipped with modern technology to facilitate interactive and engaging environment. Our classrooms are equipped with modern technology to facilitate interactive and engaging learning experiences. Our well-stocked library is a treasure trove of knowledge, and our laboratories provide students with hands-on learning opportunities that are second to none.

It is important to note that our commitment to quality education goes beyond the confines of our school walls. We actively engage with parents and the community to create a supportive ecosystem for our students. We believe that education is a partnership, and together, we can shape the future of our young minds.

Our students are the ture ambassadors of the excellence we stand for. Year after year, they have demonstrated their brilliance in academics, sport, cultural events and various other fields. They have brought laurels to our school, not just at the local or national level but also on the international stage. Our alumni, scattered across the globe, are a testament to the enduring impact of the education they received here.

As we release this year's annual magazine, I invite you all to take a moment to reflect on the incredible journey of Ariadaha Kalachand High School. It is a journey marked by dedication, perseverance, and an unwavering commitment to providing superior education to our students.

In conclusion, let us remember that education is the most powerful weapon we can use to change the world, as Nelson Mandela once said. At Ariadaha Kalachand High School, we are committed to nurturing the leaders, innovators, and change-makers of tomorrow. As we celebrate the release of our annual magazine, let us renew our pledge to uphold the highest standards of education and continue to inspire, empower, and transform lives.

Thank you for being a part of our remarkable journey, and I look forward to your continued support in our pursuit of excellence.

**Indrani Majumder**
*Head of Institute*
Ariadaha Kalachand High School
President of Magazine Committee

# From the Desk of the Vice President

*(Magazine Committee,*
*Ariadaha Kalachand High School)*



The seeds of an educational institute sowed on an auspicious 6th January day in the year 1884 is still bearing fruit even after 139 years of its inception. This metaphorical reference is about Ariadaha Kalachand High School, still the epitome of education and social fabric in Ariadaha and its adjcent areas, a busy suburb of North Kolkata, Indeed it is the proud alma mater of hundreds and thousands of students settled globally in various professional spheres.

As far as the consolidation of infrastructure goes, the institution is catering to the holistic needs of students through improvement and technical developments both inacademics, games & sports and extra curricular aspects. Added to it, is the earnest endeavour to develop learning and usage skils through the regional (state) languages and English. This has borne dividends with the students excelling not only in academics but also sports, cultural and extra curricular activities including debates, speeches, extempore, quiz etc. Thus, the vision of NEP 2020 (various reforms in social curricular & Pedagogy) has been the point of focus and implementation of the school administration.

Thus the Annual School Magazine 2023 aimed at proudly showcasing the various achievements of the students for the past two to three years. The entire staff and the Magazine Committee earnestly look forward to the good wishes and patronage from our well wishers.

Concluding with the famous quote of Dr. A. P. J. Abdul Kalam, “dreams is not which you see while sleeping, it is something that does not let you sleep.”

**Dibyendu Bose**
*(AT/AKHS)*

## সূচীপত্র


| | | | |
|---|---|---|---|
| বাংলা সাহিত্যের এম. এ. পাশ | — | তরুণ কুমার ত্রিপাঠী (শিক্ষক) | ০৩ |
| সাফল্যের পথে | — | পীযূষ পাল | ০৬ |
| ভাবনার আড়ালে | — | সুজাতা মল্লিক (শিক্ষিকা) | ০৮ |
| বনসৃজন | — | আরসাদ আলি | ০৮ |
| প্রকৃতি ও মানুষের জন্য | — | তরুণ কুমার ত্রিপাঠী (শিক্ষক) | ০৯ |
| একটি পয়সার আত্মকথা | — | সায়ক বসু | ১০ |
| বিজ্ঞানের ক্ষেত্রে গণিতের স্থান | — | অরিত্র সাহু | ১১ |
| সব ভালো যার শেষ ভালো | — | অরিত্র দত্ত | ১২ |
| মাধ্যমিকের ফল প্রকাশের দিন | — | অঙ্কিত কর্মকার | ১৫ |
| দেশ সেবক গান্ধিজী | — | প্রীতম ভুক্ত | ১৬ |
| রাত ১১টার সেই মহিলা | — | পবন কুমার চৌধুরী | ১৮ |
| ভালোবাসা প্রাণের নয়, মাংসের | — | সায়ক বসু | ১৯ |
| একটি অদ্ভুত অভিজ্ঞতা | — | অঙ্কিত কর্মকার | ২০ |
| এক রাত্রি | — | সুরজিৎ জানা | ২১ |
| মাসান ভূত | — | ঋষভ পাল | ২৩ |
| অপেক্ষা | — | সৌনাভ রায় | ২৫ |
| করোনার ধ্বংস লীলা | — | সবুজ সরকার | ২৮ |
| শিক্ষা | — | অরিজিৎ ধাড়া | ২৯ |
| চন্দ্রযান-৩ | — | দীপ্তাংশু ভট্টাচার্য | ৩০ |
| ভারতের চন্দ্র বিজয় | — | দীপায়ন সাধুখাঁ | ৩১ |
| দক্ষিণ মেরু অভিযান | — | সৃজিত মোড্ডুন্যে | ৩৩ |
| মস্তিস্ক বিশ্বব্রহ্মাণ্ডের সবচেয়ে বড় বিস্ময় | — | নিশান্ত রায়চৌধুরী | ৩৪ |
| সাজানো ভুতুরে রাজপ্রাসাদ | — | সৈকত মিত্র | ৩৫ |
| সুন্দরবনের জলের মহারাজ ও আমর | — | প্রদীপ হালদার (শিক্ষক) | ৩৯ |
| সাহিত্য, বিজ্ঞান ও সংস্কৃতিতে বেদ | — | মানস ভট্টাচার্য (শিক্ষক) | ৪২ |
| আলতো মাখছি | — | অনুস্মিতা চ্যাটার্জী (শিক্ষিকা) | ৪৪ |
| ভিক্ষুক | — | রূপেশ মন্ডল | ৪৬ |
| ডাস্টবিন | — | অভিরাজ দাস | ৪৬ |
| মা | — | মোহিত বেরা | ৪৭ |
| গাছ কেটোনা বন্ধুরা | — | রাজশেখর সাহা | ৪৭ |
| ইচ্ছে | — | আয়ুষ পাল | ৪৭ |
| অত্যাচারীত প্রকৃতি | — | সৈকত মিত্র | ৪৮ |
| বোকা | — | অপূর্ব কর্মকার | ৪৮ |
| দুগ্গা পুজো | — | রিয়াংশু দাস | ৪৯ |

| | | | |
|---|---|---|---|
| ময়না | — | সৃজন ঘোষ চৌধুরী | ৪৯ |
| রাজনীতি না দুর্নীতি | — | অঙ্কিত ভট্টাচার্য | ৫০ |
| জ্ঞানের লাইব্রেরী | — | রনিত পাল | ৫০ |
| নববর্ষ — | — | শৌর্য্য পাল | ৫০ |
| স্বাধীনতা তুমি | — | রনিত পাল | ৫১ |
| বারোমাসে তেরো পার্বন | — | রূপায়ন মন্ডল | ৫১ |
| ঝমঝম বর্ষা | — | প্রসেনজিৎ বাগ | ৫১ |
| শৈশবের শেষ ইতিহাস | — | মানস কুমার দেওঘরিয়া | ৫২ |
| ট্রাম | — | ঋক মন্ডল | ৫৩ |
| সাধ | — | অনিক কর্মকার | ৫৩ |
| উত্তরণ | — | পুষ্পিতা ভট্টাচার্য্য (শিক্ষিকা) | ৫৪ |
| দুটি জিজ্ঞাসা | — | দেবাশিস কুমার দে (শিক্ষক) | ৬১ |
| করোনা | — | ঋক মন্ডল | ৬১ |
| প্রতিজ্ঞা পূরণ | — | অর্ঘ ভট্টাচার্য্য | ৬২ |
| চিকিৎসা শাস্ত্রের সঞ্জীবনী সুধা .....অ্যান্টিবায়োটিক | — | আয়ূষ মুখার্জী | ৬৪ |
| স্টিফেন হকিং এর Big Bang Theory | — | নিশান্ত রায়চৌধুরী | ৬৫ |
| চন্দননগরের ভূতুড়ে স্কুল | — | ধ্রুবজ্যোতি দে | ৬৬ |
| সূর্যের কাছে আদিত্য | — | ঋক মন্ডল | ৬৯ |
| নস্ট্যালজিক কোরক | — | ঋক মুখার্জী | ৭০ |
| হিমালয়ের তিন অপরূপা কন্যা ..... | — | অর্ণব চক্রবর্তী | ৭৩ |
| রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষাভাবনা এবং আজকের দিনের সঙ্কট | — | দীপায়ন সাধুখাঁ | ৭৭ |
| সভ্যতার বন্ধু বিজ্ঞান | — | আবির ভট্টাচার্য্য | ৮২ |
| গ্যালিলিও গ্যালিলি | — | সৌরদূত ব্যানার্জী | ৮৩ |
| ট্যারা | — | স্নেহাশিষ দাস | ৮৪ |
| Unlocking the Wonders of Biology : A Journey of Discovery | — | Tanima Som (Ghosh) (Teacher) | ৮৬ |
| Artificial Intelligence : Transforming our Lives | — | Rick Mondal | ৮৮ |
| "NO" | — | Arghya Bhattacharjee | ৮৯ |
| My School Life | — | Saswata Paul | ৯১ |
| ইতিবাচক চিন্তা ও পরিতৃপ্ত জীবন লাভ | — | সুজাতা মল্লিক (শিক্ষিকা) | ৯২ |
| How the school culture and class room teaching could be geared to promote peace | — | Dibyendu Bose (AT/AKHS) | ৯৪ |
| In time of pandemic | — | Nilkantha Dey (Teacher) | ৯৬ |
| ফিরে দেখা | — | তরুণ কুমার ত্রিপাঠী (শিক্ষক) | ১০০ |
| দেশনায়ক | — | রজত ঘোষ (শিক্ষক) | ১০৫ |

**প্রবন্ধ**

# বাংলা সাহিত্যের এম. এ. পাশ

বাংলা সাহিত্যের ক্রমবিকাশের ধারা যে সকল ঐতিহাসিক প্রেক্ষাপটে আলোচিত হয়েছে তা বহু গবেষণালব্ধ এবং বহু বিদগ্ধ মানুষের অক্লান্ত পরিশ্রমে। বাঙালীর বাংলা ভাষা চর্চার সূত্রপাত কিন্তু ইংরেজ আমলেই। আধুনিক বাংলা ভাষা মূলত যাঁর সময় থেকেই, সেই রায় গুণাকর ভারতচন্দ্রের বক্তব্যের মধ্য দিয়েই জানা যায় যে তিনি সংস্কৃত, আরবি-ফারসি ভাষা নিয়ম করে শিখেছিলেন, বাংলা ভাষা শেখার সুযোগও ছিল না, কেবল পাঠশালায় অক্ষর জ্ঞান হত এবং সামান্য কিছু লিখতে পড়তে শেখার ব্যবস্থা ছিল। তবে বিষয় হিসেবে তেমন কোন গুরুত্ব ছিল না। সাহেবরা এদেশে আসার পর তারা দেখল যে এদেশে ব্যবসা ও ধর্ম চালাতে গেলে স্থানীয় ভাষা শেখার দরকার। তাই প্রধান কয়েকটি ভাষার সঙ্গে তাদের পরিচিত হওয়ার গুরুত্ব বাড়ল। সেই হিসেবে বাংলায় সাহেবদের আধিপত্য বাড়াতে বাংলাভাষা শেখার প্রতিও আগ্রহ বৃদ্ধি পেল। সেই হিসেবে ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা বিভাগ সাহেবদের বাংলা সাহিত্যের পাঠ দিত। সেই সময় এদেশীয়রাও নিজেদের জন্য বাংলা বই লেখা শুরু করলেন। সাহেবি কায়দায় বই ছাপানো শুরু হল। বাংলা ব্যাকরণ, অভিধান, প্রাইমারি প্রভৃতি রচনার মধ্য দিয়েই তার যাত্রা শুরু। এরপর বাংলা ভাষাকে অবলম্বন করে প্রকাশিত হতে থাকল গণিত, ইতিহাস, ভূগোল, বিজ্ঞান প্রভৃতি পাঠ্যপুস্তক। আর এই সব বইকে অবলম্বন করেই ভার্নাকুলার স্কুলগুলি চলত। আজকের যুগের বাংলা মাধ্যম বিদ্যালয়গুলির আদিরূপ ছিল ঐ সমস্ত স্কুল। এরই পাশাপাশি চলত বিভিন্ন সাময়িক পত্রের প্রকাশ। বঙ্কিমচন্দ্রের 'বঙ্গদর্শন' ১৮৭২ সালে প্রকাশিত হওয়ার পর বাংলা ভাষার বলিষ্ঠতা প্রমাণ করল যে, বাংলা ভাব ও বোধের ভাষা হয়ে প্রকৃত সাহিত্যের মর্যাদা লাভ করতে চাইছে। তার প্রমাণ আমরা লক্ষ করি জন বিম্‌স-এর উক্তিতে যা বঙ্কিমচন্দ্র তাঁর বঙ্গদর্শনে ছেপেছিলেন–- 'বঙ্গীয় সাহিত্য উৎকর্ষ প্রাপ্ত হইয়া, ইউরোপীয় সাহিত্য সদৃশ হইতেছে'। চিরকাল সাহেবী সার্টিফিকেট নির্ভর আমরা আর অবিশ্বাস করতে পারলাম না।

'বঙ্গদর্শন' পড়ে বেড়ে ওঠা বালক রবি যখন তরুণ কবি হয়ে উঠলেন, তখন তিনি রাজশাহী অ্যাসোসিয়েশনে লিখলেন 'শিক্ষার হেরফের'। শৈশব থেকেই প্রথাগত ও গণ্ডীবদ্ধ শিক্ষা ব্যবস্থাকে সমাজবিবর্তনে অনুপযোগী বলে মনে করতেন। তাই তাঁর প্রখর বুদ্ধি ও চিন্তাশক্তি সমগ্র শিক্ষা-ব্যবস্থাপনার উপর প্রভাব পড়েছিল যার ফল 'শিক্ষার হেরফের'। বিশেষ করে মাতৃভাষার মাধ্যমে প্রাথমিক শিক্ষাদানের গুরুত্বকে তিনি চিরকাল দৃঢ়তার সঙ্গে প্রচার করেছেন। কেবল বুনিয়াদি স্তরে নয় মহাবিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত বাংলা সাহিত্যের আলোচনা, চর্চা ও সাহিত্য পাঠের বিশেষ ব্যবস্থা থাকুক, তা তিনি চেয়েছিলেন। ১৮৯২ সালে রবির এই অভিমত বড়রা সমর্থন করলেন, বঙ্কিমচন্দ্রও সহমত পোষণ করলেন। তখন কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার গুরুদাস বন্দ্যোপাধ্যায়। তবে তারও পূর্বে স্যার আশুতোষ এফ.

এ. বি. এ আর এম. এ. তে বাংলা হিন্দি ও উর্দুকে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা গ্রহণীয় বিষয় হিসেবে গ্রহণের প্রস্তাব দিয়েছিলেন। সেনেটের দুই সদস্য বঙ্কিমচন্দ্র ও চন্দ্রনাথ বসু সমর্থন করলেন কিন্তু ভোটাভুটিতে হেরে গেলেন। কারণ তখনও বাংলা নাকি 'মুদির দোকানের কাগজপত্র' এর খোলোস থেকে বের হতে পারেনি। এই লড়াইটা চলতে থাকল ১৯০৫ সাল পর্যন্ত। অধিকাংশের যুক্তি হল কলেজে বা বিশ্ববিদ্যালয়ে বাংলা পড়াতে গেলে সময় নষ্ট, তাতে ধ্রুপদী ভাষার ভিত দুর্বল হয়ে যাবে। আর বিশেষ করে বাংলায় পড়াবার মত তেমন সাহিত্য কোথায়? এই অজুহাতে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বহুজনের সমর্থন তখনও পায়নি আমাদের প্রিয় বাংলা ভাষা।

এই পরিস্থিতিটা বদলে গেল ১৯০৫ সালের বঙ্গভঙ্গ আন্দোলনকে কেন্দ্র করে। এর মাত্র তিন বছর পূর্বে বিশ্ববিদ্যালয়ের কমিশনে বাংলা ভাষার উপর গুরুত্ব আরোপ করা হল। আর বঙ্গভঙ্গ আন্দোলনকে কেন্দ্র করে দেশে যে ছাত্র-যুব সম্প্রদায়ের মধ্যে জাগরণ ঘটল। সেখানে রাজনৈতিক প্রতিবাদের ভাষা হিসেবে বাংলা বিশেষ গুরুত্ব পেল। রবীন্দ্রনাথ বাংলার মাটি বাংলার জল' গান গেয়ে যখন রাখি বন্ধন করছেন, তখন একই সঙ্গে বাংলা মায়ের জয়গাথা রচিত হচ্ছে এবং বাংলা ভাষা একটি আন্দোলনের হাতিয়ার হয়ে উঠছে। জাতীয় কংগ্রেসের বাঙালী নেতৃত্ব ইংরেজী ভাষণে ইংরেজদের ভয় পাওয়ানোর কথা ভাবছেন আর সেই সব সভায় বাংলার অজ্ঞ কৃষক অবুঝের মত হাঁ করে তাই শুনছে। রবীন্দ্রনাথ সেই ব্যবস্থারও পরিবর্তন চাইলেন। বাগবাজারে পশুপতি বসুর বাড়িতে সান্ধ্য জনসভায় তিনি বাংলায় বক্তৃতা দিলেন। শুধু তাই নয় বিভিন্ন সভাতেও বাংলা কবিতা পাঠ কিংবা বাংলায় বক্তব্য পেশের মধ্য দিয়ে তিনি বাংলাভাষাকে জনজাগরণের মাত্রায় নিয়ে গেলেন। মাতৃভাষায় শিক্ষা গ্রহণ যেন বাঙালীর প্রধান কর্তব্য হয়ে উঠল, যার মধ্য দিয়ে একটি রাজনৈতিক আন্দোলনের বার্তা সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে পড়ল। ঠিক এরই কয়েক বছর পরে সেই রবীন্দ্রনাথ যখন ১৯১৩ সালে বাংলা সাহিত্যের জন্য, নোবেল পেলেন তখন বাংলা ভাষার মর্যাদা যেন ভারতীয় সকলভাষাকে ছাপিয়ে গেল। পাশাপাশি রবীন্দ্রনাথ বিশ্বের জনমানসে বাঙালীর গৌরবকে পুনঃ প্রতিষ্ঠিত করলেন। এরপর বাংলার সুপ্রাচীন ঐতিহ্যকে জনসমক্ষে নিয়ে এলেন পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী। তিনি ১৯১৬ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশ করলেন 'হাজার বছরের পুরান বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা'। আমাদের মাতৃভাষা বাংলার প্রাচীনত্বকে তিনি প্রতিষ্ঠা দিলেন। এর ফলে বাংলার পণ্ডিত সমাজ—যাদের বাংলা ভাষার প্রতি উন্নতনাসিকা প্রদর্শনের মনোভাব ছিল তাঁদেরও খানিকটা বোধোদয় ঘটল। এর উপর যখন সেই শাস্ত্রী মহাশয় বেঙ্গল লাইব্রেরির লাইব্রেরিয়ান হয়ে বহু অনুসন্ধান ও গবেষণায় ১৫০ জন বাঙালী কবির পরিচয় সম্পর্কে প্রবন্ধ লিখলেন তখন আরও বিস্মিত হলেন সকলে। বাংলা সাহিত্য যে মুদির দোকানের কাগজ নয়, তার অতীত ঐতিহ্য যেমন বিদ্যমান, তেমনি সাম্প্রতিক ঔজ্জ্বল্য বিশ্ব বন্দিত। তাই আশুতোষ মুখোপাধ্যায় কুমিল্লার হেড মাষ্টার দীনেশচন্দ্র সেনকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপযোগী লেখার দায়িত্ব দিলেন। অর্থের যোগান এল ১৯০৮ সালের শরৎকুমার লাহিড়ীর বইয়ের রয়্যালটির টাকা থেকে। স্থির হল বাংলা

সাহিত্যের ইতিবৃত্ত রচনা করবেন গবেষক দীনেশচন্দ্র সেন। ১৯১১ থেকে ১৯১৭ র মধ্যে তিনটি গবেষণালব্ধ বই প্রকাশিত হল— 'হিষ্ট্রি অব বেঙ্গলি ল্যাঙ্গোয়েজ অ্যাণ্ড লিটারেচার', 'চৈতন্য অ্যাণ্ড হিজ কম্পানিয়ানস' এবং 'দ্য বৈষ্ণব লিটারেচার অব মিডিয়াভাল বেঙ্গল'। নিবেদিতা সেইসব বইয়ের ইংরেজি ভাষাকে ঘষে মেজে তাকে ঝকঝকে করেদিলেন।

১৯১৭ সালে গঠিত হল স্যাডলার কমিশন। ভারতীয় সদস্য আশুতোষ মুখোপাধ্যায় সেই স্যাডলার সাহেবের সহায়তায় কোলকাতা বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ স্তরে বাংলা সাহিত্য পঠনপাঠনের সুযোগ করে দিতে সফল হলেন। সুযোগ তো এল, কিন্তু সেখানেও নানা রকম জটিল পরিস্থিতি। এরপূর্বে কলকাতা বিশ্ববিদ্যালয়ে বাংলা কখনই পড়ানো হয়নি। তাই পাঠ্য বিষয় কি কি থাকবে, কে বা কারা কী পড়াবেন প্রভৃতি নিয়ে জটিলতা সৃষ্টি হল। রবীন্দ্রনাথ 'মডার্ণ রিভিউতে' লিখলেন, 'ভার্নাকুলারস্ ফর দি এম.এ ডিগ্রি'। বিশ্ববিদ্যালয়ে বাংলা পড়ানো নিয়ে তিনি খুব একটা আগ্রহী ছিলেন না তার কারণ হল বাংলা পড়াতে গিয়ে পাণ্ডিত্যের প্রভাবে কৃত্রিম বাংলা ভাষা সৃষ্টি হতে পারে আর এম. এ. তে যারা বাংলা পড়বে তাদের অনেকে বিবাহিত। তবে অবশ্য বিশ্ববিদ্যালয়ে বাংলা পড়ানোর আহ্বান রবীন্দ্রনাথ ফেরাতে পারেননি। ১৯৩২-৩৪ সালে যখন তিনি বাংলা পড়াতে ক্লাসে ঢুকতেন তখন খগেন্দ্রনাথ মিত্র তাঁর হয়ে 'রোলকল' সেরে রাখতেন। ছাত্রদের অনুরোধে নিজের কবিতা ব্যাখ্যা করতে হত। আবার ১৯৩৭ সালে বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে তিনি বাংলায় ভাষণও দিলেন।

বাংলায় এম.এ. পড়তে এসে সব প্রশ্নের উত্তর বাংলায় দিতে হত না। প্রথম পত্রের প্রথম অর্ধের পরীক্ষক রায় বাহাদুর দীনেশচন্দ্র সেন নির্দেশ দিয়েছিলেন, " Unless otherwise specified, Candidates may write their answers either in english or in their own Vernaculars." প্রশ্নপত্র ইংরেজিতেই হত, পঞ্চম ও ষষ্ঠপত্রে পড়তে হত বিকল্প ভাষা, সপ্তমপত্র ছিল মৌলিক ভাষার জন্য; মূলত এইরূপই ছিল বাংলার পাঠ্যসূচী। আর বাংলার ক্লাস নিয়মিত না করলেও চলত। অর্থাৎ বিবাহিত পুরুষ বা নারীদের জন্য উপস্থিতিতেও অনেকটা ছাড় ছিলই। রবীন্দ্রনাথের বাংলা পড়াতে আসা কিংবা দীনেশচন্দ্র সেনের পর 'রামতনু লাহিড়ী' পদের প্রার্থী শহীদুল্লাহকে নিয়ে সজনীকান্তের 'শনিবারের চিঠি' কম কার্টুন আঁকেনি বা লেখালেখি হয়নি, তথাপি কলকাতা বিশ্ববিদ্যালয়ে বাংলার মত একটি বিষয় পড়ানো এবং পরীক্ষা ব্যবস্থা কিভাবে এবং কাদের প্রচেষ্টায় অন্তর্ভুক্ত হল তার কিয়দংশের অনুসন্ধান যদি করতে পারি তাহলেও নিজেকে বাংলা বিষয়ের ছাত্র হিসেবে কৃতার্থ বোধ করব।

**তরুণ কুমার ত্রিপাঠী**
শিক্ষক

ক্রীড়া

# সাফল্যের পথে

স্বপ্ন হল যা আমরা ঘুমিয়ে থেকে দেখে থাকি। আর স্বপ্নের বাস্তবতা বলতে বুঝি স্বপ্ন যখন বাস্তবে পূর্ণতা পায়। আমি আমার চার বছর বয়সে আমার ভালোবাসা 'ক্যারেটে'-যে ভর্তি হই। অবশ্য তখন ছোটো হওয়ায় এত কিছু সত্যিই বুঝতাম না। তখন সাড়ে চার বছর, প্রথম বাবা-মাকে ছেড়ে যাই, ঝাড়খণ্ডের টুর্নামেন্টে। আমি তো বেশ মজা করতে করতেই গিয়েছিলাম, যা আমি শুনেছি স্যারের থেকে। যদিও আমি সেখানে কিছুই হতে পারিনি। পরাজয় নিয়েই ফিরে এলাম বাড়ি। তবে, আমি লক্ষ্য করেছিলাম আমার সিনিয়রদের খেলা। জেদ বসে গিয়েছিল, এরপর থেকে আমায় জয়ী হতেই হবে। এরপর পাঁচ বছরে বেলঘড়িয়া ছাত্রমঙ্গলে আয়োজিত হয় 'দ্য স্ট্রেট চ্যাম্পিয়ানশিপ'। এখানে আমি 'কাতা' করে প্রথম স্থানাধিকারী হই, সেই সঙ্গে প্রত্যক্ষও করি আমার মায়ের মনভরা হাসি। আমি তো খুবই আনন্দ পেয়েছিলাম। আসলে প্রত্যেকটি প্রতিযোগিতাই আমাকে উচ্চাশার দিকে এগিয়ে নিয়ে গিয়েছে। তখন আমার সাত বছর বয়সে অন্ধ্রপ্রদেশে আয়োজিত হয় ক্যারেটে ক্যাম্প। এখান থেকেও আমি অনেক কিছু শিখতে পারি, কিভাবে বিপক্ষকে বুঝতে হবে, কোন কৌশলে আমি খেললে পয়েণ্ট তুলতে পারব আরও কত কী! অনেক কৌশল শিখে ৩ দিন পর আবার ফিরে এলাম বাড়িতে। এরপর প্রায় কিছুদিনের জন্য আমাদের প্লেয়ারদের খেলা বন্ধ রইল। স্যার বললেন, নিজেদেরকে খাটতে হবে, আরো ভালো খেলোয়াড় তৈরি হতে হবে। প্রায় দেড় বছর পর আমার বয়স তখন সাড়ে নয় বছর, খড়দহে-আয়োজিত হয় একটি টুর্নামেণ্ট, যোগদান করলাম সেখানেও, 'কাতা'-য় প্রথম স্থান অধিকার করলাম এবং 'কুমিতে' অর্থাৎ 'fight' -এ তৃতীয় স্থান অধিকার করে আনন্দ পেয়েছিলাম, তবে সত্যি বলতে নিজের কিছু সামান্য ভুল স্টেপের জন্যই দ্বিতীয় স্থান অধিকার করতে পারলাম না। তা ভেবে আরও মন খারাপ হল। এর ছয় মাস পর, নৈহাটীতে আয়োজিত হয় 'স্টেট চ্যাম্পিয়ানশিপ' বিভিন্ন জেলা থেকে খেলোয়াড়-রা এসেছিল। আমি এখানে অবশ্য 'কাতা'-য় প্রথম স্থানাধিকারী হই এবং fight -এ দ্বিতীয় স্থানাধিকারী হলাম। এর জন্য আবার আমার মন খারাপ হলো, এই একই ঘটনা ঘটলো হাওড়ার আলামোহন স্টেডিয়ামের খেলাটিতে। এই বছরের আগস্ট মাসে অন্ধ্রপ্রদেশে একটি টুর্নামেণ্ট হওয়ার কথা ছিল তবে কিছু বিশেষ কারণে স্থান পরিবর্তিত হয়ে তা আয়োজিত হয় জামশেদপুরের টাটা স্পোর্টস কমপ্লেক্সে। সত্যি বলতে এই

টুর্নামেণ্ট ছিল আমার খুব বড়ো স্বপ্ন। সেই ডিসেম্বর মাস থেকে চলছে খাটুনি, স্কুল শেষ করে ক্লাবে গিয়ে প্রশিক্ষণ, সপ্তাহে প্রায় পাঁচদিনই ক্লাস করতাম। এবারে যখন এখানে অর্থাৎ জামশেদপুরে 'কাতা' ও 'fight' -দুটোতেই প্রথম স্থান অধিকার করলাম। তখন আমি কেঁদে ফেলেছিলাম। নিজের স্বপ্ন পূরণ তো হয়েছেই। সেই সঙ্গে আমার প্র্যাকটিস-এর প্রত্যেকটা দিন যে আমার জন্য ভীষণ পরিশ্রম করেছে, আমার মা। আমার এই জয় আসলে আমার মা-এর জন্যই। হ্যাঁ আমার ক্যারেটের ট্রেনার দেবব্রত দে-র অবদান অনস্বীকার্য। ধন্যবাদ সকলকে আমার স্বপ্ন পূরণে আমার সাথে আমার পাশে সবসময় থাকার জন্য।

সবশেষে একটাই কথা বলব, নিজের স্বপ্নকে বাস্তবরূপ দেওয়ার জন্য পরিশ্রম করতে হয়ই। তবে তার ফল ও হয় ভীষণ মিষ্টি।

**পীযূষ পাল**
শ্রেণি-পঞ্চম

# ভাবনার আড়ালে

প্রতিদিনই কিছু কিছু পথ হেঁটে চলেছি...
সেই তো কবে থেকে ...
সীমাহীন পথের দুধারে প্রকৃতি আর জীবনের যে
মহামিলন ...
তার কিছু স্বাদ তো জানা আছে, কিছুটা অজানা
হয়তো বা জানবো না কোনদিনই।

সেইসব অজানা কিছুর পথ ধরেই
কোনো কিছু প্রিয়মুখ দূরে চলে যায়
কোন কিছু না বলে—
আবার কেউ প্রতীক্ষার প্রহরে বাঁধা পড়ে থাকে,
অথবা অন্ধকারের ছায়ায় সবার অলক্ষ্যে—

কিছু ভুল বুঝাবুঝি ধূলি হয়ে রয়ে যায় পথে
কিছু কিছু পদচিহ্ন স্পষ্টই থেকে যায়—
অনাদরের কিছু ফুল পথেই থাকে পড়ে—
একান্তে ''ভাবনার-আড়ালে''—

তবুও দিগন্তে পথের সীমা
ঐ যে দেখতে পাই যেন—
হাঁটি ওখানেই পৌঁছে যাবে বলে
কত কিছু সত্যি, কতকটা নাইবা সত্য হলেও
মানুষের এই এক জন্মের জীবনে—
তবুও বুকবাঁধা দীর্ঘাশ্বাসে—
আশভরা নতুন কিছুর খোঁজে—
সীমাহীন পথের হাত ধরে,
চলেছি সত্যের সন্ধানে—

**সুজাতা মল্লিক**
শিক্ষিকা

# বন সৃজন

সবুজ কেটে মানুষ বানায় ইঁট পাথরের বাড়ি
তাইতো তারা নিজের বিপদ, ডাকছে তাড়াতাড়ি।
অক্সিজেনের অভাব হচ্ছে বাড়ছে নানান দূষণ,
ধিরে ধিরে বিনাশ হচ্ছে প্রকৃতির এই ভূষণ,
সবুজ কেটে আকাশ ছোঁয়া অট্টালিকার সারি
নতুন নতুন গাছ লাগিয়ে প্রাণ বাঁচাতে পারি,
আরাম প্রিয় মানুষগুলো, ভাসায় সুখের তরী
গাছ লাগিয়ে প্রাণ বাঁচিয়ে দেয় যে ভুবন ভরি।
সবাই মিলে গাছ বাঁচাব, বাঁচাবে মোদের ধরা
বাঁচাতে হলে বন্ধ করো গাছের নিধন করা,
দূষণ মুক্ত জীবন হবে, গাছ লাগাবে সবাই
সতেজ বায়ু সতেজ প্রাণ, সুস্থজীবন হবেই।

**আরসাদ আলি**
শ্রেণি- সপ্তম

# প্রকৃতি ও মানুষের জন্য

মানুষের জন্য মানুষ
 প্রকৃতির জন্য নয়কি?
তবে এত ধোঁয়া বিষাক্ততা
 কেন বাতাসে ছড়িয়ে যায়—
দেবতার গড়া এ পৃথিবী
 ইতিহাস হতে চায় কি?

মানুষ যদি সত্যি মানুষের জন্য
 তবে কেন এই বর্বরতা!
মায়ের সামনে মেয়ের প্রতি
 চরম পাশবিকতা।
সমাজ আর কত যন্ত্রণা সইবে,
 সে সংশোধিত হতে চায় কি?

মানুষ যদি মানুষের হবে
 তবে কেন এত দলাদলি,
কবির কণ্ঠে 'সুন্দর এ পৃথিবী'তে
 হচ্ছে তবু নৃশংসতার বলি।
সভ্য মানুষ কবে ভাববে
 এর সমাধান কিছু হয় কি?

ভায়ের প্রতি ভায়ের ঈর্ষা
 মা-বাবার প্রতি পুত্রের,
সাধারণের প্রতি দলের নেতার
 যোগ যেন চিরসূত্রের।
সমানাধিকারের ভাবনা
 কারো মনে উঁকি দেয় কি?

জাত বেজাতের কত লড়াই
 চলেছে যুগ-যুগান্ত ধরে।
তবু কি মানুষ শিখল কিছু
 বুঝল কিছু বিচার করে?
জাতের ভাবনা থাকল যদি
 জাতির ভাবনা হল কই?

মহোৎসবের ভাবনা আছে
 ভাবনা আছে পাইয়ে দেবার।
পাওয়ার নেশায় মত্ত যারা
 বেকার তারা, হচ্ছে শিকার।
উৎসবের এই বাজনা শেষে
 বসবে সবাই ভাবতে কি?

**তরুণ কুমার ত্রিপাঠী**
শিক্ষক

# একটি পয়সার আত্মকথা

আমি হলাম সাধারণ দশ টাকার নোট। আমার জন্ম কলকাতার মধ্যে একটি পুরোনো টাঁকশালে। টাঁকশালের মধ্যে থাকা একটি বিশাল মেশিন বা যন্ত্র বলতে পারও সেখানটাই আমার জন্ম। প্রথমে আমি কাগজ থেকে প্রিন্টিং দশ টাকায় পরিণত হলাম। আমার সাথে অনেক বন্ধুরা জন্ম নিল ও একসাথে একটি রবারে পেচিয়ে রাখা হল। তারপর টাঁকশাল থেকে ব্যাঙ্কে, ব্যাঙ্ক থেকে মানুষের হাতে, পকেটে, ম্যানিব্যাগ বা টাকার ব্যাগে প্রভৃতি জায়গায় চললাম। আমার মন দুঃখ, কারণ আমি জন্মে ছিলাম তখন আমার বন্ধুরা আমার সঙ্গে জড়িয়ে থাকত। বর্তমানে আমার অবস্থান কলকাতার একটি মুদিখানা দোকানে, সেখানে অন্যান্য টাকারাও রয়েছে, যেমন ঃ-৫ টাকা থেকে শুরু করে ২০০০ টাকা পর্যন্ত। একটি অহংকারী ২০০০ টাকার নোট আমাকে নিম্ন দৃষ্টিতে দেখে, আরও অন্যান্য নোটেরা গল্প করছে একে অপরের সঙ্গে যে তারা, কে, কোথা থেকে জন্মেছে? আমিও গল্পে অংশ নিলাম। পরের দিন আমার আবার জায়গার পরিবর্তন ঘটল, আমি এবার মধ্যবিত্ত তিন মানুষের পরিবারে এসেছি। পরেরদিন সেই পরিবারের ছোট ছেলে আমার কাছে এসে দীর্ঘ দৃষ্টি দেখে, আমায় তুলে ছুটল আইসক্রিম কাকার কাছে, সেইদিন ছিল আমার জন্মের ৩০ দিন। আমি নিজের দিকে তাকিয়ে দেখলাম আগের থেকে আমি অনেক নোংরা হয়ে গিয়েছে ও কোমরে ব্যাথা আরম্ভ হয়েছে। ধীরে ধীরে কেটে গেল ৬ মাস, ১ বছর, ২ বছরের মাথায় এসে আমি ভাবলাম, এই দুইটি বছরে পুরো ভারত ঘোরা হয়ে গেল। মনে হল এইসেদিন জন্ম নিলাম, এখন খুব ক্লান্ত হয়ে পড়েছি। আমার দেহে সব অঙ্গপ্রতঙ্গ কাটা ছেড়া, ধুলো মাখানো একটি নোংরা নোট। আর কয়েকটা দিন তারপর আমার মৃত্যু হলে আমায় কেউ স্পর্শ করবে না, মনে পড়ে সেই জন্মের পর কয়টা দিন। শেষের দিন মনটিকে সান্ত্বনা জানালাম এই বলে যে এই দুইটি বছরে আমি কত বন্ধু করলাম ও কত ছোট বাচ্চা থেকে শুরু করে বুড়ো মানুষদের হাতেই না আমি ঘুরেছি। অনেকজন আমায় শেষকালে স্পর্শ পর্যন্ত করেনি। তবে আমার জীবনে ঘটে যাওয়া কিছু ঘটনা আপনাদের কাছে তুলে ধরলাম। তবে চললাম। এবার জানি না বিধাতা আমায় কোন রূপে জন্ম দেবে এই প্রাণলোকে।

**সায়ক বসু**
শ্রেণি- দ্বাদশ, বিভাগ-কলা

# বিজ্ঞানের ক্ষেত্রে গণিতের স্থান

সাধারণ মানুষের মধ্যে অনেকে বিজ্ঞানের মধ্যে গাণিতিক ফর্মুলা, সমীকরণ, অঙ্ক কষা ইত্যাদির ছড়াছড়ি দেখে ভাবেন বিজ্ঞান সরাসরি প্রাকৃতিক ব্যাখ্যা নিয়ে থাকতেই পারে, এরমধ্যে গণিত এনে একে অনাবশ্যক জটিল করা কেন? তাদের অনেকের ধারণা সংক্ষেপে গুছিয়ে বলার খাতিরে বিজ্ঞানীরা ইংরেজি— বাংলার মতো সাধারণ ভাষার বদলে নিজেদের জন্য জুতসই গাণিতিক ভাষা ব্যবহার করেন। প্রয়োজনে একে সাধারণ ভাষায় অনুবাদ করে নেওয়া সম্ভব। এমন সব ভাবনা একদম ভুল। গণিত ব্যতিক্রমী একটি সাংকেতিক ভাষা নয়। এটি মানুষের চিন্তা ও যুক্তি বিস্তারের একটি অনন্য ধারা। বিজ্ঞানের জন্য সেটি খুবই প্রয়োজন। গণিতের সঙ্গে বিজ্ঞানের সম্পর্কটি ঠিক করে বলতে গেলে, বিজ্ঞান বিশ্বকে বোঝার ও ব্যাখ্যা করার যে কাজে নেমেছে, সেটা সত্যি কঠিন। কিন্তু এটি অসম্ভব হবে যদি গণিতের সাহায্য না নেওয়া হয়। বিজ্ঞান কী এই প্রশ্নটির একটি ভালো উত্তর হলো, প্রকৃতির নানা বিষয় নিয়ে অনুমানগুলি যথাযথ গণিতের যুক্তি ধারায় অঙ্গীভূত করে অনুমান থেকে পরীক্ষন সাপেক্ষ বাস্তব সিদ্ধান্ত বের করাই বিজ্ঞান। একটি ঋজুবাস্কে বিভিন্ন ভাবে প্রকাশের একটি আশ্চর্য শক্তি গণিতের আছে। তাই তার মাধ্যমে জুতসই প্রকাশে চলে গিয়ে এ রকম সিদ্ধান্ত নেওয়া যায়। বিজ্ঞানের কোনো শাখা যদি এভাবে গণিতকে ব্যবহার করতে না পারে, তাহলে সেটি খুব আশ্চর্যজনক বিজ্ঞান হয় না। তাই গাণিতিক হওয়ার ক্রমাগত চেষ্টা করে যায়।

বিজ্ঞানের সঙ্গে গণিতের সম্পর্ক আরো ভালো করে দেখার আর বোঝার চেষ্টা করি। গণিত বিষয়টা কী? খুব প্রাথমিক স্তরে মনে হতে পারে। গণিত বাস্তব জগতেরই একটি বিশেষ ধরনের প্রতিফলন। কিন্তু একটু বসিয়ে নিলেই দেখা যায়, এটি হুবহু প্রতিফলন নয়, বাস্তব অভিজ্ঞতার এনেকটা বিশুদ্ধ করে নেওয়া একটি আদর্শ ছবি। বড়জোর বলা যায়, বাস্তব জীবনে নানা অভিজ্ঞতা থেকে গণিতের একটি প্রথম ধাপ, সংখ্যাপদ্ধতি উদ্ভাবিত হয়েছিল। কিন্তু দুটি ছাগল, তিনটি গরু ইত্যাদি হল বাস্তব আর ১,২,৩,৪ ইত্যাদি হল একটি গণিতের ধারণা যে ধারণা মানুষ দ্বারা সৃষ্টি গণিতের প্রথম ধাপ। এমনই একটি সৃষ্টি হল ভারতীয় গণিতবিদের শূন্যের ধারণা। এই শূন্যের সঙ্গে ১ যোগ করে সংখ্যার পদ্ধতির প্রথম সংখ্যাটি পাওয়া যায়। আবার এর সঙ্গে ১ যোগ করলে দ্বিতীয়টি, এমন ভাবে অসীম সংখ্যা সৃষ্টি হতে পারে। এ যেন সংখ্যার একটি বিস্তারণ, যেভাবে চিন্তা করলে একটি বড় ব্যবসার -এ ধারণা। বিজ্ঞানের সব শাখা গাণিতিক হয়ে উঠতে পারেনি, কিন্তু একই রকম উন্নত হতে চাইলে তাদেরও তা হবে। সেই জন্যই এখন জলবায়ু পরিবর্তনের বিষয় থেকে বা কম্পিউটার মডেলিং সব কিছুই গণিতের মাধ্যমে অতি শক্তিশালী করে তোলা হচ্ছে।

কোয়ান্টাম মেকানিক্সের মতো যে অত্যন্ত গণিত তত্ত্ব পদার্থবিদ্যাকে সাফল্যের দিকে নিয়ে গেছে, তা-ও কিন্তু মূলত ওই একই রকম ম্যাপিংয়ের সৃষ্টি। আধুনিক পদার্থবিদ্যায় এসব তত্ত্ব অবশ্য আর ভালো করে বোঝা যায়। গণিতের ভাষা ছাড়া এসব আধুনিকতম তত্ত্বের কোনো মানেই হত না। তারপর ব্যাপারটি মূলত কিন্তু ওই ক্যালেন্ডারের মতোই গাণিতিক ম্যাপিং।

**অরিত্র শাহ**
শ্রেণি - নবম

# সব ভালো যার শেষ ভালো।

(১)

জমজমাট পিকনিকের আসর। আনিয়া, আয়ুষ, সুনৃত এবং সিমি সাউণ্ড বক্সের কাছেই নাচ করছে। হিমাংশু, দিশা, কুশল আর নাতাশা নাচের বদলে বেছে নিয়েছে ব্যাডমিণ্টন। পিকনিক স্পটের আরেক দিকে তাকালে দেখা যাবে ক্যাম্বিস বলেই কিছু ক্লাসিকাল কভার ড্রাইভ আর স্ট্রেট ড্রাইভ। মন্দার ব্যাট করছে। ব্যাট হাতে সত্যিই মন্দার যেন তুলি আর রঙ নিয়ে একজন চিত্রকর। সানি, হিন্দোল, নীলাদ্রিরা আপ্রাণ চেষ্টা করছে মন্দারের উইকেট নিতে, কিন্তু মন্দারকে আউট করা যাচ্ছে না। আরো কেউ কেউ আছে এই পিকনিকে, যারা গিটার আর মাউথ অর্গানের সঙ্গে কণ্ঠসঙ্গীতকেও মিলিয়ে দিচ্ছে। মোট কথা, সবাই ব্যস্ত।

কিন্তু একজন এই পিকনিকে উপস্থিত থেকেও এই আনন্দযজ্ঞের বাইরে। আসলে আরিভান— এই আনন্দ উপভোগ করার মতো অবস্থায় নেই। আরিভানের মন ভালো নয়। তার যে কারণে এই পিকনিকে আসা, সেই উদ্দেশ্যটাই যে পণ্ড হতে বসেছে। নাঃ— পাঠক-পাঠিকাদের আর দোদুল্যমান না রেখে আরিভানের পরিচয় দেওয়া যাক।

(২)

আরিভান অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের ইংরেজি সাহিত্যের ডি.ফিল। বর্তমানে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক। লম্বা-চওড়া সুদর্শন এই যুবকের বাবা এয়ার-ইণ্ডিয়ার পাইলট ছিলেন। এখন অবসর প্রাপ্ত। মা, বাইপাসের একটি বিখ্যাত হাসপাতালের ততোধিক বিখ্যাত শিশু-চিকিৎসক।

ছেলেবেলা থেকেই আবিভান দুটো স্বপ্ন মনের মধ্যে লালন করতো। বিদেশে উচ্চশিক্ষা লাভ— যেটা সে সফল করতে পেরেছে। দ্বিতীয়টা হল একটা সঙ্গীত বিষয়ক ম্যাগাজিন বা পত্রিকা প্রকাশ।

ইংল্যাণ্ডে পড়াশোনা চালানোর পাশাপাশি আরিভান ক্রিকেট এবং টেনিসেও সমান দক্ষতার প্রমাণ রাখে। বিশেষজ্ঞরা খেলাধূলায় তার ভবিষ্যৎ সম্পর্কে ভালো কথাই বলতেন। এছাড়া গিটার বাজাতেও আরিভানের মুন্সিয়ানা তর্কাতীত। কিংবদন্তী এড শিরানের সঙ্গে একই মঞ্চে সে গিটারবাদক হিসাবে সঙ্গত করে গুণীদের প্রশংসা আদায় করেছিল। কলেজে পড়ার সময়ে জর্জ বার্নার্ড শ' এরনাটক পিগম্যালিয়নে আরিভান হেনরি হিগিনসের চরিত্রে দুর্দ্দান্ত অভিনয় করেছিল।

আরিভানের ছাত্রাবস্থায় বন্ধুবৃত্তও ছিল ঈর্ষা করার মতো। কৃতী সহপাঠীরা তাকে ঘিরে থাকতো। আইনের শারা অ্যাডামস, কেমিস্ট্রির অস্কার বেনেট, অর্থনীতির বিয়াংকা টেলর,

ইতিহাসের টমাস ম্যাক্সওয়েল--- এরা সবাই পরে নিজ নিজ ক্ষেত্রে সাফল্য পেয়েছিল। ম্যাঞ্চেস্টার ইউনাইটেড আর চেলসির ফুটবল, উইম্বলডন, অপেরা হার্ডস ও ব্রডওয়েতে থিয়েটার দেখা— সব মিলিয়ে ছাত্রজীবন আরিভান খুব উপভোগ করেছিল।

কিন্তু সঙ্গীত বিষয়ক পত্রিকার কারণেই ডি.ফিল ডিগ্রি অর্জনের পরে আরিয়ান ভারতে ফিরে কলকাতা বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে যোগদান করে।

(৩)

অধ্যাপনার পাশাপাশি আরিভান মনোনিবেশ করে পত্রিকা তৈরীতে, ভূমিষ্ঠ হয় ''হারমোনিয়াম''— যার একমাত্র বিষয়বস্তু সঙ্গীত। তার পত্রিকার প্রয়োজনে আরিভান খুঁজে বার করে মন্দার, হিন্দোল, হিমাংশু, দিশা, কুশল, নাতাশা, সানি, নীলাদ্রি, শাক্যদের। ক্যামাক স্ট্রীটে তৈরী হয় ছোট্ট অথচ সুসজ্জিত পত্রিকা অফিস। কিন্তু মাসতিনেক কেটে গেলেও পাঠক সংখ্যা মাত্র একুশ। অনেকেই পত্রিকার সঙ্গে যুক্ত থাকতে অনিচ্ছুক। আর কয়েক মাস এই পরিস্থিতি চললে অবধারিত ভাবে পত্রিকা বন্ধ হবে। ফ্যাশন, সিনেমা, গসিপ নিয়ে পত্রিকা চললেও সঙ্গীত বিষয়ক পত্রিকা লোকে খাচ্ছে না। সমস্যা সমাধানে আরিভান পাড়ি দেন কানাডার টরেন্টো। যোগাযোগ করে পৃথিবী বিখ্যাত সঙ্গীত বিষয়ক পত্রিকা ''বুমবক্স'' এর কর্ণধার ডেক্লান এবং ভায়ানা চ্যাডউইকের সঙ্গে। তাদের মূল্যবান পরামর্শ নেয়। সেগুলি যথাযথভাবে মাথায় রাখে। পরবর্তী কয়েক মাসে গ্রাহকসংখ্যা বেড়ে দাঁড়ায় সাড়ে আট হাজারে। তারপর থেকে আর আশঙ্কায় ভুগতে হয়নি। পত্রিকা প্রকাশের দু বছরের মাথায় গ্রাহকসংখ্যা দাঁড়িয়েছে আটচল্লিশ হাজারে।

(৪)

আজকের পিকনিক এই সাফল্যকে সেলিব্রেট করতে। কিন্তু তাও আরিভানের মন খারাপ। হঠাৎ কেউ পিছন থেকে আরিভানের চোখ দুটো চেপে ধরলো। গালে এসে পড়লো বিরাশি সিক্কার একটা থাপ্পড়। আরিভান দেখলো তার সামনে হাসিমুখে দাঁড়িয়ে কলেজ জীবনের দুই বন্ধু জেরাল্ড আর ক্যাথরিন। ''হতভাগা! কোন খোঁজখবর না দিয়ে তুই আমাদের ছেড়ে চলে এলি''? ক্যাথরিনের রিনরিনের গলা শেষ হতে না হতে জেরাল্ডের হেঁড়ে গলার বকুনি—''কোনো যোগাযোগের রাস্তাই তুই রাখলি না!'' এবার আবার পেছন থেকে হাসির আওয়াজে আরিভান পেছনে ঘুরে দেখতে পায় শারা আর অস্কারকে। আনন্দে আরিভানের চোখে জল চলে আসে। ''তোরা এখনও আমাকে ভুলিসনি!'' আরিভানের কথার উত্তর না দিয়ে শারা জিজ্ঞাসা করলো আরিভান কেন অক্সফোর্ড ছেড়ে ভারতে চলে এলো। আরিভান বললো ''আরে ভারতে নয়, আমি প্রফেসর অলিভার বেলের হঠাৎ আমন্ত্রণে এম.ফিল করতে কেমব্রিজ চলে যাই। মোবাইল ফোনটা তাড়াহুড়োয় হারিয়ে ফেলি। তাই যোগাযোগ ছিল না। এম ফিল করে ফিরে এসে তোদের

কোন খোঁজ পাইনি। শুনেছিলাম তোরা চাকরি নিয়ে আমেরিকা, ইংল্যাণ্ডে, ফ্রান্সে ছড়িয়ে পড়েছিস। তারপর অক্সফোর্ডে আবার ডি.ফিল শেষ করে ভারতে ফিরে আসি। কিন্তু তোরা কি করে আমার কথা জানলি?"

(৫)

জেরাল্ড আবার হেঁড়ে গলায় চেঁচিয়ে উঠলো—''এই উজবুকটা আর বদলালো না। শোন আরিভান, শারা একজন নামী ব্যারিষ্টার, অস্কার লণ্ডন ইম্পিরিয়াল কলেজে পড়ায়, ক্যাথরিন প্যাট ওয়েষ্ট ব্যাঙ্কের ম্যানেজার, আর আমি টাইমসের ক্রীড়া সাংবাদিক। ভারতে এসেছি ভারত-ইংল্যাণ্ড টি-টুয়েন্টি ক্রিকেট কভার করতে। আমাদের আমন্ত্রণ করেছে মন্দার। মন্দার আর আমার বাবা সহপাঠী, তোর পত্রিকার সার্কুলেশন যখন কুড়ি পঁচিশ তখন মন্দার তোকে পরামর্শ দিতো। আর মন্দারকে পরামর্শ দিতাম আমি। তোর ক্রিকেট মাঠের সবচেয়ে বড় শত্রু।"

অস্কার এবার জেরাল্ডকে থামিয়ে দিলো। ''এবার থাম। চল আমরাও আরিভানের সাফল্য সেলিব্রেট করি।"

সবাই মিলে হই-হই করে পিকনিকের কেন্দ্রস্থলে চললো। আরিভানের আনন্দাশ্রু, এখন একটু কমেছে। কিন্তু না— পেছন থেকে ভেসে এল ব্যারিটোন গলায় টিপ্পনি ''কিহে ছোকরা, আমাদের ভুলে গেছো নাকি!" পেছন না ফিরেও আরিভান টের পায় ডেক্লান চ্যাডউইকের উপস্থিতি। আরিভান হাসিমুখে ঘুরে দাঁড়িয়ে বলে, ''না স্যার, ভুলিনি। তবে আপনারা না আসায় আমার মন খুব খারাপ ছিল।" ''তাহলে তো ক্যালকুলাসের মতোই বলতে হয়, ''সব ভালো, যার শেষ ভালো।" ডায়ানা চ্যাডউইকও হাসছেন। চোখে জল এসে গেছে। জল লুকোতে লুকোতে আরিভান ওদের দুজনকে প্রণাম করলো।

**অরিত্র দত্ত**

শ্রেণি - দ্বাদশ

# মাধ্যমিকের ফল প্রকাশের দিন

মাধ্যমিক পরীক্ষা হল প্রত্যেক ছাত্রেরই জীবনের প্রথম বড়ো পরীক্ষা। পূর্বের সমস্ত পরীক্ষার থেকে এই পরীক্ষা সম্পূর্ণ আলাদা। এটি মধ্যশিক্ষা পর্ষদের নেওয়া প্রথম পরীক্ষা এবং এই পরীক্ষার কেন্দ্র হয় এলাকারই অন্য কোনো বিদ্যালয়। তাই পূর্বের অন্য সকল পরীক্ষার থেকে এই পরীক্ষায় সামান্য হলেও তুলনামূলকভাবে বেশি ভয়ের কারণ রয়েছে। এবং এই মাধ্যমিক পরীক্ষার প্রগতি পত্র একাদশ শ্রেণির বিষয় নির্বাচনে ও ভবিষ্যতে চাকরির ক্ষেত্রে বহু জায়গায় প্রয়োজন। তাই ভবিষ্যতে প্রতিষ্ঠিত হবার জন্য একজন ছাত্রের মাধ্যমিকে ভালো ফল করাটা আবশ্যিক।

আমি মাধ্যমিক ২০২৩ এর আড়িয়াদহ কালাচাঁদ উচ্চ বিদ্যালয়ের একজন পরীক্ষার্থী ছিলাম। অন্য বছরের মতো ২০২৩ এ আমাদের পরীক্ষা কেন্দ্র ছিল দক্ষিণেশ্বর উচ্চ বিদ্যালয় তথা বাংলা স্কুল। পরীক্ষা দেবার সময়ে আমাদের সঙ্গে ছিল বিদ্যালয়ের সমস্ত শিক্ষক-শিক্ষিকা ও মা-বাবার আশীর্বাদ ও শুভকামনা।

পরীক্ষার কিছুদিন পর জানা গেল যে মাধ্যমিক পরীক্ষার ফলাফল ঘোষণা হবে ১৯শে মে। এই কথা শোনামাত্রই মনের মধ্যে যেন একটা ভয় জেগে উঠল। অনেকে বলেছিল এবছর নাকি পাশের হার কম, আবার কেউ কেউ বলেছিল এবছর রেকর্ড পাশের হার। এগুলি নানারকম লোকের কাছ থেকে শুনতে শুনতে কিছুটা ভয় ও কিছুটা কৌতূহলের মধ্য দিয়ে দিনগুলি কেটে গেল। অবশেষে সেই দিনটি এল। ভয় ও কৌতূহলের সঙ্গে অন্যদিনের তুলনায় সেদিন যেন একটু তাড়াতাড়ি ঘুম ভাঙল। ঘুম থেকে উঠে বাড়ির অন্য সকল সদস্যের সঙ্গে আমিও ফলপ্রকাশের অপেক্ষা করতে লাগলাম। ঘড়িতে সকাল দশটা বাজল। এখনই ফল প্রকাশ শুরু হবে। প্রথমে পর্ষদ সভাপতির কিছু বক্তৃতা ও তারপর সত্যিই পাশের হার কত এবং ফার্স্ট ডিভিশনে হার কত তা জানলাম। এরপর পরীক্ষায় প্রথম থেকে দশম কারা হয়েছে তা শুনলাম। এগুলি শোনার পর যেন আমার ভয় ও কৌতূহল আরও বেড়ে গেল। দীর্ঘ অপেক্ষার পর ঘড়ির কাটার দুপুর বারোটা বাজল। এবার সকল পরীক্ষার্থীর ফল প্রকাশের সময়। সকল পরীক্ষার্থীর ফলাফল ওয়েবসাইটে জানানো হয়েছে। সেখান থেকে নিজের ফলাফলটা দেখলাম। ফলাফলটা দেখে কিছুটা আনন্দিত হলাম আবার মনে মনে নিজের উপর কিছুটা রাগও হল। এই রাগের একমাত্র কারণ হল চারটি বিষয়ে ৭০ শতাংশের বেশি নম্বর কিন্তু একটিতেও ৮০ শতাংশ নম্বর নেই। যাই হোক সবকিছুর মধ্য দিয়ে ফার্স্ট ডিভিশনে প্রায় ৭০ শতাংশ নম্বর নিয়ে উত্তীর্ণ হলাম। তারপর প্রগতিপত্র নেওয়ার জন্য বিদ্যালয়ে গেলাম এবং বিদ্যালয়ের থেকে প্রগতিপত্র নিয়ে আবার বাড়ি ফিরে গেলাম। এইভাবেই ভয়, কৌতূহল, নিজের উপর রাগ ও আনন্দের মধ্য দিয়ে আমার এই দিনটি কেটে গেল।

**অঙ্কিত কর্মকার**
শ্রেণি- একাদশ, বিভাগ-বাণিজ্য,

# দেশ সেবক গান্ধীজি

মোহনদাস করমচাঁদ গান্ধি ১৮৬৯ খ্রিস্টাব্দে ২রা অক্টোবর গুজরাটের পোর বন্দরে জন্মগ্রহণ করেন। তিনি যে গৃহে জন্মগ্রহণ করেছিলেন তাঁর নাম কীর্তি মন্দির। মহাত্মা গান্ধির পিতার নাম করমচাঁদ গান্ধি ও মাতার নাম পতলি বাঈ। গান্ধির বাবা করমচাঁদ গান্ধি বোম্বাই প্রেসিডেন্সি অন্তর্গত কাথিয়াওয়ার এরের দেওয়ান ছিলেন। ১৮৮৩ সালে মে মাসে যখন গান্ধীজির বয়স ১৩ বছর তখন তাঁর সাথে ১৪ বছর বয়সী কাস্তুরবা বাঈ-এর সাথে বিবাহ হয়। ১৮৮৪ খ্রিষ্টাব্দে গান্ধীজি উকালতি পড়ার উদ্দেশ্যে ইংল্যাণ্ডে যান। পরবর্তীকালে ১৮৯৩ খ্রিস্টাব্দে গান্ধির দাদা আবদুল্লাহ-এর একটি মোকদ্দমার জন্য ব্রিটেন থেকে দক্ষিণ আফ্রিকায় যান। সেখানে অবস্থানকারি ভারতীয় ও কৃষ্ণাঙ্গ জাতির ওপর শ্বেতাঙ্গ জাতি অত্যাচারের বিরুদ্ধে স্মরণ হন। এই উদ্দেশ্যে ১৮৮৪ খ্রিস্টাব্দে তিনি আফ্রিকায় নাটাল কংগ্রেস প্রতিষ্ঠা করেন। ১৮৯৯ খ্রিস্টাব্দে তিনি একটি অ্যাম্বুলেন্স ইউনিট চালু করেন। এরপর ১৯০৩ খ্রিস্টাব্দে Taranas Vaal British Indian Association, ১৯০৪ খ্রিস্টাব্দে ডারবানে ফোনেস্ক ফারাম, ১৯৯০ খ্রিস্টাব্দে জোহানেয়বার্গে স্টলস্টয় ফারাম প্রতিষ্ঠা করে। ১৯০৭ খ্রিস্টাব্দে তিনি আফ্রিকায় নাটাল সত্যাগ্রহও চালু করেন। ১৯০৩ খ্রিস্টাব্দে Indian Opinion নামে একটি পত্রিকা প্রকাশ করেন। ১৯০৮ খ্রিস্টাব্দে গান্ধীজি দক্ষিণ আফ্রিকায় তাঁর জীবনের প্রথমবার পুলিশের কাছে গ্রেপ্তার হন। ১৯১৫ সালে ৯ জানুয়ারি ভারতে ফিরে আসেন গান্ধীজি এই দিনটিকে প্রবাসী ভারতীয় দিবস নামে পরিচিত। ১৯০৯ খ্রিস্টাব্দে প্রকাশিত হিন্দ স্বরাজ নামের একটি রচনায় গান্ধীজি তাঁর স্বরাজ বিষয়ক সামাজিক আদর্শগুলিকে স্পষ্ট করে বিশ্লেষণ করেছিলেন।

ভারতে গান্ধীজি আসার পর প্রথম দু-বছর কোনো আন্দোলন অংশগ্রহণ করেননি। এর পর ১৯১৭ খ্রিস্টাব্দে বিহারে কৃষক আন্দোলন ভাবে চম্পারন সত্যাগ্রহ আন্দোলন করেছিলেন। এর ঠিক পরের বছর আমেদাবাদ শ্রমিক আন্দোলন এবং খেদা সত্যাগ্রহ করেছিলেন। ১৯১৯ খ্রিস্টাব্দে তিনি প্রথম সর্বভারতীয় ভাবে রাওলাট সত্যাগ্রহ, খিলাফৎ আন্দোলন করেছিলেন। ঠিক তার পরের বছর, ১৯২০ খ্রিস্টাব্দে তিনি অহিংস অসহযোগ আন্দোলন সূচনা করেছিলেন। কিন্তু দুর্ভাগ্যবশত ১৯২২ খ্রিস্টাব্দে ৫ ফেব্রুয়ারি মাসে উত্তরপ্রদেশে গোরক্ষপুর জেলার চৌরিচৌরার ঘটনার জন্য গান্ধীজি অসহযোগ আন্দোলন তুলে নেন। প্রসঙ্গত উল্লেখ যে গান্ধীজি খিলাফৎ আন্দোলন জন্য দক্ষিণ আফ্রিকায় আন্দোলন থেকে প্রাপ্ত গায়িজা-ই হিন্দ উপাধি ত্যাগ করেন। অসহযোগ আন্দোলন শেষ হওয়ার সঙ্গে সঙ্গে দ্বিতীয় বার গান্ধীজিকে গ্রেপ্তার করা হয়। এরপর ১৯২৪ খ্রিস্টাব্দে তিনি জাতীয় কংগ্রেসে বেলেগাঁও (কর্ণাটক) অধিবেশনে সভাপতিত্ব করেন। ১৯৩০ খ্রিস্টাব্দে ৬ মার্চ ৭৮ জন অনুগামী নিয়ে গুজরাটে সবরমতি আশ্রম থেকে ডাণ্ডি উদ্দেশ্যে পদযাত্রা করেন এবং ৬ এপ্রিল ডাণ্ডিতে নিজের হাতে লবণ তৈরি করে লবণ আইন ভঙ্গ করেন। এটি লবণ সত্যাগ্রহ নামে পরিচিত। এর মধ্যে দিয়ে অন্তর্গত ভারতে আইন অমান্য

আন্দোলনের সূচনা হয়। ১৯৩১ খ্রিস্টাব্দে লণ্ডনে দ্বিতীয় গোলটেবিল বৈঠকে তিনি অংশগ্রহণ করে। এর ঠিক একই বছরে ৫ মার্চ তৎকালীন ভাইসরয় লর্ড আরউইন এর সাথে গান্ধীজি একটি চুক্তি করেন যা গান্ধী আরউইন চুক্তি নামে পরিচিত। এই চুক্তির পরেই ১৯৩২ খ্রিস্টাব্দে গান্ধীজিকে গ্রেপ্তার করা হয়। এই বছরেই র‍্যামেস ম্যাকডোনল্ড সাম্প্রদায়িক বাটোয়ারা নাতি ঘোষণা করেন। এই নীতি অনুসারে তপসীলিজাতিদের জন্য আলাদা নির্বাচনের ব্যবস্থা করা হয়। এই তপসীলিজাতির প্রধান নেতা ডঃ বি.আর. আমবেদকর। এই নীতির বিরুদ্ধে গান্ধীজি জেলে বসে ২১ দিদন অনশন বা খাদ্যগ্রহণ করেননি। অবশেষে মদনমোহন মালব্যর সহযোগিতায় ডঃ বি. আর. আমবেদকর ও গান্ধীজির মধ্যে পুনা চুক্তি সাক্ষরিত হয়। এই চুক্তি অনুযায়ী একটি সাধারণ নির্বাচনের কথা বলা যেখানে ১৪৭টি আসন তপসীলিজাতিদের জন্য সংরক্ষণ হয়। ১৯৩৩ খ্রিস্টাব্দে আনুষ্ঠানিকভাবে আইন অমান্য আন্দোলনের সমাপ্তি হয়।

১৯৩৯ সালে ত্রিপুরী অধিবেশনে সুভাষচন্দ্র ও গান্ধীজির অনুমদিত প্রার্থী পটভি সীতারামাইয়া মধ্যে সভাপতি নির্বাচন হয়। যেখানে সুভাষচন্দ্র বসু ১৫৪০ টি ভোট পটভি সীতারামাইয়া ১৩৭৭টি ভোট ২০৩টি ভোট জয়ী হয়ে সুভাষচন্দ্র বসু সভাপতি হয়, কিন্তু গান্ধীজির অসম্মতিতে সুভাষচন্দ্র বসু কংগ্রেস ত্যাগ করেন। গান্ধীজি খিলাফৎ আন্দোলনের রেশ ধরেই ১৯২১ খ্রিস্টাব্দের জানুয়ারি মাসে অহিংস অসহযোগ আন্দোলনের ডাক দেওয়া হয়। ১৯২৭ খ্রিস্টাব্দে নভেম্বর মাসে ঔপনিবেশিক সরকার ভারতীয়দের সাংবিধানিক অধিকার খতিয়ে দেখার জন্য একটি কমিশন তৈরি করে গান্ধীজি। ১৯২৯ খ্রিস্টাব্দে গান্ধির নেতৃত্বে কংগ্রেস পূর্ণ স্বরাজ অর্জনের কথা ঘোষণা করে। ১৯৪২ সালে ক্রিপশ মিশন ভারতে আসেন এই ক্রিপশ মিশনের সভাপতি ছিলেন। স্যার স্ট্যার্পোট ক্রিপশ এই মিশনের নীতিগুলি শর্ত সাপেক্ষ কংগ্রেস মেনে নিলেও র্চাচলি এই মিশন বন্ধ করে দেয়। এর বিরোধিতায় ১৯৪২ খ্রিস্টাব্দে ৮ আগস্ট ভারত ছাড়ো আন্দোলনের ডাক দেয়। এই আন্দোলনে গান্ধীজি একটি শ্লোগান বলেন 'DO OR DIE' বা 'করেঙ্গে ইয়া মরেঙ্গে'। ৯ আগস্ট ১৯৪২ সালে ভারত ছাড়ো আন্দোলন সার্বজনীন ভাবে শুরু হয়। ১৯৪২ সালে এই আন্দোলনের পাশাপাশি বলেছিলেন বিট্রিশরা ভারত ছেড়ে চলে যাক, তারপর যে পরিস্থিতিই হোক তার দায়িত্ব আমি নিজে নেবো। ১৯৪৮ খ্রিস্টাব্দে ৩০ জানুয়ারি মাসে গান্ধীজি বোম্বাইয়ের বিড়লা হাউস থেকে বেড়েছিলেন তখন নাথুরাম গডসের হাতের আগ্নেয়াস্ত্রগুলির আঘাত পায় গান্ধীজি সেই দিনকেই অর্থাৎ, ১৯৪৮ খ্রিস্টাব্দে ৩০ জানুয়ারি মাসে মোহনদাস করমচাঁদ গান্ধী পরলোকগমন করেন।

**প্রীতম ভুক্ত**
শ্রেণি- অষ্টম

# রাত ১১টার সেই মহিলা

শীতের সময় ট্রেন হু হু করে ছুটে চলেছে। চারিদিকে নিস্তব্ধ শুধু রেলগাড়ির হর্ণ-এর শব্দ শোনা যাচ্ছে। ট্রেনটি অন্ধকারকে ভেদ করে ছুটে চলেছে। তখন রাত ১০টা বাজবে। সবাই কখন চাদর নিয়ে ঘুমিয়ে পড়েছে আমি তা টের পাইনি। তখন ট্রেন একটি স্টেশনে এসে দাঁড়াল। কিন্তু ট্রেনটির সেখানের দাঁড়াবার কথা ছিল না। চারিদিকে কুয়াশার ফলে আমি স্টেশনের নাম দেখতে পারলাম না। তখন একটি হকার চা বিক্রি করতে আসছিল। আমি পকেট থেকে ১০ টাকা বার করে তাকে ডাকলাম। তখন সে কাছে এসে বলল 'এই জায়গা ভালো না আপনি চলে যান এখান থেকে'। আমি একটু থেকে বললাম 'কী সব আজে বাজে কথা বলছেন আপনি চা দিয়ে যান'। সে কিছু না বলে চলে গেল। আমি তারপর জানলা খুলে দেখলাম সেই জনবসতিহীন স্টেশন থেকে ট্রেন ছাড়েনি। তারপর ঘড়িতে দেখলাম রাত ১১টা। তারপর আমি ট্রেনের দরজার সামনে এসে দাঁড়ালাম। দেখলাম ফোনে চার্জ ছিল না একদম। নিজের সিটে ফিরে আসতে গিয়ে দেখলাম আমার সিটে এক চুলখোলা মহিলা বসেছিল। তারপর আমি তাকে ডাকতে যাবো তখনই আমাকে আমার নাম ধরে ডাকল। আমি পেছনে তাকিয়ে যেই ঘুরে তাকালাম আমি অবাক! তখন আর সিটে কেউ ছিল না। আমি সিটে বসে ডান দিকে তাকালাম আমার শরীর অবশ হয়ে গেলো। সেই মহিলা আমার দিকে তাকিয়ে হাসছিল। আমি গায়ে একটু জোর করে ছুটে গিয়ে দরজার কাছে এসে দাঁড়ালাম। ট্রেন তখন স্টেশন ছেড়ে নিজের গতি বাড়িয়ে ছুটে চলেছে। আমার মনে হলো কেউ আমাকে ধাক্কা দিলো পেছন থেকে তারপর আমার আর কিছু মনে নেই। যখন আমার চোখ খুলল শরীরে খুব ব্যথা। অনেক মানুষ আমাকে ঘিরে দাঁড়িয়েছিল। তখন তাদের মধ্যে দিয়ে বয়স্ক একজন মানুষ এসে বলল, 'তুমি বেঁচে গেছো সেই মহিলার কবল থেকে। সে সেই স্টেশন এ থাকে অনেক মানুষের ক্ষতি করেছে সে'। তারপর আমি বাড়ি ফিরলাম টানা আমার পাঁচ দিন জ্বর ছিল। আজও আমার সেই দিনের কথা মনে পড়লে আমার গা শিউরে ওঠে।

**পবন কুমার চৌধুরী**
শ্রেণি- ষষ্ঠ

# ভালোবাসা প্রাণের নয়, মাংসের

এক গ্রামে রামু ছাগলের জন্ম, সে জানত না তার মা, বাবা কে? সে ছোট থেকে বন্ধুদের সাথে খেলে বেড়িয়েছে। তার দেহের বর্ণনা —রামুকে দেখতে সাদা, তার উপর কালো দাগ কোথাও, কোথাও তার বয়স প্রায় পাঁচ বছরের কাছাকাছি। একদিন সে নিজের বন্ধুদের সঙ্গে তালপুকুর মাঠে খেলছিল। ঠিক সেই সময় তিনটে লোক মাঠে এসে সমস্ত ছাগলকে তুলে নিয়ে চলল, গাড়ি করে। রামু ভাবল আমরা এ কথায় চললাম। কিছুক্ষণ পর গাড়ি থামলও একটি মাংস কাটার দোকানের সামনে। রামু ও  অন্যান্য ছাগল বন্ধুরা দেখার মাত্রই চিৎকার করে উঠেছে। সবাই বলছে, 'এ আমাদের কোথায় নিয়ে আসা হয়েছে', কিন্তু ছাগলের কথা কেবা বোঝে শুধু ঈশ্বর। আমাদের মাংস কাটার দোকানের পাশে গলায় দড়ি পরিয়ে রাখা হল, হঠাৎ আমার এক বন্ধু চিৎকার করে উঠল সে বলল 'আমায় ছেড়ে দাও আমি কী করলাম'? তারপর তার মস্তক কেটে, গায়ের ছাল ছিড়ে, মাংসের দোকানে ঝোলানো হল তার দেহ থেকে রক্ত পড়ছে টুপ টুপ করে। দোকানের সামনে দাঁড়ানো লোকেরা কেউ ৫০০ গ্রাম কেউ ১ কেজি আমার বন্ধুর মাংস চাইছে। আমি মনে মনে ঈশ্বরকে বললাম যে এই মানুষেরা এত নিষ্ঠুর কেন? এরা একটা প্রাণ কেড়ে নিজ স্বাস্থ্য, মন ভালো রাখছে। হঠাৎ আর একটি ছাগলের ডাক শোনা গেল বোধ হয় তাকেও মারা হবে, এমন চললে আমিও আমার বন্ধুরা আর এই সুন্দরময় পৃথিবীকে উপভোগ করতে পারব না। হে ঈশ্বর তুমি আমার জন্মদাতা, রক্ষা কর এই বিপদ থেকে, তারপর সময় এল রামু ছাগলের সে আর্তনাদ করে উঠল 'ছেড়ে দাও, ছেড়ে দাও আমায়'। আমার গলার টুটি কাটা হল 'কী যন্ত্রণা' তারপর আমার অবস্থা হল বাকি বন্ধুদের মতো, আমি দেখি একটি মোটা লোক ৫ কেজি আমার মাংস কিনে নিয়ে গেল বাড়িতে ও দুপুরে মাংসের ঝোল আলু ও ভাত দিয়ে খাচ্ছে। আমি জানি খাবারটি সুস্বাদু হলেও সেখানে আমার প্রাণটি ছিল। সেই মানুষটি জন্তু বা জানোয়ারের চেয়ে কম যায় না। দিনের পর দিন কতই না ছাগল কাটা হল তা সম্বন্ধে কারোর ধারণা নেই কারণ তারা নিজ মন ও পেট ভরতে ব্যস্ত।

একটি ছাগলকে বড়ো হতে কমপক্ষে ৬ থেকে ৭ বছরের বেশি সময় লাগে, ও তাকে হত্যা করতে বোধ হয় ১ মিনিটও না।

ঈশ্বর মানুষকে সৃষ্টি করেছেন, সর্বভোজী হিসেবে, তবু মানুষ শাকসবজি খেয়ে বাঁচতে পারে, তবুও অধিক পরিমানে প্রাণী হত্যা কেন করা হয়? ঈশ্বর, এদের বোধোদয় হোক।

**সায়ক বসু**

শ্রেণি- দ্বাদশ, বিভাগ-কলা

# একটি অদ্ভুত অভিজ্ঞতা

'ভূত', এই শব্দটির অর্থ হল অতীত। অর্থাৎ অতীতে ঘটে যাওয়া ঘটনাকেই আমরা 'ভূত' বলি। কিন্তু এই 'ভূত' শব্দটির আরও একটি অর্থ আমরা জানি 'প্রেতাত্মা', কিন্তু এর বৈজ্ঞানিক কোনো ব্যাখ্যা নেই। কারও কারও মতে এই 'প্রেতাত্মা' হল এক অশুভ শক্তি যা মানুষের ক্ষতি করার চেষ্টা করে। আবার কেউ কেউ বলেন সবই মানুষের মনের ভুল। তবে কিছু কিছু ঘটনা প্রায় প্রত্যেকেরই সঙ্গে জীবনে দু-একবার ঘটে যা তাদের ভূতে বিশ্বাস করতে বাধ্য করে।

তখন ২০১৩ সাল, আমার বয়স তখন ৬ বছর। বাবা-মা এবং পিসি-পিসেমশাইদের সঙ্গে আমি দেওঘর ঘুরতে গেলাম। আমরা বাড়ি থেকে রওনা হলাম ২৩ শে জানুয়ারি সন্ধ্যাবেলা। সেদিন রাতে কলকাতা স্টেশন থেকে ছিল আমাদের ট্রেন এবং সেই ট্রেনে চড়ে পরদিন সকালে আমরা দেওঘর পৌঁছালাম। শীতের সকাল, তাই চারিদিক কুয়াশায় ঢাকা ছিল। স্টেশন থেকে অটোরিকশায় চেপে একটি আবাসনের সামনে নামলাম। নেমে তার ভিতরে প্রবেশ করলাম। আমরা সেখানে যে ঘরটি নিলাম তার পিছনের জানালা দিয়ে দেখা যাচ্ছিল এক অপরূপ দৃশ্য। সেদিন আমরা আশেপাশের জায়গাগুলি ঘুরে দেখলাম। সকাল থেকে আমাদের খুব পরিশ্রম হয়েছিল। তাই আমরা সকলেই খুব ক্লান্ত ছিলাম। তাই এই ক্লান্তিতে তাড়াতাড়ি ঘুমিয়ে পড়ার কথা, কিন্তু না, আমার, বাবার এবং মায়ের কারোই চোখে ঘুম নেই। বিছানায় শোবার পর যেন মনে হল আমরা তিনজন ছাড়াও চতুর্থ কোনো ব্যক্তি ওই বিছানায় শুয়ে আছে। কিন্তু তাকিয়ে দেখি যে, কেউ নেই। আবার অন্যদিকে ঘুরলেই মনে হতো যেন চতুর্থ কোনো ব্যক্তি ওই ঘরে আছে। কিন্তু আবার তাকিয়ে দেখি যে, কেউ নেই। এই ঘটনায় আমরা খুবই ভয় পেয়ে গেলাম। ধীরে ধীরে সেই জানুয়ারি মাসের শীতের রাতে আমাদের গায়ের থেকে ঘাম বেরোতে লাগল। তারপর মনকে শক্ত করে আমরা সেখান থেকে বেরিয়ে অন্য একটি ঘরে গিয়ে রাতটা কাটালাম। পরদিন সকালে আমরা সেই ঘর ছেড়ে অন্য একটি ঘরে গিয়ে রাতটা কাটালাম। পরদিন সকালে আমরা সেই ঘর ছেড়ে অন্য একটি ঘরে বাকি দিনগুলি ছিলাম। সেই ঘর ছাড়ার পর দেখলাম অন্য একটি পরিবার সেই ঘরটি ভাড়া নিল। কিন্তু আশ্চর্য, আমাদের মতো তারাও একরাত কাটানোর পর ওই ঘর ছেড়ে দিয়েছিল। সেই ঘরে কী ছিল এই নিয়ে রয়ে গেছে আজও আমাদের মনে এক প্রশ্ন। এই প্রশ্নের উত্তর এখনো পাওয়া যায়নি। হয়তো, আর কখনো এই প্রশ্নের উত্তর পাওয়া যাবে না।

আমরা একটি বাংলা প্রবাদ শুনেছি, ''বিশ্বাসে মিলায় বস্তু, তর্কে বহুদূর।'' হয়তো সেই ঘরে সত্যিই কোনো প্রেতাত্মা ছিল। আবার তখনও হতে পারে সম্পূর্ণটাই আমাদের মনের ভুল। কিন্তু আমাদের যদি মনের ভুল হয়, তবে অন্য যে পরিবারটি একরাত সেই ঘরে ছিল। একরাত পর তারাও সেই ঘর ছেড়ে অন্য ঘরে চলে গেল কেন? সুতরাং এই ঘটনা নিয়ে চর্চা করলে এরকমই অনেক প্রশ্ন মনের মধ্যে তৈরি হবে। কিন্তু এর সঠিক উত্তর কোনোদিনই পাওয়া যাবে না।

**অঙ্কিত কর্মকার**
শ্রেণি- একাদশ, বিভাগ-বাণিজ্য

# এক রাত্রি

ক্রিং ক্রিং, ক্রিং ক্রি ...ফোনটা বেজে উঠল সোহমের। ফোনটা তুলে 'হ্যালো' বলতেই ওপর থেকে ভেসে এল একটা চাপা স্বর।

সোহম? হ্যাঁ, বলছি, কে আপনি?

হয়ত আমাকে চিনবে না। তবে?

তোমার ভালোর জন্য বলা, কাল রাত ঠিক বারোটা বা সাড়ে বারোটার সময় কালিতলা মন্দিরের পিছনের মাঠে একা চলে এসো। চালাকি চলবে না, কাউকে এ কথা বোলো না। আমার কিন্তু তোমার উপর সব সময় নজর রয়েছে। আমার কথার অবাধ্য হলে ফলটা ভালো হবে না।
—দূর মশকরা হচ্ছে, এটা হুমকি নাকি?

ধরো তাই, কাল সে রাত বারোটায়, মন্দিরে, চলে এসো, রাখছি।

—ধ্যাৎ, রাতুলের মায়ের সাথে এমন একবার হয়েছিল এই ভুয়ো কোন, সোহমের মাথাটা গেল বিগড়ে। সাহসী হলেও ভয় করতে লাগল সোহমের অর্থাৎ সোহমের ভয় লেগেছিল সেই ফোনটাতে। যতই হোক সে হলো সোহম হালদার, কলকাতার আলোমপুর হাইস্কুলে সপ্তম শ্রেণীর ছাত্র ও এখন সেখানেই হস্টেলে থেকে পড়াশোনা করে। একা থাকে তাই একটা ভয় সবসময় তার মধ্যে কাজ করে। তার বাড়ি চুঁচুড়ায় পড়াশোনাতে সে প্রথম বা দ্বিতীয় হয় তা নয়, এক থেকে কুড়ির মধ্যে থাকে, সে ফুটবলে ভীষণ ভালো তা বলতেই হয়। হঠাৎ সে ভাবল, ফোনটা কি গুণ্ডাদের? সোহম ভাবল একবার বন্ধুদের বলে দেখবে, তারপরই ভয় জন্মাল, বলেছে তো তাদের নজর আছে। আবার একা একা চুপিচুপি সেখানে যাওয়া কি ঠিক হবে, যদি আমার ক্ষতি করে দেয়, এত রাতে। সারা রাত সোহম ঘুমোল না, ভোরের দিকে চোখ লাগতেই সে স্বপ্নও দেখল যে কয়েকজন গুণ্ডা তাকে মারছে, ঘুমটা ভেঙে গেল। স্কুলে গিয়েও পড়ায় মন বসল না, তার বুকটা টিপটিপ করতে লাগল।

টিফিনের সময় তার বন্ধুকে ডেকে সে ঘটনাটা বলল, কিন্তু তার বন্ধু প্রিয়ম তাকে জানালো নিশ্চয় কেউ তার সঙ্গে মজা করেছে, তাও যখন বলছে একবার সাহস করে যা, তোর কিছু হবে না। হঠাৎ টিফিন শেষ হতেই সোহমের মাথায় কোথা থেকে একটা মোড়ক এসে লাগল। আস্তে আস্তে সেটাকে সোহম খুলতে লাগল। তাতে লেখা।—বড় যে প্রিয়মকে বলা হয়েছে, চালাকি? ঘুচিয়ে দেবো, একা আজ বারোটায় কালীতলা মন্দির, মনে থাকবে? স্কুল ছুটি হয়ে গেল। যত রাত বাড়ল সোহমের অবস্থা আরও নাজেহাল হতে থাকল।

ঘড়িতে যখন সাড়ে এগারোটা বাজল, কী করে? কী করে? সে সিদ্ধান্ত নিল যাওয়াই যাক, আস্তে আস্তে হস্টেলের পাঁচিল টপকে সে বেরিয়ে পড়ল। যেতে যেতে তার ছোটোবেলার স্মৃতি ভেসে উঠল, শুধু তার মায়ের মুখটা খুব মনে পড়ছিল। তাও সে পৌঁছাল মন্দিরে। মন্দিরে অন্ধকার উঠানে পা দিতেই তার মুখটা পেছন থেকে কে যেন চেপে ধরল আর অন্য একজন তার চোখ বেঁধে দিল।

সোহম চেঁচাতে চাইল কিন্তু পারল না। তাকে অন্য দিকে টেনে নিয়ে গিয়ে তার মুখটা ছেড়ে দিল, চোখের বাঁধাটা ও আলগা করে দিল। চোখটা খুলে দেখে সামনে টেবিলে কেক সাজানো, তার চারিপাশে মোমবাতি আর টেবিলের চারপাশে দাঁড়িয়ে আছে বাবলু, রঞ্জন, রোদ, রকি আর সোহমের পেছনে যার চোখ মুখ বেঁধেছিল, ভবতোষ আর স্বয়ং প্রিয়ম। সকলে হাত তালি দিতে দিতে গাইল, 'হ্যাপি বার্থডে টু ইউ ডিয়ার সোহম'।

সোহমের হাতে প্রিয়ম কেক কাটার ছুরি ধরিয়ে দিল। তখনও সোহম ফ্যালফ্যাল করে বোকার মতো চেয়ে।

প্রিয়ম মনে করিয়ে দিল বোকা তুই নিজের জন্মদিনটাও ভুলে গেলি, কেকটা এবার কাট।

এতক্ষণ চেপে রাখা কান্না সোহমের চোখ দিয়ে গড়িয়ে পড়ল। জড়িয়ে ধরল সে প্রিয়মকে। হয়তো সোহমের এই জন্মদিনটা সারা জীবন মনে থাকবে।

**সুরজিৎ জানা**
শ্রেণি- দশম

# মাসান ভূত

আমি যখন ক্লাস নাইনের ছাত্র তখন আমি আমার ঠাকুমার সাথে পিসির বাড়িতে যাই। সেখানে আমার পিসির কাকা-শ্বশুর-এর সাথে আমার বেশ ভাব জমে। সেই দাদুর সঙ্গে নানান বিষয়ে গল্প করতে করতে আমার ভূত-পাগলামো দাদুকে ভূতের ঘটনা বলতে বাধ্য করলো। দাদুকে সেই কথা বলাতে তিনি আমাকে মাসান ভূত নিয়ে কিছু কথা বলেন, এবং তাঁর সঙ্গে ঘটে যাওয়া একটি সত্যি ভৌতিক ঘটনা বলেন। মূল ঘটনায় যাওয়ার আগে আপনাদের মাসান ভূত বা মাসানের সম্পর্কে একটু বিস্তারিত ভাবে জানিয়ে রাখি। মাসান হলো এক ধরনের শক্তি যা সেই সুদূর অতীত থেকে বর্তমান কাল এবং সুদূর ভবিষ্যতেও বিরাজমান। মাসান দেখতে আলকাতরার ন্যায় কালো, চোখ দুটো যেন লাল শিখায় প্রজ্জ্বলিত কোনো জ্বলন্ত কুঠরি, আকৃতিতে মাসান ছ-ফুটেরও বেশি, হাতগুলি অস্বাভাবিক লম্বা। এবার আসছি দাদুর ভাষায় মূল ঘটনায়। আমার বয়স যখন সতেরো কি আঠেরো এ-ঘটনা তখনকার। তখন স্বাধীনতা কেবল এসেছে। গ্রামে গ্রামে তখন বাংলাদেশি ভাইদের নতুন বাড়ি ঘর তৈরী করা কিংবা বাংলাদেশ থেকে তাদের আত্মীয়দের আনা—এগুলো লেগেই আছে। আমি তখন সবে মাত্র উচ্চ বিদ্যালয় পাশ করে বসে আছি। তখন বর্ষাকাল। দিনে-রাতে শুধু বৃষ্টি আর বৃষ্টি। রাত হলো মানেই চারিদিকে ঘন ঘুটঘুটে অন্ধকার। এরকমই একদিন বর্ষার বিকেলে আমি বাড়িতে বসে আছি। এমন সময় আমার বাড়ির পাশের নতুন বাংলাদেশি বন্ধু মনসুর বলল—ভাই চলনা আজ বিকেলে মাছ ধরতে যাব। আমি তখন বলি—বিকালের আর কতক্ষণ আছে, যা গিয়ে তাহলে জাল নিয়ে আয়। আমিও কিছু দিন ধরে মাছ ধরতে যাওয়ার কথা ভাবছিলাম। কিন্তু সঙ্গে কোনো সাথি না থাকায় নদীতে একা যাওয়ার সাহস হয়নি। বেশ কয়েকদিন ধরে নদীতে নাকি মাসান দেখা যাচ্ছে। রাত-বিরেতে কেউ নদীতে একা গেলে তাকে তার ফিরে আসতে হচ্ছে না। মাসান তাকে নদীর জলে টেনে নিচ্ছে। কিন্তু তখন বয়স কম হওয়ার জন্য এসবের তোয়াক্কা করতাম না। এসমস্ত বিষয় চিন্তা করতে করতে মনসুর জাল নিয়ে চলে আসে। আমি মনসুরকে বলি— কি হে ভায়া ভয় করতেছে নাকি তোমার? মনসুর প্রত্যুত্তরে বলে—ভয়! সে আবার কী? যেহেতু দুজনেই তখন যুবক তাই তখন আর তেমন ভয় লাগলো না। কথাবার্তার মধ্যে যখন আমরা নদীতে পৌঁছোই তখন বেলা যাব যাব অবস্থা। এমনিতেই আকাশ ঘন অন্ধকার হয়ে এসেছে। কখন যে সন্ধ্যা হয়ে রাত হয়ে যাবে বুঝতেও পারবো না আকাশে মেঘের কারণে। আমি তাকে বলি—সে যদি কিছু অপার্থিব কিছু দৃশ্য দেখে থাকে তখন যেন আমাকে বলে দেয় এবং আমার দুজনে তখন দৌড়ে পালাবো। এসব ঠিক ঠাক করে আমরা জাল নিয়ে জলে নামি, ও যায় সামনে এবং আমি পেছনে। দু-তিন বার মাছ বেশ ভালোই ওঠে। তারপর যখন আমরা জলে আরও একটুখানি নামি তখন একটা সমস্যা শুরু হয়।

আর একটু গভীর জলে নামার পর আমি অনুভব করি যে, আমার পেছনের দিকের জলটা কেমন জানি গরম হচ্ছে। যেন কেউ গরু, মহিষকে স্নান করাচ্ছে। যেহেতু আমি আমাদের গরুগুলোকে স্নান করাতাম তাই আমি গরমটা বুঝতে পারছিলাম। আমি পিছনে তাকাই দেখি পিছনে ঘুটঘুটে অন্ধকার ছাড়া আর কিছুই নেই। হঠাৎ মনসুর বলে ওঠে—ভায়া ওদিকে দেখছিস, ওটা কী? আমি মনসুরের ইঙ্গিতে ওই দিকে তাকাই। দেখি ওদিকে একজন লম্বা মানুষ দাঁড়িয়ে। তার গায়ের রং এতটাই কালো যে তাকে চেনার উপায় নেই। আমি মনসুরকে বলি—হবে হয়তো কোনো মানুষ, আমাদের মাছ ধরা দেখছে হয়তো। মনসুর বলল—ওইটা মানুষ হইলে অমন চোখ কেন, ভায়া আমার না ভয় করতেছে, চল আজ অনেক মাছ ধরেছি। আমি তাকে বললাম মানুষের চোখ ওটা, অন্ধকারে অমন দেখাচ্ছে। মনসুর আমার কথায় কান না দিয়ে ডাঙায় পা দিয়েছে। তাকে দেখে আমিও উঠলাম। পিছনে তাকিয়ে দেখি লোকটা আর নেই। অবাক আর বিস্মিত হয়ে আমরা বলে উঠি—কোথায় গেল লোকটা! কারণ গ্রামে যাওয়ার পথ ওই একটাই, উল্টো দিকে জঙ্গলে ভর্তি রাস্তা। মনসুর হঠাৎ করে বলে ওঠে—ভায়া ওইটা কে? আমি চেয়ে দেখি। শিরদাঁড়া বেয়ে ঠাণ্ডা স্রোত নামার মতো আমার একটা অনুভূতি হলো। আমি দেখলাম ছয়-সাত ফুট লম্বা কালো অবয়ব যার চোখ কেমন জানি উজ্জ্বল, আর সে আমাদের দিকেই আসছে। আমরা তো এই দেখে পড়ি কি মরি করে দৌড় লাগাই, আমি আগে মনসুর পেছনে। আমি মনসুরের চিৎকার শুনতে পাই। পেছন ঘুরে দেখি সেই অবয়ব মনসুরকে পেছন দিকে টেনে নিয়ে যাচ্ছে। আমি কী করবো বুঝতে না পেরে অজ্ঞান হয়ে যাই। জ্ঞান ফেরে গ্রামের লোকের সামনে, গ্রামের লোকেদের ডাকে। গ্রামের লোকেদের মধ্যে মনসুর দাঁড়িয়ে আছে। আমি উঠে তাকে বলি—ভায়া ঠিক আছো তো? সে বলে যে তার তো কিছুই হয়নি। আমি তাকে বললাম যে—কতক্ষণ আমি অজ্ঞান ছিলাম। মনসুর বলল—গ্রামের লোকে নাকি এখানে এসে আমাকে এরকম অবস্থায় পেয়েছে। গ্রামে সেই কথা ছড়িয়ে যায় এবং মনসুর সেখানে আসে। আমি তখনও বুঝতে পারছি না আমি জ্ঞান ফিরে পেয়েছি নাকি অজ্ঞানই রয়েছি। আমি হতভম্ব হয়ে পড়ি। কারণ মনসুর যদি আমার সাথে না আসে তবে কে নিয়ে গিয়েছিল আমাকে তার সাথে? আমি মনসুরকে জিজ্ঞাসা করি—মনসুর তুই মাছ ধরতে আমার সাথে আসিস নাই? মনসুর শুধু একটাই উত্তর দেয়—না!

**ঋষভ পাল**

শ্রেণি- দ্বাদশ, বিভাগ-বিজ্ঞান

# অপেক্ষা

গোঁ গোঁ শব্দে মুঠোফোনটা যখন কেঁপে উঠল হৈমন্তী তখন তার খাট-এ ঘুমোচ্ছিল। শনিবার রাত ন-টার পরে, কিছু বিশেষ নাম্বার ছাড়া বেশিরভাগ ফোন বিরক্তিকর। রবিবার-সহ সপ্তাহের বাকি দিনগুলি হৈমন্তীর কাটে যথেষ্ট চাপে, তাই শনিবার সন্ধ্যে ও রাতটা আরাম আয়েশেই কাটাতে চায় সে।

স্ক্রিনে ভেসে ওঠা নাম্বারটা দেখে খুশি না হলেও বিরক্ত হল না। কিন্তু এই সময় কী স্টেফানির ফোন খুব কাঙ্ক্ষিত?

''ব্যস্ত আছ হৈমদি?''

হৈম খুব বিরক্ত হল কিন্তু বলল—''না না, বল''।

মোবাইলের উল্টো দিক দিয়ে উত্তর এল—''আচ্ছা আমি আসছি তোমার ঘরে''।

মনে মনে না চাইতেও হৈমন্তী বলল—''আচ্ছা আয়''।

বাথরুমে গিয়ে চোখে-মুখে জল দিল সে। দাঁড়িয়ে দাঁড়িয়ে ভাবল, এই সময় ওর আসার কী এমন দরকার পড়ল?

কিছুক্ষণ পরে ডোরবেল বেজে উঠল। দরজা খুলতেই চোখে পড়ল স্টেফানি-র মুখ। আজও তার মুখ ব্যতিক্রমি নয়। সারাক্ষণের ঠোঁটের হাসিটা আজও রয়েছে। মাথার বড়ো চুল খোঁপা করে বাঁধা। ঘরে ঢুকে হাতে ঝোলানো ব্যাগ থেকে দুটি ছবি বের করলো।

''তাহলে হোমওয়ার্ক-টা বুঝি, টিচার-কে দেখানো হচ্ছে''।

খিল খিল করে হেসে উঠল স্টেফানি। সে বরাবরই দিলখোলা প্রকৃতির। এই হাসিতে তাই আরও সুন্দর দেখাল তাকে।

''দেখতো কেমন হয়েছে আঁকাগুলো''—এই বলে দুটি আঁকা ছবি সে বাড়াল হৈমন্তীর দিকে। এই আঁকার সুপারিশ হৈমন্তীই করেছিল প্রথম। সামনেই স্টেফানি ও স্বপ্ননীলের বিয়ে তাই বিয়ের দিন যেন স্টেফানি তার আঁকা একটি ছবি স্বপ্ননীল-কে গিফ্ট করে।

স্টেফানির পৃথিবীতে যদি কিছু থাকে তাহলে তা স্বপ্ননীল ও পশুপাখি।

যেখানে যত ঠ্যাং-ভাঙা, কান-কাটা, খেতে না-পাওয়া কুকুর-বিড়াল, পাখি তাদের-কে নিয়ে চিন্তা ওর। অ্যানিমাল ওয়ালফেয়ার নিয়ে কী সব কাজকর্ম করে মেয়েটা। হৈমন্তী শুনেছে কোনও এক এনজিও-র সাথেও যুক্ত রয়েছে—ও।

স্বপ্ননীলের প্রভাবেই হয়তো এখন সে দিব্যি শিল্প বিশেষজ্ঞের মতো কথা বলে। স্বপ্ননীলের আর একটি ভালো প্রভাব পড়েছে তার উপর, সে এখন বেশ বাংলায় কথা বলতে পারে।

হৈমন্তী ও স্বপ্ননীল ছোটোবেলাকার বন্ধু। হৈমন্তী পড়াশোনায় ভালো ছিল কিন্তু ডাক্তার-ইঞ্জিনিয়ার-প্রোফেসর হওয়ার ইচ্ছে তার ছিল না। বরং তার ছিল বরাবর শিল্পী হওয়ার ইচ্ছা।

হৈমন্তীর বাবা-মা বরাবর তাকে এ-বিষয়ে সাপোর্ট করেছেন এমনকি স্বপ্ননীলের এ-বিষয়ে আগ্রহ দেখে স্বপ্ন-র বাড়িতে তাদের দুজন-কে ফ্রান্সে আর্ট নিয়ে পড়াতে পাঠানোর প্রস্তাবও দিয়েছিলেন। স্বপ্ন এখন শিল্প বিশেষজ্ঞ, ও একজন চিত্রশিল্পী। স্বপ্ন-র ছবি যে বিক্রি হতে শুরু করেছে,—এও হৈমী জেনেছে স্বপ্ন-র গার্লফ্রেণ্ড স্টেফানির কাছেই। আজ স্টেফানিও তার দুটি ছবি এনেছে হৈমর কাছে। প্রথমটি-তে, এক দম্পতি একটি গাছে হেলান দিয়ে বসে রয়েছে। তাদের সামনে কয়েকটি পাহাড়ি ঝরণা আর তার দুপাশে জলজ কোনো এক ফুলের বন।

''ওগুলো লিলি গো, হৈমীদি''—বলে উঠল স্টেফানি। আর দ্বিতীয় ছবিটি স্বয়ং স্বপ্ননীলকেই এঁকেছে সে। হৈম খুঁটিয়ে দেখল ছবিতে তার পুরোনো বন্ধুকে।

একমুখ কাঁচা দাড়ি, সঠিক করে কামানো, চোখে সোনালি রঙের সরু ফ্রেমের চশমা। বুক পর্যন্ত আঁকা ছবিটায় স্বপ্নর পরনে তার সেই পুরোনো প্রিয় হলুদ পাঞ্জাবী। স্থির এই চিত্রে-ও চোখ দুটো যেন বেশ ভাবালু ধরনের।

''নট ব্যাড স্টেফানি!''

খুশিতে ডগমগ হয়ে সে বলল— ''তোমার পছন্দ হয়েছে, তাহলে এগুলোই গিফ্‌টে দেব স্বপ্ন-কে''।

এভাবেই অনেক রাত পর্যন্ত কথা বলে বিদায় নেয় স্টেফানি। শনিবার রাতটুকুও যেন সমান চাপেই কাটে হৈমন্তীর। তাদের বিয়ের আগে পর্যন্ত হৈম-কেই ছবি দুটি সযত্নে রাখতে হবে।

হৈমন্তী ফ্ল্যাট ফিরল রাত দশটা নাগাদ। ঢুকেই চেঞ্জ করে, ওয়াশরুমে গিয়ে সারা দিনের ঝড় ধুয়েমুছে সাফ করল। নিজের জন্য কফি করে গিয়ে বসল ব্যালকনিতে।

প্যারিস আর্ট ইউনিভার্সিটিতে হওয়া এগজিবিশনের অ্যাসিস্টেন্ট কিউরেটর ছিল হৈমন্তী। আজ এমজিবিশন শেষ তাই প্রায় দু-হপ্তার ধকল কাটল তার। তবুও যেন নিজেকে সামলে নিতে চাইছে সে।

স্বপ্ন অ্যাক্সিডেণ্টে মারা গেছে। এক বাসের সংঘর্ষে মৃত্যু ঘটেছে তার। বেঁকে, দুমড়ে যাওয়া বিকৃত দেহটি যখন আনা হয়, হাউমাউ করে কেঁদে উঠেছিল স্টেফানি। থরথর করে কাঁপছিল সে নিজেও।

কিছুদিন পরেই বিয়ে ছিল ওর কিন্তু আসন্ন আনন্দ এক মুহূর্তে আর্তনাদ আর কান্নায় পরিণত হল।

পরিস্থিতি এখন অনেকটাই পালটে গেছে। সবচেয়ে বিস্ময়ের ঘটনা যেটি স্টেফানি-এর

মধ্যেই বিয়ে করছে! স্বপ্ন-র মৃত্যুর ঘোর কাটতে না কাটতেই এই সিদ্ধান্ত নিয়েছে সে। তবে কী এতো দিনের সম্পর্ক, ভালোবাসা সবই অভিনয় ছিল?

যতদূর সে তাকে দেখেছে এই পাঁচ বছরে, সে এই রকম কাজ করতে পারবে, মন তা মানতে চাই ছিল না প্রথমে। কিন্তু ফোনে স্টেফানির নম্বর থেকে করা হোয়াটস্যাপ মেসেজটা যে এখনও জ্বল জ্বল করছে।

''হ্যাপি বার্থডে হৈমী''।

হৈমন্তী শোভামাসি (স্বপ্ননীলের মা) কে প্রণাম করে। আজ হৈমন্তীর জন্মদিন, তাও আবার পঞ্চাশের। তবুও বার্থডে কেক অর্ডার দেওয়া হয়নি। মেঘে মেঘে অনেক বেলা হয়েছে, এখন এই সবে কেমন লজ্জা করে হৈমন্তীর। কেবল বাতিকগ্রস্থ চেনা-পরিচিত-দের ছাড়া কাউকেই ডাকা হয়নি।

''তোর স্বপ্ন ও স্টেফানি থাকলে কী আনন্দটাই না করত আজ''।

শোভামাসির এই কথায় ফুরফুরে মেজাজ চটকে যায় হৈমন্তীর।

অনেকবছর আগের সেই আমন্ত্রণে যায়নি সে। এমন কী শপথ নিয়েছে কোনোদিন তার মুখ পর্যন্ত দেখবে না।

''তা আপনার গুণধরী স্টেফানি স্পেশাল কী করলেন যার তুলনা হয় না। স্বপ্ন-র মারা যাওয়ায় সেকেন্ড উইকে বিয়ে সেরে নিয়ে ছিল সে''—রাগে ফেটে পড়ল হৈমন্তী।

''ভাগ্যিস আপনাদের থেকে স্বপ্নর সম্পত্তির ভাগটা নিতে আসেনি''।

নরম গলায় ম্লান হেসে শোভামাসি বললেন—''তার ব্যাপারে এরকম বলিস না রে। সে আমাদের কাউকে ঠকায়নি। যেদিন—ওদের বিয়ে—ঠিক হয়েছিল সেই দিনই স্বপ্নকে বিয়ে করেছিল ও''।

অনেক খুঁজে হৈমী স্টেফানির আঁকা সেই প্রথম ছবিটি খুঁজে পায় কিন্তু দ্বিতীয়টি সে আর পেলনা।

প্রথম ছবিটির দিকে একদৃষ্টে তাকিয়ে থাকে হৈমন্তী।

জগতের কোনো এক পরীরাজ্যে, যেখানে মানুষের কোনো নিয়ম খাটে না। স্বপ্ননীল সামনে থাকা ছোটো ছোটো পাহাড়ি ঝরণা ও বনলিলির বন-কে সম্বল করে, একটি গাছে হেলান দিয়ে বসে রয়েছে। আজও যেন সে তার প্রেমিকার অপেক্ষা করছে।

(ফ্রান্সে মৃত ব্যক্তি-দের সাথেও বিয়ে করা যায়, কেবল ওই ব্যক্তির একটি স্মৃতি চিহ্নের প্রয়োজন হয়।)

**সৌনাভ রায়**

শ্রেণি- দশম

# করোনার ধ্বংস লীলা

ছোটোবেলায় আমার জ্ঞান হবার পর থেকে আমার মা ঠাকুমাদের মুখে মহামারির নামটা শুনে আসছি। তখন অতটা বুঝিনি মহামারি মানে কী? আমার মনে হতো এ হয়তো কোনোবস্তু বা অন্য কিছু। কিন্তু আমার এই মনে হওয়াটা একদমই ভুল সেটা প্রমাণ করে দেয় Covid 19 বা করোনা মহামারি। সব ভালো সময়ের পরে যেমন খারাপ সময় আসে। ঠিক এই সুন্দর পৃথিবীতে এই মহামারির উঁকি দেখা গেল। এই মহামারি এক দেশে থেমে রইল না। এই মহামারি প্রায় এই অর্দ্ধেক পৃথিবীটাকে গ্রাস করে নিয়েছিল। চারিদিক জ্বর, সর্দি, কাশি আর এই করোনার হানাহানি। এই অবস্থায় দেখে প্রধানমন্ত্রী 'লকডাউন' জারি করলেন। তখন সবাই ঘরবন্দি। এই ঘরবন্দি অবস্থায় সবচেয়ে কষ্ট করেছে ছোটো শিশুরা। তাদের পার্কে যাওয়া, স্কুলে যাওয়া, পুজোয় ঘুরতে বেড়ানো ঠাকুর দেখা সব বন্ধ। যদিও বা বাড়ির সামনে পুজো হত সেখানে মাস্ক ও স্যানিটাইজার ছাড়া অ্যালাও বন্ধ ছিল। এই ঘর বন্দি অবস্থায় তাদের বাড়ির ছাদ ছাড়া আর কোনো জায়গা ছিল না। তারা বাড়ির ছাদ থেকে দেখত করোনার ধ্বংস লীলা অ্যাম্বুলেন্সের শব্দে চারিদিক ভরে থাকত। স্যানিটাইজারের গন্ধে চারিদিক মোমো করত। এই সময় যুদ্ধ বলতে গেলে কোনো দেশের সাথে দেশের হয়নি। শুধু যুদ্ধ হতো মৃত্যু আর বেঁচে থাকার।

চারিদিক আস্তে আস্তে, অনাহারে ছেয়ে যায়। এই অনাহারের মধ্যে কত ভালো মানুষ তাদের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। আমি প্রায়সময় খবরে শুনতাম, অনেক বাচ্চার মা, কারোর বাবা আবার কারোর দুজনেই মারা গেছে। এই সব দুঃখের খবর শুনে খুব কষ্ট হতো। আমি কোনোদিন ভাবতে পারিনি যে, ওই বাচ্চা গুলোর মতো আমাকেও কারোর জন্য কষ্ট পেতে হবে। ২০২১ সালে আমার বাবা এই মহামারির কবলে পড়ে। তখন আমাদের কাছে ভগবান বলতে আমরা ডাক্তারকে জানতাম। আমার বাবা দুই সপ্তাহ ধরে এই মহামারির সঙ্গে যুদ্ধে হেরে যায়। এই মহামারির কারণে আমি আমার বাবাকে হারাই। এই অবস্থায় আমাদের পাশে থাকার মতো কেউ ছিল না। নিজেদের ঘনিষ্ট আত্মীয়রা দূরে সরে যায়। প্রতিবেশীরা আমাদের পাশে এসে দাঁড়াতো না। সবাই দূর থেকে লুকিয়ে লুকিয়ে দেখত। তখন আমি বুঝেছি যে আমার সঙ্গে এই সব ঘটনা ঘটছে তাহলে তাদের সঙ্গে আরো কী কী ঘটছে? কিছু খারাপের পরে যেমন ভালোসময় আসে, ঠিক তেমনই, আমরা এই মহামারির বিরুদ্ধে গিয়ে অনেকটা সময় এগিয়ে আসতে পেরেছি। সবাই ভালো থাকুক সুস্থ থাকুক।

**সবুজ সরকার**
শ্রেণি-সপ্তম

# শিক্ষা

অনেক দিন আগে একটি গ্রামে এক চাষি তিন ছেলেকে নিয়ে থাকত। একবার ভাবল যে কে বেশি পরিশ্রমী। তাই সে তাদের একটা পরীক্ষা নেবে ভাবল। তাই সে তাদের বাইরে ডেকে বলল যে আমি তোমাদের তিনটে জমি দেব। আর দেখব যে তোমাদের মধ্যে কে সব থেকে ভালো ফসল ফলাবে। বড়ো, মেজ ও ছোটো ভাই তাদের জমিতে নিয়ে চলে গেল। বড়ো ভাই ও মেজ ভাই খুব পরিশ্রমী ছিল। কিন্তু ছোটো ভাই খুব অলস ছিল। বড়ো ভাই ও মেজ ভাই খুব ভালোভাবে নিজেদের ফসলের খেয়াল রাখছিল। কিন্তু ছোটো ভাই শুধু গাছে নীচে বসে শুয়ে থাকত। অনেক দিন কেটে গেল। একদিন বাবা বলল যে আমি কালকে তোমাদের জমিতে গিয়ে দেখব, যে তোমরা কেমন ফসলের চাষ করেছো। সেই শুনে ছোটো ভাই ভাবল যে আমার তো কোনো ফসলই হয়নি। তাই সে রাত্রিবেলায় চুপিচুপি ঘর থেকে বেরিয়ে তার দাদাদের জমির ফসল নষ্ট করে দিল। সেই সব কিছু চাষি ঝোপের আড়াল দিয়ে দেখছিল। পরের তিন ভাই তাদের বাবাকে নিয়ে তাদের জমিতে গেল। প্রথমে গেল ছোটো ছেলের জমিতে, সেখানে চাষি দেখল পুরো ফাঁকা মাঠ। তারপর তারা গেল সেখানেও দেখল কোনো ফসল নেই। বড়ো ভাই ও মেজ ভাই তা দেখে অবাক হল আর তাদের বাবাকে বলল যে বাবা আমরা তো চাষ করেছিলাম। তারপর বলল যে আমি সব দেখেছি যে ছোটো ভাই তোমাদের জমিতে রাত্রি বেলায় চুপিচুপি এসে সব ফসল নষ্ট করে দিয়েছে। আর নিজে কোনো ফসল ফলায়নি। তারপর ছোটো ছেলে তার বাবাকে বলল যে তুমি আমাকে ক্ষমা করে দাও। আমি প্রতিজ্ঞা করছি যে আমি এবার সব কাজ পরিশ্রমের সথে করবো। আর কখনো অলস হব না।

**অরিজিৎ ধাড়া**
শ্রেণি-পঞ্চম

# চন্দ্রযান-৩

২৩/৮/২০২৩ দিনটা ছিল সকল ভারতবাসিদের জন্য গর্বের দিন। ISRO-এর বিজ্ঞানিরা চন্দ্রযান-২ মহাকাশ যানটি বানিয়ে ছিলেন। ২২/৭/২০১৯ ভারতবর্ষের অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটা সতীশ ধাওয়ান স্পেস সেণ্টার থেকে চন্দ্রযান-২ চাঁদের উদ্দেশ্যে রওনা দিয়েছিল। চন্দ্রযান-২-এর চাঁদে যাত্রার সময় ISRO-এর প্রধান ছিলেন Mr. K Sivan । কিন্তু এতো কষ্ট, এতো টাকা, এতো সময় সব বৃথা হয় কারণ ৭/৮/২০১৯ চন্দ্রযান-২ চাঁদে অবতরণ করার কথা ছিল। কিন্তু তা আর হলো না কারণ চাঁদের মাটিতে অবতরণ করার ২.১ কিলোমিটারের মধ্যে চন্দ্রযান-২ ক্রেশ হয়ে যায়। যদি চন্দ্রযান-২ সফল ভাবে চাঁদের মাটিতে অবতরণ করত তাহলে ভারত চতুর্থ দেশ হতো যারা মহাকাশে সফলভাবে বস্তু অবতরণ করতে পারত। এতো কষ্ট, এতো দুঃখের পরও বিজ্ঞানিরা থেমে থাকেনি। বিজ্ঞানিরা চন্দ্রযান-৩ বানিয়ে ফেলেন। ১৪/৭/২০২৩-এর দুপুর ২.৩৫ নাগাদ চন্দ্রযান-৩ ভারতবর্ষে অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটা সতীশ ধাওয়ান স্পেস সেণ্টার থেকে চাঁদের দক্ষিণ মেরুর উদ্দেশে রওয়ানা দেয়। চন্দ্রযান-৩ এর চাঁদে যাত্রার সময়ও এখনো প্রধান ছিল বা আছেন বা থাকবে Mr. S Somnath । চন্দ্রযান-২-এর দুঃখ কষ্ট মেটতে চন্দ্রযান-৩ ২৩/৮/২০২৩ তারিখের সন্ধ্যা ৬টা ৪ মিনিটে চাঁদের মাটিতে অবতরণ করে। আর সেই দিন সকল ভারতবাসিদের মন খুশিতে ভরে গেছিল কারণ ভারতবর্ষ পৃথিবীর প্রথম হলো যে দেশ প্রথম চাঁদের দক্ষিণ মেরু মহাকাশযান পাঠাতে পেরেছে। সেই ভারতবর্ষের পাঠানো মহাকাশ যানটির নাম হলো বিক্রম। সেই বিক্রম মেশিনটির ভেতর থেকে একটি ছোটো মেশিন বেড়িয়েছে তার নাম প্রজ্ঞান সেই চাঁদের দক্ষিণ মেরু ঘুরে তথ্য সংগ্রহ করে পাঠালেও ২৩/৮/২০২৩ তারিখ থেকে গুণলে আরো ১৪ দিন ধরে চাঁদে ঘুরে ঘুরে নানানরকম তথ্য পাঠাবে।

**দিপ্তাংশু ভট্টাচার্য**
শ্রেণি-ষষ্ঠ

# ভারতের চন্দ্র বিজয়

ইতিহাসে ভারতের চন্দ্র অভিযান একটি ঐতিহাসিক ঘটনা। ভারতের চন্দ্র অভিযানের ইতিহাসে এই মুহূর্তে মোট তিনটি চন্দ্রযান প্রেরণ করা হয়েছে।

**চন্দ্রযান—১**

এই অভিযানের নেতৃত্ব দিয়েছিল 'ISRO'। ২০০৮ সালের ২২ অক্টোবর সকাল ৬.২২ মিনিটে (ভারতীয় সময়) অন্ধ্রপ্রদেশের নেল্লোর জেলার শ্রীহরিকোটার 'সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র' থেকে 'PSLV-C11' রকেটের মাধ্যমে উৎক্ষেপিত হয়। এতে একটি 'অরবিটার' ও 'মুন ইম্প্যাক্ট প্রোব' ছিল। প্রযুক্তির ওজন ছিল '৩৪ কেজি' এবং খরচ হয়েছিল '৩৮৬ কোটি টাকা'। অভিযানের মূল লক্ষ্য ছিল চাঁদের রাসায়নিক ও খনিজ উপাদান সম্পর্কে জানা। এটি চাঁদের দক্ষিণ মেরুতে ১৪ই নভেম্বর রাত ৮.৩১ মিনিটে সফলভাবে অবতরণ করে। চাঁদে প্রথম জলের অস্তিত্ব এই অভিযানে প্রমাণিত হয়। ২০০৯ সালের আগস্ট মাসের পরে এর সাথে 'ISRO'-র সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।

**চন্দ্রযান—২**

২০১৯ সালের ২২ জুলাই দুপুর ২.৪৩ মিনিটে 'কে. শিবমের' নেতৃত্বে অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটার 'সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র' থেকে 'GSLV-Mark-3' রকেটের মাধ্যমে এটি উৎক্ষেপিত হয়। এতে 'ISRO' দ্বারা নির্মিত ১টি অরবিটার, ল্যাণ্ডার 'বিক্রম' ও রোভার 'প্রজ্ঞান' ছিল। প্রযুক্তির ওজন ছিল '৩৮৫০ কেজি' ও খরচ হয়েছিল ৯৭৮ কোটি টাকা। এর উদ্দেশ্য ছিল চন্দ্র ভূসংস্থান, খনিজমৌল প্রাচুর্য, চন্দ্র এক্সোস্ফিয়ার, হাইড্রোক্সিল ও চন্দ্রে জলের স্বাক্ষর প্রমাণ করা। ৬ সেপ্টেম্বর অবতরণকালে ল্যাণ্ডারের সাথে 'ISRO'-র সংযোগ বিচ্ছিন্ন হলেও রয়ে যায় অরবিটার।

**চন্দ্রযান—৩**

২০২৩ সালের ১৪ জুলাই অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটার 'সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র' থেকে 'GSLV-Mark-3-M4' রকেটের মাধ্যমে দুপুর ২.৩৫ মি. সফলভাবে উৎক্ষেপিত হয়। অভিযানের নেতৃত্বে ছিলেন ISRO চেয়ারম্যান 'শ্রীধর সোমনাথ'। এতে 'প্রোপলেশন মডিউল', ল্যাণ্ডার 'বিক্রম' ও রোভার 'প্রজ্ঞান' থাকলেও 'অরবিটার' ছিল না। প্রকল্পের ওজন '৩৯০০ কেজি' ও খরচ হয়েছে '৬১৫ কোটি টাকা'। এর উদ্দেশ্য ছিল সুরক্ষিত অবতরণ, চন্দ্রপৃষ্ঠের পরীক্ষা-নিরীক্ষা করা। ৫ আগস্ট এটি চন্দ্র কক্ষপথে প্রবেশ করে ও ১৭ আগস্ট 'বিক্রম' বিচ্ছিন্ন হয়ে যায়। ২১ আগস্ট 'বিক্রমের' সাথে চন্দ্রযানের আগের অরবিটারের (চন্দ্রযান-২ এর

অরবিটার) যোগাযোগ স্থাপন হয়। ২৩ আগস্ট বুধবার চন্দ্রপৃষ্ঠে অবতরণ করতে শুরু করে 'বিক্রম'। বিকেল ৫.৪৫ মি. থেকে পাঁচধাপে অবতরণ করে 'বিক্রম'। প্রথমধাপে 'বিক্রম' চন্দ্রপৃষ্ঠ থেকে ৭.৪ কিমি উচ্চতায় নেমে আসে, গতিবেগ ছিল '৩৫৮ মি./সে.'। দ্বিতীয় ধাপে উচ্চতা ছিল '৬.৮ কিমি', গতিবেগ—'৩৩৬ মি./সে.'। তৃতীয় ধাপে উচ্চতা ছিল '৮০০ মি', গতিবেগ-'২৫০ মি,/সে.' চতুর্থ ধাপে উচ্চতা ছিল ১৫০মি, গতিবেগ -'৬০ মি/সেঃ'। শেষধাপে উচ্চত ছিল '১০মি', গতিবেগ—'১.৬৮ মি./সে.'। সন্ধে ৬.০৪ মি. চাঁদের মাটি স্পর্শ করে 'বিক্রম'। এই কর্মকাণ্ডের সাথে যুক্ত ছিলেন প্রায় ১০০০ জন ইঞ্জিনিয়ার ও বিজ্ঞানী। ভারত হল সেই দেশ যে প্রথম অভিযানে সফলভাবে চন্দ্রকক্ষে পৌঁছেছিল আর এবারে বিশ্বের প্রথম দেশ হিসেবে চাঁদের দক্ষিণ মেরুর মাটি স্পর্শ করল। ISRO চেয়ারম্যান পরিশেষে ঘোষণা করেন—''আমরা সফলভাবে অবতরণ করেছি। ভারত এই মুহূর্তে চাঁদের মাটিতে।"

**দীপায়ন সাধুখাঁ**

শ্রেণি-দ্বাদশ, বিভাগ-(কলা)

# দক্ষিণ মেরু অভিযান

দিনটা ছিল ১৪ জুলাই ২০২৩, সময়টা হল ২টো বেজে ৩৫ মিনিট, ভারতের বৈজ্ঞানিক সংস্থা ইসরো থেকে চাঁদের দক্ষিণ মেরুর উদ্দেশ্যে রওনা দিল একটি রকেট। যার নাম ছিল চন্দ্রযান-৩। এর আগে দুবার ২০০৮ সালে ও ২০১৯ সালে যথাক্রমে চন্দ্রযান-১ ও চন্দ্রযান-২ চন্দ্রঅভিযান করেছিল। কিন্তু ওই দুই অভিযান আংশিকভাবে সফল হয়। চন্দ্রযান-২ এর যে ল্যাণ্ডার চাঁদের দক্ষিণ মেরুর ভূপৃষ্ঠে নামার কথা ছিল তার নাম বিক্রম (বিক্রম সারাভাই-এর নামে), ওই ল্যাণ্ডার চাঁদের দক্ষিণ মেরুর ভূ-পৃষ্ঠে নামার সঙ্গে সঙ্গে ভারতের বৈজ্ঞানিক সংস্থা ইসরো (ইণ্ডিয়ান স্পেস রিসার্চ অরগ্যানাইজেশন)-এর সঙ্গে যোগাযোগ ব্যাহত। ইসরো-র সমস্ত বৈজ্ঞানিকদের পরিশ্রম ব্যর্থ হল। তারা কিন্তু থেমে থাকেনি বরং আরও নতুন পরিকল্পনা, চিন্তা ও বুদ্ধির দ্বারা চন্দ্রযান-৩ তৈরীর পরিকল্পনায় লেগে পড়ল। সেই পরিশ্রমের ফলস্বরূপ ১৪ জুলাই অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটা থেকে চন্দ্রযান-৩ চাঁদের উদ্দেশ্য রওনা দিল। সমস্ত দেশবাসী ইসরো-র সমস্ত বৈজ্ঞানিকদের শুভেচ্ছা ও আশীর্বাদ করল, যাতে তারা চন্দ্রযান-৩কে ঠিকমতো করে চাঁদের ভূ-পৃষ্ঠে অবতরণ করতে পারে। ইসরোর প্রধান শ্রীধর পাণিকর সোমনাথ সাংবাদিক বৈঠকে জানালেন ৪০-৫০ দিনের মধ্যে চাঁদের মাটি স্পর্শ করবে। চন্দ্রযান-৩ এর সফল উৎক্ষেপনের ফলে দেশের সমস্ত মানুষ আনন্দে মুগ্ধ। ইসরো থেকে জানা যায় যে এই চন্দ্রযান-৩ তৈরী করতে মোট ৬১৫ কোটি টাকা লেগেছে, যা আগের দুই চন্দ্রঅভিযানের থেকেও কম। জানা যায় চন্দ্রযান পৃথিবীর উপবৃত্তাকার কক্ষপথ বরাবর প্রদক্ষিণ করতে শুরু করেছে, ১ আগস্ট চাঁদের কক্ষপথে প্রবেশ শুরু করে এবং ৫ আগস্ট চন্দ্রযান-৩ চাঁদকে প্রদক্ষিণ করতে শুরু করে দেয়। চন্দ্রযান-২ এর ল্যাণ্ডারের নামানুসারে চন্দ্রযান-৩ এর ল্যাণ্ডারের নাম দেওয়া হয়েছে বিক্রম। ল্যাণ্ডার বিক্রম ১৭ আগস্ট হয়ে গিয়ে দক্ষিণ মেরুর দিকে অগ্রসর হয়। ইসরো জানান বিক্রম ২৩ আগস্ট সন্ধ্যে ৬টাবেজে ৪ মিনিটে দক্ষিণ মেরু স্পর্শ করবে সেই খবর শুনে সমস্ত ভারতবাসী আনন্দে উৎসাহিত। কিন্তু সেই পথ সহজ নয় অতি দুর্গম, চাঁদের দক্ষিণ মেরুতে রয়েছে পাহাড়, বড় গর্ত সেইসব বাধা অতিক্রম করা সহজ নয়। যদি বিক্রম দক্ষিণ মেরু স্পর্শ করে, তাহলে ভারত হয়ে উঠবে পৃথিবীর প্রথম দেশ যারা চাঁদের দক্ষিণ মেরু স্পর্শ করেছে। আমাদের দেশের বৈজ্ঞানিক হার না মেনে সেই বাধা অতিক্রম করে এবং ৬টা বেজে ৪ মিনিটে বিক্রমকে দক্ষিণ মেরু স্পর্শ করায়। সেই আনন্দের খবর শুনে ভারতবাসী সহ প্রবাসীরা আনন্দে মেতে উঠেছে। আমাদের দেশের প্রধানমন্ত্রী ইসরোর সমস্ত বৈজ্ঞানিকদের শুভেচ্ছা ও অভিনন্দন নিয়েছেন। এই সাফল্য সমস্ত ভারতবাসীর সাফল্য, ভারত অর্থনৈতিক দিক দিয়ে পিছিয়ে থাকলেও বিজ্ঞানের দিক দিয়ে আমরা সবার থেকে এগিয়ে। রাশিয়া, আমেরিকা, সাউথ আফ্রিকা প্রভৃতি দেশ শুভেচ্ছা জানিয়েছে। এ জয় শুধু কিন্তু বৈজ্ঞানিকদের নয় ভারতবর্ষের কোটি কোটি মানুষের জয়। বিক্রম থেকে রোডার রোবট বেরিয়ে নিরাপদে চাঁদ পরিক্রমা করছে এবং ছবি তুলে ইসরোতে পাঠাচ্ছে। এই খুশির খবর কাটল না তার মধ্যে ইসরো জানিয়ে দিল এরপরের অভিযান সূর্য।

**সৃজিত মোড্ডুন্যে**
শ্রেণি- একাদশ

# মস্তিষ্ক বিশ্বব্রহ্মাণ্ডের সবচেয়ে বড় বিস্ময়

বিশ্বব্রহ্মাণ্ডের সবচেয়ে বড় বিস্ময় মস্তিষ্ক। মস্তিষ্কের ওজন তিন পাউণ্ড (প্রায় দেড় কিলোগ্রাম)। জিলেটিনের মতো দেখতে ধূসর। মস্তিষ্কের মত কমপিউটার আজও আবিষ্কৃত হয়নি। প্রাপ্তবয়স্ক লোকের মস্তিষ্কের আয়তন প্রায় ১৫০০ ঘন সেমি। মানব মস্তিষ্কে প্রায় ১০ বিলিয়ন নিউরণ থাকে। মানুষের মস্তিষ্কের ধারণ ক্ষমত কমপক্ষে ২.৫ পেটাবাইট অথবা ১ মিলিয়ণ বা ১০ লক্ষ পিগাবাইট। কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের স্ফীত, তরল দ্বারা পূর্ণ গহ্বর যুক্ত ও মেনিনজেস নামক আবরণী দ্বারা আবৃত যে অংশটি করোটির ভিতরে অবস্থান করে তাকে মস্তিষ্ক বলে। ভ্রূণ অবস্থার সুষুম্নাকাণ্ডের অগ্রবর্তী দণ্ডাকার অংশ ভাঁজ হয়ে পর পর ৩টি বিষমাকৃতির স্ফীতি তৈরি করে। মস্তিষ্ক মেনিনজেস নামক পর্দা দ্বারা আবৃত। মানুষের মস্তিষ্কের প্রধান তিনটি অংশ। গুরুমস্তিষ্ক, মধ্যমস্তিষ্ক, লঘুমস্তিষ্ক। মস্তিষ্কে সমস্ত অঙ্গ প্রত্যঙ্গ খবর পৌঁছে দেয় আর মস্তিষ্ক সব অঙ্গ প্রত্যঙ্গকে নিয়ন্ত্রণ করে।

মানুষ যখন ঘুমিয়ে থাকে তখনও মস্তিষ্ক তার কাজ চালিয়ে যায়।

শরীর যতটা অক্সিজেন নেয় প্রশ্বাসের সঙ্গে তার পাঁচ ভাগের একভাগ নিয়ে নেয় মস্তিষ্ক। যতটা পরিমাণ রক্ত হৃৎপিণ্ড ঠেলে দেয় সারা শরীরে রক্ত যোগানের জন্য তারও পাঁচ ভাগের এক ভাগ টেনে নেয় মস্তিষ্ক। কিছুক্ষণের জন্য ও যদি রক্ত আর অক্সিজেন মস্তিষ্ক কম পায় তাহলেমানুষ জ্ঞান হারাবে। মিনিট কয়েকের জন্য যদি একেবারেই না পাওয়া যায় তবে মানুষ মারা যাবে না হয় পক্ষাঘাতে পঙ্গু হবে। মস্তিষ্কের দরকার গ্লুকোজ-পুষ্টির জন্য। শরীরে কোথাও ব্যথা হলে মস্তিষ্ক তা অনুভব করে অথচ মস্তিষ্কের নিজের ব্যথা বেদনার অনুভূতি নেই। এই কারণে রুগীকে জাগিয়ে রেখে মস্তিষ্কের অপারেশন করা হয়।

মস্তিষ্কের পেছন দিকে চলেছে দেখাদেখির প্রক্রিয়া আর শোনার প্রক্রিয়া হচ্ছে পাশের দিকে। মস্তিষ্কে বৈদ্যুতিক শক দিলে বিভিন্ন ধরনের পুরোনো ঘটনা মনে পড়ে যাবে। মস্তিষ্কের অনেক ক্ষমতা কিন্তু এর বৃদ্ধি হয় না। কোন কোষ মারা গেলে তার জায়গায় নতুন কোষ তৈরী হয় না। মানুষের যত বয়স বাড়বে মস্তিষ্কের ওজন তত কমে আসবে। গন্ধের অনুভূতি কমে আসবে, কানে ভাল শুনবে না, জিভের স্বাদ কমে যাবে, ভুলে যাওয়ার প্রবণতা দেখা দেবে।

শরীরের বাঁদিকের কাজকর্ম চালাচ্ছে মস্তিষ্কের ডানদিক আর ডানদিকের কাজকর্ম চালাচ্ছে মস্তিষ্কের বামদিক। কথা বলার ক্ষমতা, পড়াশুনা, লেখালেখি করার ক্ষমতাকে নিয়ন্ত্রণ করেছে মস্তিষ্কের বাঁদিক। চোখে দেখে সৌন্দর্যকে তারিফ করা ভালো ছবি বা গল্প নিয়ে চিন্তাভাবনা করার ক্ষমতা নির্ভর করছে মস্তিষ্কের ডানদিকের ওপর।

মস্তিষ্কের ওপর খুলি থাকার ফলে অনেক আঘাত থেকে রক্ষা পায় বটে কিন্তু এরও সমস্যা আছে অনেক। মস্তিষ্কে টিউমার হতে পারে, ধমনী ছিঁড়ে রক্ত জমে যেতে পারে, মাথায় চোট লাগলে মাথা ফুলে যেতে পারে। এগুলোর ফলে মানুষের মৃত্যু পর্যন্ত ঘটতে পারে।

**নিশান্ত রায়চৌধুরী**
শ্রেণি- নবম

# সাজানো ভূতুড়ে রাজপ্রাসাদ

মাসটা নভেম্বর। নিখিলদের স্কুলে ঠিক হল সপ্তম ও অষ্টম শ্রেণির ছাত্রদের নিয়ে যাওয়া হবে বন পরিদর্শনে। সাধারণত সবাই খুব খুশি এবং উত্তেজিত। ইতিমধ্যে খবরটি ছড়িয়ে পড়ায় স্কুলে আলোড়ন পড়ে গেছে। অষ্টম শ্রেণির দুই ছাত্র, নিখিল ও মনোজ খুবই ভালো বন্ধু, তারাও আপ্লুত এই খবরটি শুনে। নিখিল, মনোজ সহ প্রায় অনেকেই নাম নথিভুক্ত করে এই ভ্রমণের জন্য। ঠিক করা হয়, আর এক সপ্তাহ পর ইচ্ছুক ছাত্রদের বাসে করে নিয়ে যাওয়া হবে। এরপর থেকে ক্লাসে প্রায় সবাই অমনযোগী হয়ে পড়ে এই ভ্রমণের ফলস্বরূপ। সকলের ভিতরই চাপা উত্তেজনা, দিনগুনছে কবে কাটবে এই একটি সপ্তাহ। এই একটি সপ্তাহ মনে হচ্ছে যেন একটি বছর।

এক সন্ধেবেলা নিখিল, মনোজের বাড়ি যায় এই ভ্রমণের পরিকল্পনা করতে। নিখিল মনোজের বাড়ি গিয়ে তাকে বলল— কী মনোজ কিছু পরিকল্পনা করলি, এই ঘুরতে যাওয়ার ব্যাপারে। মনোজ বলল— কী আর করব, তবে শোন, আমি আর তুই কিন্তু একইসঙ্গে থাকব।

নিখিল বলল— হ্যাঁ অবশ্যই, শোন। তোর নতুন ক্যামেরাটা কিন্তু নিতে ভুলিস না। ওইখান-এ নানা রকম নতুন অজানা প্রাণী ও গাছপালা দেখতে পাবি। ছবি তুলতে তো হবে সেইগুলোর।
— ওকে মাই ফ্রেণ্ড।

অবশেষে অবসান, এলো সেইদিন, যেদিন এর জন্য অপেক্ষা করছিল নিখিল, মনোজ সহ আরও অনেক ছাত্র। ভোর ছটায় স্কুল থেকে বাস ছাড়ল। পৌঁছাবে আনুমানিক ১০.৩০ এ। কথা মতো, নিখিল ও মনোজ একই বাসে বসল। হাড়হিম ঠাণ্ডাতে ও উত্তেজনায় তাদের গরম লাগছে। হইহল্লা করতে করতে তারা চলতে লাগল গন্তব্যস্থলের উদ্দেশ্যে। গান, বাজনা, গল্প, নাচ, খাওয়া-দাওয়া— কিনা হল বাসের মধ্যে। কিছুক্ষণ পর তারা লক্ষ করল তাদের বাস, গাছপালা পূর্ণ একটি গ্রামের মধ্য দিয়ে যাচ্ছে। কিছুক্ষণ পর তাদের বাস একটি বিশাল হোটেলের সামনে দাঁড়ালো প্রায় এগারোটায়। হোটেলটি বেশ। চারদিক গাছপালা দিয়ে ঘেরা। কিন্তু গভীর বন একটু দূরে। ঠিক হল হোটেলের একটি ঘরে তিনজন থাকবে। ৬১ নং রুমে নিখিল, মনোজ সহ এক ছেলে রইল, যার নাম রিতম, নিখিলদেরই ক্লাসের সহ-পাঠী। তাদের ঘর খুবই সুন্দর ও পরিষ্কার। সবচেয়ে আকর্ষণীয় হল বারান্দা।

— মনোজ ধীরে। এখনই এত ছবি তোলার দরকার নেই বনের গভীরে ঢুকলে আরও সুন্দর দৃশ্য দেখতে পাবি তখন ছবি তুলিস।

মনোজ বলল,—ঠিকই বলেছিস।

— আচ্ছা মনোজ, জানিস আমার কাকা বনবিভাগের কর্মী। তো সেই সূত্রে আমি তার কাছ থেকে

জানতে পারি এই বনের মধ্যে একটি রাজপ্রাসাদ আছে সেই পুরোনো রাজপ্রাসাদে নাকি নানা ভৌতিক কর্মকাণ্ড হয়।

— কীরকম

— যেমন ধর, আমার কাকা বলছিল সেই রাজপ্রাসাদে অনেক কাল আগে দুর্ঘটনাবশত আগুন লাগে, সেই সময় রাজা—রাণি সহ অনেক কর্মচারী মারা যান। তো সেখানে নাকি এখনো রাতে চিৎকার শোনা যায়। সরকার অনেকবার সেই প্রাসাদটির দখল নেওয়ার চেষ্টা করেছিল। কিন্তু যেই ভিতরে ঢুকত, সেই আহত বা নিহত অবস্থায় বাইরে আসত।

মনোজ বলল— দুর, সব বাজে কথা।

রিতম বলল— নারে, সত্যি

নিখিল এসে বলল— তোরা কী গল্প করছিস রে?

মনোজ নিখিলকে বলল— রিতম বলছে, এখানে নাকি কোন ভূতুড়ে রাজপ্রাসাদ আছে.

নিখিল বলল— হ্যাঁ, হ্যাঁ, রিতম বাসে আসতে আসতে বলছিল। কিন্তু কোন মানুষ নাকি বসবাস করেন সেখানে।

রিতম বলল— হ্যাঁ, একটা লোক। তার ঠাকুরদার ও বাবা নাকি রাজপ্রাসাদের বিশ্বস্ত কর্মচারী ছিলেন। তাই তারে বংশের সবাই এই রাজপ্রাসাদে থাকতে পারে।

এই গল্প করতে করতে তাদের খাবার জন্য ডাক পড়ল।

দুপুরের খাওয়া শেষ হলে তারা বেরিয়ে পড়ল বন পরিদর্শনে। শিক্ষক-শিক্ষিকারা ছাত্রদের নানা অজানা গাছপালার সম্মন্ধে জানালেন ও পরিচয় করালেন। মনোজ তার ক্যামেরায় ছবি তুলল। তারপর তারা হোটেলে ফিরে এসে জানতে পারল তাদের কালকে টেন্ডিং অর্থাৎ তাঁবু খাটিয়ে গভীর বনে রাত কাটাতে নিয়ে যাওয়া হবে এবং এও জানা গেল সেই জায়গাটি সেই ভূতুড়ে রাজপ্রাসাদের কাছেই

মনোজ বলল— যাবি নিখিল ও রাজপ্রাসাদে একবার

রিতম বলল— পাগল নাকি তোরা, ওইখানে টেন্ডিং হবে শুনে আমরা ভয় লাগছে, আর এরা...

নিখিল বলল— ধুর, ভূত বলে কিসু নেই, সবই মনের ভুল বা অন্যকিছু।

রিতম বলল— তোরা যা ইচ্ছা কর, আমি যাব না পরদিন বিকেলবেলা হোটেল থেকে সবাই বেরিয়ে গেল টেন্ডিং-এর উদ্দেশ্যে। সবাই ওখানে গিয়ে তাঁবু খাটালো। তাঁবু গুলোর মাঝে কিছু শুকনো কাঠ দিয়ে তারা আগুন জ্বালাল এবং তার চারধারে বসে কেউ গান, গল্প বলা, গিটার

বাজানো ইত্যাদি নানা অনুষ্ঠান করতে লাগল। অবশেষে খেতে যাওয়ার আগে মনোজ, ইতিহাস স্যারকে বললেন এই বনের মধ্যে অবস্থিত রাজপ্রাসাদের ব্যাপারে। স্যার বললেন— আসলে এই পুরো বন সহ গ্রামটা ইতিহাসে একটি রাজ্য ছিল। এই রাজ্যের রাজা খুবই দয়ালু ছিলেন এবং তার রাজ্যের পার্শ্ববর্তী রাজ্যের থেকে উন্নত ছিল। একদিন এই রাজপ্রাসাদের আগুন লাগে। সেটি দুর্ঘটনাবশত নাকি স্বেচ্ছায় কেউ লাগিয়ে দিয়েছিল তা এখন অস্পষ্ট। ফলে অনেক মানুষ, কর্মচারি সহ রাজারাণীও মারা যান। তারপর সবাই নৈশ ভোজ সেরে সবাই ঘুমাতে গেল তাঁবুতে। কিন্তু মনোজ ও নিখিলের ঘুম আসল না। মধ্যরাতে মনোজের সাংকেতিক শিস্ শুনে মনোজ ও নিখিলের ঘুম ভেঙে গেল। তারা লুকিয়ে তাঁবুর বাইরে এল।

মনোজ বলল— চল এবার। কী আছে ওখানে। ওখানে কোন ভূত আছে।

নিখিল বলল— নাহ্ ভূত বলে কিচ্ছু হয় না। নিশ্চয় অন্য কোন ব্যাপার।

রিতম বলল— খবরদার ভাই যাস্ না। বিপদে পড়বি।

মনোজ বলল— কী বিপদ হবে শুনি? চল নিখিল।

নিখিল ও মনোজ চলতে লাগলে রিতম ও তাদের বাঁধা দিতে দিতে চলে। মনোজ পূর্বেই রিতম এর কাছ থেকে সমস্ত ঠিকানা জেনে নেয়। শেষে রাজপ্রাসাদের সামনে এসে তারা লক্ষ্য করে রাজপ্রাসাদের দোতলার একটি ঘরে একটি মৃদু আলো জ্বলছে।

রিতম বলল— ফিরে চল, দেখা হয়েছে তো রাজপ্রাসাদ।

মনোজ নিখিলকে বলল— ওই ঘরে একটা আলো জ্বলছে না।

নিখিল বলল— চল ভিতরে ঢুকে দেখি বিষয়টা।

রিতমের কথা ভ্রূক্ষেপ করে নিখিল ও মনোজ চলল প্রাসাদের অন্দরে। ঢুকেই দরজা খোলা দেখল। ঠেলা দিতেই ক্যাঁচ করে আওয়াজ করে খুলে গেল। রিতম বাইরেই রইল, ভিতরে ঢুকল না। তারা দুইজন ভিতরে ঢুকল এবং দেখল সত্যিই একটি রাজপ্রাসাদ এবং মাকড়সার জাল পড়ে গেছে। এবং রাজপ্রাসারে বসার ঘর থেকে সেই রহস্যময় আলোকিত ঘরটি দেখা যাচ্ছে। সিঁড়ি দিয়ে উপরে উঠল এবং উঠে যা দেখল তা দেখে তাদের হাড় হিম হয়ে গেল। একটা মৃতদেহ সিঁড়ি তেই পড়ে আছে রক্তাক্ত অবস্থায়। তারা ছুটে উপরে ওঠে এবং আলোকিত ঘরের দরজার ফাঁক দিয়ে, তারা দেখল দুই জন লোক কালো কাপড় মুড়ে কথা বলছে। কিছুক্ষণ পর তাদের মাথার পিছনে এক ভীষণ জোরে আঘাত পেল এবং আর্তনাদ করে অজ্ঞান হল।

এদিকে বাইরে রিতম তাদের চাপা আর্তনাদ শুনতে পেয়ে ভয়ে ঘাবড়ে গেল এবং সর্বনাশ হয়েছে বলে চেঁচাতে চেঁচাতে সে তাঁবুর দিকে ছুটতে লাগল। তাঁবুতে পৌঁছে সবাইকে জাগিয়ে দিল সে।

একজন স্যার তাকে জিজ্ঞাসা করল— কী হয়েছে রিতম, কোনো সমস্যা হয়েছে তোমার।

রিতম বলল— সর্বনাশ হয়েছে। মনোজ আর নিখিল ওই ভূতুড়ে বাড়িটায় গেছে।

— কোন ভূতুড়ে বাড়িতে?

— ওই রাজপ্রাসাদে। আমি ওদের পিছু করতে করতে যাই। ওরা প্রাসাদে ঢোকার পর ওদের চিৎকার শুনতে পাই।

স্যার বললেন, সর্বনাশ— তাড়াতাড়ি পুলিশে খবর দাও।

যথারীতি সবাই ভয় পায়। সবাই তাড়াহুড়ো করে হোটেলে ফেরে। থানা থেকে পুলিশ আসে এবং ভোরে ওই রাজপ্রাসাদে ঢোকে। সেখান থেকে দুই মৃত ব্যক্তি, মনোজ ও নিখিলকে অর্ধমৃত অবস্থায় পাওয়া যায়। এবং একটি রক্তমাখানো লাঠি পাওয়া যায়। এবং সেই লাঠিতে মানুষের আঙুলের ছাপ পাওয়া যায়। নিখিল, মনোজকে হাসপাতালে ভর্তি করানো হয় এবং বাড়িতে খবর দেওয়া হয়। পুলিশ সেই প্রাসাদে একমাত্র বসবাসকারী লোকটি জিজ্ঞাসাবাদে জানা যায়, সে বলে— রাজপ্রাসাদে আমি ছাড়া কেউ ঢুকলে রাজা, রাণীমার অতৃপ্ত আত্মা তাকে তাদের কাছে টেনে নেয়।

এদিকে নিখিল, মনোজ কিছুটা সুস্থ হলে তাদের কাছ থেকে পুলিশ জানতে পারে যে তারা সেই দুইজন মানুষের কথোপকথন শুনতে পায়। তারা শোনে যে রাত্রে যে রাজা ও রাণীর আর্তনাদ শোনা যায় তা আসলে একটা অডিও রেকর্ড এবং এও জানতে পারে তারা ওই রাজপ্রাসাদটির দখল চায় এবং সরকারের হাতে হস্তগত করতে চায় না। পুলিশ তল্লাসি করে পায় সেই রাজপ্রাসাদ থেকে অডিও রেকর্ডার ও কিছু টাকাপয়সা। পুলিশের চাপে সেই লোকটি সব সত্য স্বীকার করে। ওই দুই কালো কাপড়ে মোড়া দুটি লোকছিল একজন তার বাবা ও একজন তিনি। যে ওই প্রাসাদে থাকত। পুলিশ তার বাবাকেও গ্রেপ্তার করেন। নিখিল ও মনোজও ধীরে ধীরে সুস্থ হয়ে ওঠে। ওই প্রাসাদে যেই তাদের কথা শুনতে পেত তাদেরই সেই লোক ও তার বাবা মেরে ফেলার চেষ্টা করত। নিখিল ও মনোজ বাদ পড়েনি। নিখিল ও মনোজ বাড়ি ফিরে যায় সুস্থ হয়ে।

**সৈকত মিত্র**

শ্রেণি- অষ্টম, বিভাগ-'খ', ক্রমিক সংখ্যা-২৭

# সুন্দর বনের জলের মহারাজ ও আমরা

ইচ্ছা ছিল যাওয়ার। যাওয়ার সাধ্য হয়ে উঠছিল না অবশেষে সমস্ত বাধা এবং প্রতিকূল পরিস্থিতি এড়িয়ে রওনা হলাম কয়েক দিনের জন্য। সঙ্গে ছিল আমার স্ত্রী এবং ভাইঝি শ্যামলী। বাড়ি হতে বের হলাম দোলযাত্রার ঠিক পরের দিন অপরাহ্ণ ১.১০ মিনিটে। দু-দিন আগের আকাশের বিষণ্ণতা গেছে কেটে, বাতাসে পবিত্র দোলযাত্রার রঙের গন্ধ ভেসে বেড়ালেও রঙের চিহ্ন গেছে উবে।

মথুরাপুর স্টেশন হতে কাকদ্বীপ চলে গেলাম ট্রেনে, জানালা হতে উপভোগ করলাম অনাবিল প্রাকৃতিক দৃশ্য। কোথাও দেখলাম হলুদ রঙের সূর্যমুখি ফুল আবার কোথাও দেখলাম চরে বেড়াচ্ছে সাদা রঙের রাজহাঁস। আবার জলে ভরে আছে কোন কোন জায়গায়, দেখতে দেখতে প্রাণ গেল জুড়িয়ে। চলে এলাম কাকদ্বীপ স্টেশনটি বেশ উঁচু তার পর পায়ে হেঁটে এলাম লঞ্চ ঘাটে। উদ্দেশ্য জলপথে বাকি পথটা যাওয়া। কিন্তু সম্ভব হ'ল না কারণ নদীতে তখন ভাটা পড়ে গেছে। নদীপথে যাত্রার সুখানুভূতি হতে বঞ্চিত হয়ে অবশেষে বাস ধরলাম এবং চলে গেলাম গঙ্গারামপুর তারপর আড্ডির খেয়া অতিক্রম করে গিয়ে বসলাম ভ্যানে। এখন সবে মাত্র সন্ধ্যা হয়েছে, কৃষ্ণ পক্ষের প্রথমবার চাঁদ উঠেছে আকাশে। রাস্তাটা চলেছে ফাঁকা মাঠের মধ্য দিয়ে। অজানা অপরিচিত জায়গায় আধা আলো আধা অন্ধকার পরিবেশে গা ছম ছম করতে লাগল। কিন্তু এই যাত্রা পথে গেলাম গ্রামের এক অনাস্বাদিত শান্ত পরিবেশ। চাঁদের আলো পড়েছে জলে। দূর থেকে ভেসে আসছে— সন্ধ্যার ঘণ্টাধ্বনি এবং ঝিঁ ঝিঁ পোকার ডাক। চললাম আমরা আত্মিয়ের গন্তব্য স্থানের দিকে অবশেষে। আমরা পাথর প্রতিমার বাজার ছুঁয়ে আমাদের আত্মিয়ের বাড়িতে চলে এলাম। এখানে এসে আমরা প্রত্যক্ষ করলাম আত্মার সঙ্গে আত্মার মেল বন্ধন। রামহরিদার বাড়ি। সত্যি এখানে রামের এবং হরিদের আগমন। সবাই আমাদেরকে কি ভাবে আপ্যায়ন করা যায় তার ব্যবস্থা করতে লাগল। যাত্রার ক্লান্তি গেল কেটে। খাওয়া দাওয়া শেষ করে সবাই চলে গেলাম বিছানায়।

ভোরের পাখির ডাক এবং ছোটো বাছুরের হাম্বা হাম্বা ডাকে ঘুম ভেঙে গেল। উঠে পড়লাম বিছানা ছেড়ে। প্রাতরাশ সেরে, তপন, দিপালী এবং মোহানা সমেত আমরা যাত্রা শুরু করলাম ভাগবতপুর কুমির প্রকল্প দেখার জন্য। একটি মোটর ভ্যানে করে নদী বাঁধের উপর থেকে আমাদের ভ্যানটি এগিয়ে চলল। সকালে হালকার সূর্যের আলো এবং মৃদুমন্দ দক্ষিণে বাতাস, গ্রামের ছোটো ছোটো ছেলেমেয়েদের কৌতূহলী চোখ সব মিলিয়ে  আমাদের যাত্রাপথ ছিল মনোমুগ্ধকর, ভুলে গেলাম সমস্ত কর্মব্যস্ত জীবনের কথা। ভুলে গেলাম আমার বাসস্থানের কথা ৩০ মিনিট পরে চলে এলাম কুমীরপ্রকল্পে।

সপ্তমুখী নদীর নিকট প্রায় ৭০ একর জমি নিয়ে গড়ে উঠেছে এই কুমীর প্রকল্প। এই প্রকল্পে প্রথম কুমীর জন্ম গ্রহণ করে ১৯৮২ সালে। আমরা নদী বাঁধের নিকট গেলাম। দেখলাম সকালের প্রাকৃতিক সৌন্দর্য যা সমস্ত প্রকল্প দেখার-অনুভূতিকে দিল বাড়িয়ে। গামা গাছের ঝোপের মধ্যে নদী উপকূলে দেখলাম গেছো কাঁকড়া। সামুদ্রিক কাঁকড়াও ছোটো ছোটো ল্যাটা মাছ। সবাই আশা প্রকাশ করলাম বোটে চড়ার কিন্তু বিশ্রামরত বোটওয়ালা রাজি হল না। কুমীর থাকতে পারে এই ভয়ে আমরা চলে এলাম—কুমীর দেখার জন্য মূল জায়গায়। কুমীরের খাঁচাগুলির সম্মুখে গেলাম। বিভিন্ন খাঁচায় দেখালাম বিভিন্ন বয়সের কুমির। তবে কুমীরগুলির দেখে খুব ভালো অবস্থান আছে বলে মনে হল না। খাঁচায় কুমীরে সংখ্যাও যথেষ্ট কম বলে মনে হল। কোথাও যেন প্রকল্পের হতাশা ও অযত্নভাব দেখতে পাওয়া গেল। শ্যামলী এবং আমার স্ত্রী কুমীর গুলোকে তাড়া দিল। কিন্তু কোন উত্তর পাওয়া গেল না। জরাজীর্ণ কুমীরগুলোকে দেখে খুব খারাপ লাগল। সরকারী ব্যবস্থার অবহেলার শিকার বলে মনে হল। এই সমস্ত কুমীরগুলোকে দেখার কিছুক্ষণ পর ভাইঝি ও দিপালীর ডাকে চলে গেলাম প্রকল্পের বড়বাবুর কুঠিরে। শান্ত নিরীহ ভদ্রলোক, দেখে মনে হলো লোকালয় হতে তাঁকে নির্ব্বাসন দেওয়া হয়েছে। কিন্তু ভদ্রলোক মাটির সঙ্গে মিশে গিয়ে আতিথেয়তার কম করলেন না। তিনি আর দুই নাতীর ফটো দেখালেন। বললেন মন খারাপ হলে এই দুটি ফটো বাহির করে তিনি দেখেন। মনে পড়ে গেল রবীন্দ্রনাথের কাবুলিওয়ালার কথা। মনটা খুব খারাপ লাগল। তারপর তিনি তার বাড়ি হতে নিয়ে আসা আমের আচার খেতে দিলেন। আমার স্ত্রী খেতে না চাইলেও আমি খেলাম, খুব ভালো লাগল, ভুলে গেলাম আমারা নিজেকে। সবাইকে অনুরোধ করলাম আচার খাওয়ার জন্য যাতে ভদ্রলোক একটু আনন্দ পান। তিনি খাওয়ার কথা বললে আমরা তাঁকে কষ্ট দিতে রাজী হলাম না। তারপর তার মুখ থেকে শুনলাম, প্রকল্পের কুমিরগুলি Crocodile Porocious প্রজাতির এবং বঙ্গপোসাগরের মূলত খাড়ি অঞ্চলে থাকে। এই প্রজাতির কুমীরগুলো ভীষণ হিংস্র এরা সাধারণত মাংসাশী। এদের চামড়া বিদেশের বাজারে ৬০০-৭০০ টাকা প্রতি বর্গ ইঞ্চি বিক্রি হয়ে থাকে। সেকারণে চোরা শিকারিরা এই কুমীরগুলো হত্যা করতে থাকে। এবং ভারতসরকারের অরণ্য বিভাগ এখানে এই প্রকল্প গড়ে তলে মূলত এই কুমীরগুলো যাতে করে বিলুপ্ত হয়ে না যায় তা লক্ষ্য করার জন্য। এই কুমীরগুলো ১২ বছর পর প্রাপ্ত বয়স্ক হয় এবং বছরে একবার ডিম দেয় ১৫-৭৫টি এবং কোন গাছের নিচে কাদা দিয়ে এবং গাছের পাতা দিয়ে ঢিবি বানিয়ে ডিম পাড়ে এবং ২৭° ডিগ্রি তাপমাত্রায় রেখে দেয় যাতে করে ডিম ফুটে বাচ্চা হয়। তারপর গুটি গুটি পায়ে বড়বাবুর সঙ্গে এগিয়ে যেতে লাগলাম। বড় কুমীর দেখার উদ্দেশ্যে। যাওয়া পথে দুটো হরিণ শাবক দেখা গেল। গোলপাতা গাছের পাশ দিয়ে আমরা এলাম অন্য আর এক দিকে। এই স্থানটা ছিল অন্য জায়গা হতে বেশ কিছুটা নিরিবিলি এবং শান্ত। এখানে তারামাছের ন্যায় ত্রিকোনাকৃতির একটি কৃত্রিম খাল যার চারিদিক প্রাচীর দিয়ে ঘেরা। শোনা গেল এর মধ্যে সবথেকে প্রকল্পের বড় কুমীরটি আছে। যার

দৈর্ঘ্য লম্বায় প্রায় ২২ ফুট এবং সঙ্গে তিনটি স্ত্রীকুমীরও আছে। শান্ত জল, কোন রকম জলের কম্পন পাওয়া গেল না। হঠাৎ বড়বাবু আয় আয় করে কুমীর ডাকতে শুরু করলেন। কোথাও কোন সাড়াশব্দ নেই একটা সামুদ্রিক কাঁকড়া ঝুপ করে জলে পড়ল। তাকিয়ে রইলাম প্রকল্পের মহারাজাকে দেখার জন্য। বড়সাহেব বললেন আপনারা চুপচাপ থাকুন। আমরা আগ্রহের সঙ্গে অপেক্ষা করতে লাগলাম হঠাৎ ওই খালটার বেশ কিছুটা দূরে স্থির জলের মধ্যে একটু কম্পন দেখা গেল। কিন্তু কুমীরটাকে দেখতে পেলাম না। ভাবলাম আর বোধ হয় দেখা হবে না। বড়সাহেব বললেন ও এখুনি আসবে। তারপর ওই জলের মধ্য হতে কখন যেন কুমীরটা চলে এল আমাদের সামনে যেখানে ছোটো ছোটো হেঁতাল গাছের পাতাগুলো জলের মধ্যে পড়েছে এবং সেই পাতাগুলো যেন একটু দোল খেতে লাগল ঠিক যেন মৃদু হাওয়ায় পাতাগুলো এদিক ওদিক করতে লাগল। হঠাৎ সাহেব চলে গিয়ে একটা মাটির ঢেলা সংগ্রহ করে নিয়ে এলেন ছুঁড়ে দিলেন এবং তারপর এই বিশালাকায় ডাইনোসরের ন্যায় কুমিরটি হাঁ করে খাবারের প্রত্যাশায় এক অদ্ভুত শব্দ করে লাফিয়ে উঠল। আমি ভয়ে পালিয়ে গেলাম। আমার স্ত্রী এবং শ্যামলীও ভয়ে আড়ষ্ট হয়ে গেল তখন বুঝতে পারলাম এগুলো কতটা হিংস্র হতে পারে। কিন্তু আবার জল স্থির হয়ে গেল মহারাজা খাবারের প্রত্যাশায় এসেছিল কিন্তু ব্যর্থ হয়ে ফিরে গেল। তখন একটি দূরে দেখলাম একটা female কুমির একটা খেজুর গাছের গুড়ির ন্যায় ভেসে আছে। তারপর একটা প্রাচির টপকে গেলাম কাঠা দেখব বলে, এখানে একটি বড়পুকুর, স্থির হয়ে আছে জল। বড়বাবু বললেন এখানে কয়েকটা কাঠা আছে যে গুলি আমাদেরকে খুব মানে। তিনি আবার আয় আয় করে ডাকতে শুরু করলেন। একটা কাঠা চলে এল। জলের মধ্য দিয়ে তিনি সঙ্গে সঙ্গে গিয়ে সেটাকে ডাল থেকে তুললেন। আমরা আদর করে কাঠাগুলোর গায়ে আনন্দে হাত বোলাতে লাগলাম। বড়বাবু বললেন দেখবেন মুখে হাত দেবে না কামড়ে দিতে পারে। আবার ডাকলেন আরো কয়েকটা কাঠা চলে এলো। কিন্তু ওরা এসেছিল খাবারের আশায়, না খেয়ে আমাদেরকে আনন্দ দিয়ে আবার তারা যথাস্থানে চলে গেল।

তারপর আমরা বড়সাহেবের সহযোগীতায় প্রকল্প অনুসন্ধান জলের মধ্যে ঢুকলাম, দেখলাম কুমীর সংগ্রহের পদ্ধতি ছাড়া পদ্ধতি কুমীরের ডিম, বিভিন্ন প্রজাতির কুমীর প্রভৃতি। শেষ হয়ে গেল আমাদের কুমীর দেখার কাজ বড়বাবুকে দেখে খুব খারাপ লাগল অজানা অপরিচিত হলেও তো তিনি তো কিছুক্ষণ গল্প করতে পারলেন আমাদের সঙ্গে। বেরিয়ে পড়লাম প্রকল্পের বাহিরে। অপেক্ষা করছিল আমাদের মটর ভ্যানটি। ফিরে এলাম এক অনাস্বাদিত আনন্দ নিয়ে কিন্তু আমাদের মনের মণিকোঠায় রায় গেল কুমীর প্রকল্পের চরৈবেতির স্মৃতি।

**প্রদীপ হালদার**

শিক্ষক

# সাহিত্য, বিজ্ঞান ও সংস্কৃতিতে বেদ

সেই সৃষ্টির আদিকাল থেকেই মানুষ জানতে চেয়েছে সৃষ্টির রহস্য, বিবর্তনের ধারা, জগতের রহস্য। তবে মানুষের এইসব প্রশ্নের উত্তর জানিয়েছে কে? তার উত্তরটা একটু অন্যরকম হলেও আমি সহজেই বলব বেদ। পাঠকরা হয়তো অবাক হচ্ছেন? তবে আজ এই প্রবন্ধে আমি কিছু সামান্য তথ্য দেব।

আমরা জানি আগুন আদিকাল থেকেই মানুষের পরম বন্ধু। সেই বন্ধুত্ব নির্দ্বিধায় স্বীকার করেছেন বেদের ঋষি। দেবতার স্থান দিয়েছেন অগ্নিকে। বৃষ্টি ঝড়ঝঞ্ঝার স্তুতি করেছেন তাঁরা, পরিবেশের পরম বন্ধু অরণ্যের অবদানও ভোলেননি কখনও। সভ্যতার উত্থানে বন্দনা করেছেন নদীর।

বিজ্ঞানের জ্ঞানের সূচনা সেই বৈদিক যুগেই। সেদিনেই মানুষ জেনেছিল জ্ঞান বিজ্ঞানের নানা দিক। শুরু হয়েছিল অজানাকে জানা। সরে গেছিল রহস্যের পর্দা। ঋষিরা দেখেছিলেন মহাকাশের রহস্যকে, জেনেছিলেন গ্রহ নক্ষত্রের গতিবিধি। যজ্ঞবেদীর পরিমাপ থেকেই জ্যামিতির সৃষ্টি। এছাড়াও পাটিগণিত, বীজগণিত প্রভৃতি গণিতের বিভিন্ন ক্ষেত্রেই বেদের অবদান রয়েছে।

আজ আধুনিক যুগে ছাত্রছাত্রীরা। অ্যাবাকাশ নামক একটি পদ্ধতি অবলম্বন করে গণনা করে থাকে। এই অ্যাবাকাশের জন্ম বেদের যুগেই। তবে অস্বীকার করা যায় না চিকিৎসাবিজ্ঞানের কথা। অনেক দুঃসহ রোগের প্রতিকারে বেদের অবদান অপরিসীম। ভারতীয় ভেষজ চিকিৎসা শল্যচিকিৎসা, পশুচিকিৎসা প্রভৃতি খুবই উল্লেখযোগ্য। একটি ঘটনার উল্লেখ করতে হয় এ প্রসঙ্গে। অশ্বিদ্বয় ছিলেন বৈদিক যুগের এক বিশিষ্ট চিকিৎসক, যিনি ঋজাশ্বমুনির অন্ধত্ব দূর করে দৃষ্টিশক্তি প্রদান করেছিলেন। অশ্বিদ্বয় ছিলেন স্নায়ু ও চক্ষুরোগেরও দক্ষ চিকিৎসক। এছাড়াও মনোযোগ, শিশুরোগ, সর্বাঙ্গরোগের প্রভৃতি চিকিৎসাতেও দক্ষ চিকিৎসক ছিলেন অশ্বিদ্বয়। ঋগ্বেদে জলযান ও বিমানের উল্লেখ পাওয়া যায়।

বেদে সঙ্গীত বিদ্যারও অবদান কম ছিল না। সামবেদের মন্ত্রগুলি গান করা হত। প্রাচীন ভারতীয় উচ্চাঙ্গ সঙ্গীতের জন্ম সামবেদেই। এই যুগেই সৃষ্টি হয়েছিল সাত স্বরের।

সমাজের এক অন্যতম বিনোদনের বিষয় জাদুবিদ্যা বেদে ইন্দ্রজালেরও উল্লেখ পাওয়া যায়। ভূগোলের জ্ঞানও যথেষ্ঠ ছিল ঋগ্বেদের ঋষিদের। ঋগ্বেদে মুজাবৎ, বিন্ধ্য পর্বতমালার উল্লেখ আছে। পঞ্চনদী (শতদ্রু, ইরাবতী, চন্দ্রভাগা, বিতস্তা, বিপাশা) এছাড়াও অনেক নগর ও জনপদের উল্লেখ আছে তার মধ্যে সিন্ধু ও সরস্বতী সংলগ্ন জনপদ খুবই উল্লেখযোগ্য।

নাটক আজকের দিনে খুবই গুরুত্বপূর্ণ এক বিনোদনের বিষয়। ঋগ্বেদের সংবাদ সূক্ত থেকেই এর জন্ম বলা হয়। ঋগ্বেদের বিশ্বামিত্র নদী, যমযমী ইত্যাদি সূক্তিতেই নাটকের সূচনা। এই সূক্তগুলিতে দুজনের কথপোকথন তুলে ধরা হয়েছে।

এছাড়াও ঋগ্বেদের অগ্নিমন্ত্রে প্রথম পদ্যের সূচনা। ব্রাহ্মণ গ্রন্থের বিভিন্ন কাহিনীতেই গদ্যের সূচনা বলেই আমার ধারণা, তবে এক্ষেত্রে সত্যতা বিচারের দায়িত্ব পাঠকের কাছেই রাখছি। বেদের ঋষিরা শুধু সৃষ্টিরহস্যই উদ্ধার করেননি প্রকাশ করেছেন সৃষ্টিকর্তাকে। তাকে নব নব রূপে আবিষ্কার করেছেন। তাই আধুনিক ঋষিকবি রবিঠাকুর বলেছেন—''এই তো তোমার আলোকধেনু সূর্য তারা দলে দলে .... কোথায় ব'সে বাজাও বেণু, চরাও মহাগগনতলে''।।

তথ্যসূত্র

১। বৈদিক দেবতা এবং অশ্বিবয়—ড. রবীন্দ্রনাথ ভট্টাচার্য্য

২। বেদের পরিচয়— যোগীরাজ বসু

৩। একাদশের সংস্কৃতি নির্দেশিকা— বনবিহারী ঘোষাল

৪। গীতবিতান—রবীন্দ্রনাথ ঠাকুর (পূজা পর্যায়—৫২০)

**মানস ভট্টাচার্য্য**

শিক্ষক

# আলতো মাখছি.....

ঋতু পরিবর্তন তখনও হতো-এখনও যেমন হয়। কেবল ওদের গ্রীষ্মদুপুরের নির্জনতাকে পড়ে ফেলা যেত ছবিসমেত... যেখানে ছিল দুধসাদা বক, মাছরাঙার নীল, পানকৌড়ির ডুব। সে নির্জনতাকে ভাঙার অধিকার কোন ডিজিটাল শব্দের ছিল না, তাকে ভাঙতো কাঁসা-পিতল বিক্রেতার ধাতব শব্দের ছন্দ। সেখানে দেখা মেলে শিকের গরাদের জানলার ওপারে এক কিশোরীর, যার চোখের কোণে নিটোল, সুন্দর একফোঁটা জল। তাকে আদর মাখা ডাক দেয় দাদু, ''কাঁচামিঠে আম খাবে দিদিভাই?... খেয়েই দেখ না, কাসুন্দি দিয়ে মাখা!'' ২৫ শে বৈশাখের সন্ধ্যায় নাম না জানা কচি ছেলেটা যখন হারমোনিয়ামের সব রিডের নাগাল না পেয়েও আদুরে গলায় গাইতো, ''কোথাও আমার হারিয়ে যাওয়ার নেই মানা'' তখন কাঠের চেয়ারে বসানো ছবিতে কবির মালাপরা মুখখানি দেখে মনে হতো তাতে তৃপ্তির হাসি লেগে আছে।

প্রবল বর্ষায় যেদিন ইস্কুলে 'রেনি ডে' ঘোষণা হতো সেদিন রাস্তায় গৃহাভিমুখী ছেলে-মেয়ের দলকে বড়রা মনে মনে ছাতা হাতে নিয়ে ঈর্ষার চোখে দেখতো—ইচ্ছে হলেও যে আর তাদের দলে ভিড়তে পারবে না!... ভিজে একসা জামাকাপড় আর টিনের বাক্সে বুকের মধ্যে জাপ্টে ধরা বইখাতা নিয়ে বন্ধুর সঙ্গে ছপ্ ছপ্ করে জল ঘেঁটে বাড়ি ফিরতো তারা। দুপুর-জাগুনী মেয়েটা যত্ন করে কাগজের নৌকো গড়ে ভাসাতো বর্ষার জমা জলে। বাড়ির কর্তা মুখে জয়ের হাসি নিয়ে সন্ধ্যেবেলা একখানা বড় ইলিশ নিয়ে ফিরতেন কর্মক্ষেত্র থেকে।

ক্যাবলা ছেলেটা রথের মেলার পাঁপড় ভাজার পরিধি মাপতে বসতো অপার বিস্ময় নিয়ে। নতুন জামা পরে, তেল দেওয়া সিঁথে কাটা চুল নিয়ে, কপালে জরির টিপ পরে ছোট্ট মেয়ে অনেক-অনেক পুণ্যার্থীর ভিড়ে কোনওমতে একখানা নিখুঁত বাতাসা লুঠতে পারলে উছলে পড়া আনন্দ চারদিকে ছড়াতে ছড়াতে ছুট লাগাতো আপনজনের সঙ্গে পুণ্য ভাগ করে নেবে বলে।

শরতের আকাশে মেঘেরা 'যেমন খুশী সাজো' খেলতে শুরু করলেই বোঝা যেত পুজো এসে গেছে। এখনও হয়তো অমনই হয়, কিন্তু মনে হয় 'তখন' টা ভারি ভালো ছিল যেন! আর সেইসব বিজয়া সম্মিলনীই বা ভুলি কি করে!... দাদুর হাত ধরে যেখানে গিয়ে হাজির হতো পাড়ার মুখচোরা বালক, মেরেকেটে দু-লাইন 'প্রশ্ন' বা 'লিচুচোর' আওড়ে দিতে পারলেই পাওয়া যেত অনেক হাততালি আর একপাতা গরম মাংসের ঘুঘনি। আরেকটু বড় যারা, তারা বাড়ি-বাড়ি গিয়ে সব্বাইকে ডেকে এনে বিজয়ার প্রণাম করতো আর কুঁচো গজা, পদ্ম নিমকি, নারকোল ছাবা খেতে পেত। আন্তরিকতা আর ভালোবাসার কড়া পাহারায় 'অম্বল', 'ডায়েট' ইত্যাদি ভিলেন শব্দগুলো ওদিকে হানা দিতে তখন সাহস পেত না।

কার্তিকের আকাশ প্রদীপ আর ছাতিম ফুলের গন্ধ তো হেমন্তের একান্ত নিজস্ব, তবে সেই গন্ধেই শীত আসছে অনুভূত হতো। শীত এখনও আসে, তবে এখন তার মাপা-হিসেবী চলাচল বুঝিয়ে দেয় কালের নিয়মে সেও নিজেকে অন্য ধাঁচে গড়ে নিয়েছে। ছাদে রোদ লাগাতে দেওয়া লেপের ওপরে বসে মাধ্যমিক পরীক্ষার আগে এখন আর কেউ টেস্টপেপার সল্ভ করে কিনা জানা নেই। ওদিকে নলেনগুড় কখন জানি উগ্র আধুনিক হয়ে আইসক্রিমের সঙ্গে জোট বেঁধেছে। নিজেদের কৌলিন্যকে USP করে কড়াইশুঁটির কচুরী আর পিঠে-পুলি শীতের মেলায় ভালো স্কোর করছে। এসব কিন্তু মন্দ নয়, অন্তত ঐতিহ্য আর আধুনিকতায় কোন আড়ি কিন্তু কোনকালেই ছিল না, শুধু এখন অধিক গলাগলি তাদের।

কাস্টমাইজ্ড, ফ্রোজেন ইত্যাদি বিকল্পে শপিং মলের শীতলতায় বারোমাসী হয়ে ওঠার আগে বসন্তের যখন খুব অল্প সময়ের জমকালো উপস্থিতি থাকতো নতুন গজানো কচি লাল পাতায় অথবা কিশোরীর গালের হলুদ আবিরে তখন আর সেই আলগা শ্রী দেখে মুগ্ধ মন তার কপালে একখানা কাজলের টিপ দিয়ে দিত...পাছে নজর লেগে যায়! বুকের ভেতর সে বসন্ত আজও সোহাগে-আদরে লালিত হয়, কেবল ছেলেবেলার সেই কিশোরীকে আর খুঁজে পাওয়া যায় না।

আসলে জীবনের বহমানতার সঙ্গে চলতে চলতে মানিয়ে নেওয়ার হোমওয়ার্ক মানুষের মতো প্রকৃতিও করে নিয়মিত। 'আমাদের সময়' কথাটা কারো কাছে মিথ, কারো কাছে আপেক্ষিক কিন্তু মধ্যবয়স স্পর্শ করলেই তার কথা সবাই বলে—তাকে আগলে রাখে পরম যত্নে। ফিরবো বললেই ফেরা যায় না, কিন্তু এক-আধবার সাবধানে ফিরে তাকালে ক্ষতি কী?

**অনুস্মিতা চ্যাটার্জী**

শিক্ষকা

# ভিক্ষুক

আলোয় আলোয় ভরা চারিদিক
তবু অন্ধকারে ঢাকা,
পথে পথে ভিক্ষা চাইছে,
পাশের বাড়ির কাকা।
কাকা বলল, মিঠুন আজ খুশি,
ওই ছেলেটা বড়ো দোষী
তা হলে কী হবে আজ
তারা বিকেলে পড়বে নামাজ,
পথে পথে ওড়ে জোনাকি
দুর্গাপূজার ঢাক বাজায় ঢাকি

তুই তাহলে কী উড়িবে নাকি
বলে কাকা ঘুরে বেড়ায়
ভিক্ষা চাই ভিক্ষা
সব লোকে আমার দেয় মানুষ হবার দীক্ষা।
বললো ছেলে ওড়ায়,
পাখির মতো ঘোরায়,
সন্ধানে তার খুঁজে বেড়াই
সারা দেশের কোনায়।

**রূপেশ মণ্ডল**
শ্রেণি-পঞ্চম

# ডাস্টবিন

প্লাস্টিক, কাগজ বা পলিথিন
সবই আমার অধীন।
ছোটো থেকে বড় সবাই ব্যবহার করো আমাকে
আমি ডাস্টবিন।
পরিবেশকে করবো নির্মল,
চারিদিক করবে ঝলমল।
পরিষ্কার থাকবে রাস্তা,
ফেলো সবাই অব্যবহৃত বস্তা,
আমাকে দেখলে তোমরা নাকে দেও রুমাল,
বজ্র নিয়ে পরিবেশকে দিই আমি সামাল
আমি তোমাদের বন্ধু
সবাই ব্যবহার করো আমাকে
নিজেও আমাকে ব্যবহার করো অপরকেও বলো ব্যবহার করতে
কথা দিচ্ছি আমি পরিবেশকে নির্মল রাখব মরতে মরতে।

**অভিরাজ দাস**
শ্রেণি-পঞ্চম

# মা

মাকে আমি ভালোবাসি।
আমার সোনা মাকে,
সকল কাজের মধ্যে দিয়ে—
খুঁজি শুধু তাকে।
সবাই বলে ঠাকুর বড়ো,
আমি বলি না!
সবার চেয়ে যিনি বড়ো
তিনি হলেন ''আমার মা''।

**মোহিত বেরা**
শ্রেণি-পঞ্চম

# ইচ্ছে

মনে মনে ভাবছিলাম
ম্যাগাজিনে কী লিখব আজ?
লেখার ভারি ইচ্ছা ছিল
নাই তো কোনো কাজ!
বসে বসে শুধুই ভাবি
আকাশ-পাতাল যত
আসছিল না যে মাথায় কিছুই
কাগজ ছিঁড়ছি শত শত।
হঠাৎ দেখি—
খেলার ছলে লিখলাম এক পদ্য
কেমন হল বোলো কিন্তু
এখন নেই কেন কোনো শব্দ!

**আয়ুষ পাল**
শ্রেণি- ষষ্ঠ

# গাছ কেটোনা বন্ধুরা

গাছ কেটোনা বন্ধুরা
গাছেরও তো লাগে ব্যথা,
গাছ আমাদের দিয়েছে এত
ভুলে যেন না যাই সেই কথা।

গাছ কেটোনা বন্ধুরা
গাছের যে লাগে ব্যথা,
সব উদার করে দিলো সে
ভুলে গেলে সেইসব কথা।

গাছ কেটোনা বন্ধুরা
ভুলে গেলে জগদীশের বাণী,
গাছেরো যে প্রাণ আছে
মন দিয়ে সে কথা শুনি।।

**রাজশেখর সাহা**
শ্রেণি-সপ্তম

# অত্যাচারিত প্রকৃতি

পাতা ও ফুলের কলি,
ভরে থাকবে অলিগলি।
থাকবে নানা বিচিত্র প্রাণী,
তাদের সুমধুর কাহিনী
এই কল্পিত স্নিগ্ধ পৃথিবী,
বানাতে হবে আমাদেরই।

বর্তমানে ধোঁয়া আর বালি
বাতাসে উড়িতেছে খালি,
বিলুপ্ত হচ্ছে পশুপ্রাণী—
আমরা তা সবাই জানি।
রোগ বাড়ছে দিনে দিনে,
বাঁচার উপায় হবে এবার বিশুদ্ধতা চিনে।

ভবিষ্যতে সংকটে পড়বে,
প্রাণেরও ছোঁয়া
পৃথিবী উন্নত হচ্ছে যত,
প্রকৃতির বৈচিত্র্য যাচ্ছে তত, রসাতলে
আবিষ্কৃত হয়েছে কৃত্রিম বুদ্ধিমত্তা
হারিয়ে ফেলছে পৃথিবী নিজের সত্তা
হে ভুবন কর্তা
তুমি মানুষকে বোঝাও সত্তর
অত্যাচার করলে প্রকৃতির উপর
প্রকৃতি হবে আরও কঠোর
আমাদের উপর।

**সৈকত মিত্র**
শ্রেণি - অষ্টম

# বোকা

বোকা তুমি
বোকা হলে
জানো না তো
কী হবে।
আমার মতো
কাঁদবে তুমি
প্রতিদিন ক্ষণে ক্ষণে।
মা বলেন চালাক হও!
বাবাও বলেন চালাক হও!
কি ভাবে যে চালাক হয়
কেউ যদি দাও বলে আমায়।
চাইনা আমি চালাক হতে
নিজের মতোই চাই হতে।

**অপূর্ব কর্মকার**
শ্রেণি - ষষ্ঠ

# দুগ্গা পুজো

পুজোই বা আর কদিন বাকি?
কড়া নাড়ছে ঘরের দোরে—
নতুন জামা, নতুন কাপড়
মহালয়া শোনা অনেক ভোরে।
মা আসিবেন নৌকা চড়ে।
সঙ্গে লক্ষ্মী, গণেশ, সরস্বতী
কার্তিকও তো থাকবে সাথে
মায়ের আরাধনা মোদের শুভরীতি।
শরৎ-এর এই শুভ দিনে
মা আসিবেন মোদের ঘরে
একশো আটটি পদ্ম সহ
মা সাজিবেন গহনা পরে।
ষষ্ঠী হইতে নবমী পর্যন্ত
মা পূজিত হবেন ঘরে
দশমীতে হবে শত কষ্ট
মা যাইবেন আলতা-সিঁন্দুরে।

**রিয়াংশু দাস**
শ্রেণি- অষ্টম

# ময়না

আমাদের আছে একটি পাখি
নামটি তার ময়না।
সে মুখটি বুজে থাকে—
কারোও সাথে কথা কয়না।
যতো বলি ময়না
একটুখানি লেখাপড়া কর্না?
মুখটি খুলে বল্
অ, আ, এ, বি, সি, ডি,
কিন্তু কে কার কথা শোনে—
সে তো কারোও কথা
কানেতেই নেয় না।
যতো বলি ময়না মুখে বল্
ওয়ান, টু, থ্রি, ফোর
কিংবা এক, দুই,
পড়ার কথা বলতে গেলে
মুখে কিছু না বলে
মাথা নেড়ে বুঝিয়ে দেয়,
আমার বড়ো ঘুম পেয়েছে—
আমি একটুখানি শুই।

**সুজন ঘোষ চৌধুরী**
শ্রেণি- ষষ্ঠ

## রাজনীতি না দুর্নীতি

আমাদের দেশ যেন বিকট রাজনীতি
নেতারা নিচ্ছে যেন দুর্নীতির নীতি
নেতার কাজ নাম, নাকি চরম সংগ্রাম
নেতা হয়ে বাড়ায় চাকরির দাম।
নেতা হয়ে কেন বড়োলোক হওয়ার সাধ
প্রজার ওপর কেন অত্যাচার, তার কি অপরাধ?
শিক্ষার নামে অশিক্ষা, দেশ দখলের লোভ
অন্যদিকে চলে ধর্মে ধর্মে ক্ষোভ।
স্বাধীন হয়েও পরাধীন এই দেশের প্রজা,
শেষ হবে না কোনও দিনও নতুন রাজা খোঁজা।

**অঙ্কিত ভট্টাচার্য্য**
শ্রেণি- দশম

## জ্ঞানের লাইব্রেরি

বই কথা বলে নিজের ভাষায়,
নিজের জ্ঞানের ছাপ রেখে যায়
পাতায় পাতায়।
নিজের চোখে স্বপ্ন দেখায়,
নিজের মুখে কথা বলায়,
এ বই না জানি কী কী বলে
ও দেখিয়ে যায়।
কখনো পড়লে কোনো বিপদে,
বই আমাদের পথ দেখায়
সাথে সাথে,
বই বন্ধু, বই সঙ্গী, বই আমাদের
জ্ঞানের লাইব্রেরি।

**রনিত পাল**
শ্রেণি-অষ্টম

## নববর্ষ

শেষ হলো এই চলতি বছর
বাংলা ক্যালেণ্ডারে,
আবার এলো নববর্ষ
সারা বাংলা জুড়ে।
সকাল থেকে ব্যস্ত মানুষ
নানান অনুষ্ঠানে,
অনেকে আবার উঠেছে মেতে,
নাচে এবং গানে।
এই দিন সব দোকানদারেরা—
নব হালখাতা গড়ে,
বাঙালিরা সব সকাল থেকেই
ভোজনে মেতে পড়ে।
এই দিনেতে বড়োরা-ছোটোরা
নতুন জামা পরে,

নানান জাতের নানান মানুষ
একত্রে হয়ে পড়ে।
নতুন ভাবে শুরু হয় এই
জীবনের পথচলা—
জীবনের বাধা কাটিয়ে ওঠার,
আবার এসেছে পালা।
এইভাবেই বরণ হবে
আমাদের নববর্ষ,
দুঃখ, বাধা হয়ে যাবে দূর
সুখ আনবে স্পর্শ।।

**শৌর্য্য পাল**
শ্রেণি- অষ্টম

# স্বাধীনতা তুমি

স্বাধীনতা তুমি বিজয়ের মালা
রক্তে ফোটা কুঁড়ি,
ত্যাগের বিনিময়ে ছিনিয়ে আনা
রক্তস্নাত নুড়ি।
স্বাধীনতা তুমি শিশির ভেজা
নরম দূর্বাঘাস,
লাখো শহীদের রক্তে গড়া
বেদনার ইতিহাস।

**রনিত পাল**
শ্রেণি-অষ্টম

# ঝমঝম বর্ষা

আজ খুব বৃষ্টি
দিন ভারী মিষ্টি
দিয়ে সেথা দৃষ্টি
ভাবছি বসে বসে,
নেই কোনো কাজ
সময় কাটতে নারাজ
অঙ্ক কষে কষে।
যদি পাই তুলি
সাথে রং গুলি
সবকিছু ভুলি
আঁকার খাতায়।
চোখ রেখে দূরে
মন যাবে উড়ে
সারাদিন ঘুরে,
মেঘের ডানায়।

**প্রসেনজিৎ বাগ**
শ্রেণি-পঞ্চম

# বারো মাসে তেরো পার্বন

আশ্বিনে দুর্গাপূজা
প্যাণ্ডেলে প্যাণ্ডেলে ছোটা,
কার্তিকে কালিকা পূজা
ভাই দ্বিতীয়ার ফোঁটা।
অগ্রহায়ণে নবান্ন দেয়
নতুন ধান কেটে,
পৌষ মাসে বাউনি বাঁধে
ঘরে ঘরে পিঠে।
মাঘ মাসে শ্রীপঞ্চমী
ছেলের হাতে খড়ি,
ফাগুন মাসে দোল যাত্রা
রঙের ছড়াছড়ি।
চৈত্র মাসে চড়ক পূজা
গাজনে বাঁধে ধারা,
বৈশাখ মাসে তুলসী গাছে
দেয় বসুধরা।
জ্যৈষ্ঠ মাসে জামাই ষষ্ঠী
জামাই আনতে ছোটে,
আষাঢ় মাসে রথযাত্রা
যাত্রী ধুলায় লোটে।
শ্রাবণ মাসে ঝুলনযাত্রা
খই আর মুড়ি,
ভাদ্র মাসে বিশ্বকর্মা পুজো
ছেলেরা ওড়ায় ঘুড়ি।

**রূপায়ন মণ্ডল**
শ্রেণি- সপ্তম

# শৈশবের শেষ ইতিহাস

চার দেয়ালে আবদ্ধ
    অগাধ মধুময় স্মৃতি
মনে থাকবে
    টিফিন নিয়ে কাড়াকাড়ি,
    বন্ধুদের সাথে খুনসুটি,
    কখনো বা মারামারি।
লাস্ট বেঞ্চে লিখে রাখা
    বন্ধুদের নাম
বোর্ডে চকের দাগে স্যারের লেখা
    নিউটনের গতিসূত্র।
চার পিরিয়ডে টিফিনের ঘণ্টা
    সিঁড়ি ভেঙে দৌড়
হাতে টিফিন বক্স নিয়ে
    ছুটতে থাকা আমাদের দল।
নির্জন নিস্তব্ধতায় ভেসে আসে,
    স্কুলের কোলাহল
ঠিক যেন বন্ধু হারাবার কাতর ব্যথায়
    বিহ্বল দৃষ্টিতে তাকিয়ে থাকে স্কুলটা।
ভেসে আসে,
    স্যারের বকাবকি কিংবা শাস্তি
মুহূর্তগুলি যেন
    চুপিসারে দিয়ে চলেছে ফাঁকি।
শৈশবের কফিনের শেষ পেরেক
    স্কুলের সমাপ্তিতে
সাক্ষী থাকবে সাতটি বছর
    স্কুলের স্মৃতির আবেশে।
শিথিল হবে সম্পর্ক,
    ধুলোমাখা শহরে,
স্কুল নামক শাশ্বত বস্তুটি
    আজীবন রইবে অন্তরে।

**মানস কুমার দেওঘরিয়া**
শ্রেণি- দ্বাদশ, বিভাগ-কলা

# ট্রাম


ওহে!
যেও না, একটু দাঁড়াও।
শুনে যাও আমার কথা
তোমাদের আচরণে লেগেছে আমার ব্যথা।
মনে পড়ে সেই দিনের কথা,
১৮৭৩
শুরু হয়েছিল আমার দৌড়।
ঘোড়ায় টেনে নিয়ে যেত
শিয়ালদা থেকে আর্মেনিয়ান ঘাট,
আমি দেখতাম লোকজনের অবাক হাবভাব।
কিন্তু বন্ধ হলাম সেই বছরেই...
ফিরে আবার এলাম
সালটা তখন ১৮৮০
সারা শহর জুড়ে তখন আনন্দের হাসি।
শৈশব থেকে কৈশোরে
বেড়ে উঠলাম কল্লোলিনীর বুকে,
পাশে রইলাম এই শহরের
সমস্ত সুখে দুঃখে।
কৈশোর থেকে যৌবনে
ছড়িয়ে পড়লাম শহর জুড়ে,
কিন্তু ১৯৯০-এর পরে
তোমরা আমায় ঠেলে দিয়েছো দূরে।
ছিলাম তখন শহর জুড়ে,
সরতে সরতে স্থান আমার
এখন শুধু স্মরণিকায়।
তুমি যেখানে দাড়িয়ে আছো
যেতাম আমি ওখান দিয়ে,
ঠং ঠং শব্দ তুলে, গর্ব করে মাথা নেড়ে,
এখন শুধু নিঃশব্দের হাহাকার।
আমি শুধু তাকিয়ে আছি তোমাদের দিকে
জানি বাঁচাবে আমায়
চলবো আমি—
আবার এই কল্লোলিনী তিলোত্তমার বুকে!

**ঋক মণ্ডল**
শ্রেণি- দ্বাদশ, বিভাগ-'ক'(বিজ্ঞান)

# সাধ

আমার মনে সাধ জাগে মা,
আকাশ নীলে উড়তে
রাতের খেলা দূরের দেশে
তারার বনে ঘুরতে
ভোরের বেলা শিশির হয়ে
ঘাসের শীষে জ্বলতে
পাখির মতো মধুর সুরে
মনের কথা বলতে।

**অনিক কর্মকার**
শ্রেণি- নবম



# উত্তরণ

বালিগঞ্জ সার্কুলার রোডে একটি চারতলা ফ্ল্যাটবাড়ি। ফ্ল্যাটবাড়ির সামনেই একটি বড়ো খেলার মাঠ, মাঠের পশ্চিম কোণায় একটি কৃষ্ণচূড়া গাছ। ফ্ল্যাটটির ডানদিকে একটি বাঁধানো পুকুর। ভোরের স্নিগ্ধতায় কতগুলি হাঁস যখন জলে খেলা করে কিংবা মাছের খোঁজে কিছু সাদা বক যখন পুকুরের উপর দিয়ে শুভ্র পাখা মেলে উড়ে যায়, তখন প্রকৃতির উপর দিয়ে শুভ্র পাখা মেলে উড়ে যায়, তখন প্রকৃতির বুকে এক অপার্থিব সৌন্দর্যের জন্ম হয়। ফ্ল্যাটবাড়ির দোতলায় দক্ষিণ দিকে একটি ছোট্ট দুই কামড়ার ফ্ল্যাটে থাকেন উজান ব্যানার্জ্জী, তার স্ত্রী ঋতজা ব্যানার্জ্জী এবং তাদের একমাত্র সন্তান উত্তরণ। বালিগঞ্জে সত্যপীঠ বিদ্যামন্দির হাইস্কুলের ক্লাস এইটের কৃতি ছাত্র সে। বরাবরের মেধাবী এই ছাত্রটি পড়াশোনার পাশাপাশি ক্রিকেট খেলা, ক্যারাটে এবং গিটার বাজানোতেও বেশ পটু। স্কুলের সমস্ত শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্রদের মধ্যে উত্তরণ ব্যানার্জ্জী বেশ জনপ্রিয় একটি নাম। উত্তরণ অত্যন্ত ভদ্র, সংবেদনশীল, মার্জিত, রুচিবোধসম্মত একটি ছেলে। পড়তে পড়তে ক্লান্তি এসে মনের দরজায় যখন কড়া নাড়ে, তখন এক ছুটে ও মাঠে চলে যায় বন্ধুদের সাথে ক্রিকেট খেলতে। এর অবসর সময়ে ও প্রকৃতির মধ্যে একেবারে একাত্ম হয়ে যায়। সকালে ঘুম থেকে উঠেই দক্ষিণের বারান্দায় দাঁড়িয়ে হাঁসেদের জলকেলি দেখা, কতঅজানা পাখির ডাক শোনা—এসব ও সমস্ত সত্ত্বা দিয়ে অনুভব করে। আর সবচাইতে প্রিয় ওর প্রাণাধিক কবিতার খাতা যেখানে ও কল্পনায় তুলি বুলিয়ে ফুটিয়ে তোলে ওর সমস্ত অভিজ্ঞতাকে। সারাদিনের ইঁদুর দৌড়ের মধ্যেও ওর মনের এই সুকুমার বৃত্তিগুলিই ওকে সজীব করে রেখেছে। কিন্তু সকলের চোখে ভালো ছেলে, কৃতি ছাত্র কখন যে নিজের অজান্তেই সকলের উচ্চাকাঙ্ক্ষার শীর্ষবিন্দুতে পৌঁছে গেছে, তা ও নিজেও জানে না।

সময়টা গ্রীষ্মকাল। সামনের কৃষ্ণচূড়া গাছটি লাল আভা ছড়িয়ে আপন অহংকার প্রকাশ করছে। এখনও মাঝে মাঝে কোকিলের কূজন শোনা যায়। এপ্রিল মাস। সামনেই প্রথম পার্বিক পরীক্ষা। প্রকৃতির প্রতি সমস্ত ভালোবাসাকে মনের এক কোণায় সরিয়ে উত্তরণ পড়ায় মন দিয়েছে। এবারও তাকে প্রথম হতে হবে। কিন্তু মনটা কদিন ধরেই বিক্ষিপ্ত। এত করে অঙ্ক practice করেও যেন বিষয়টাকে বাগে আনা যাচ্ছে না! সে তো অমনোযোগী ছাত্র নয়। প্রতিদিন অঙ্ক অভ্যাস করে সে। তবু যেন এতদিনের চেনা সুরটা ঠিক মিলছে না। রাত দশটা। রান্না ঘরে লাগাতার আওয়াজ হয়ে চলেছে। ঋতজা দেবী রাতের খাবার তৈরীতে ব্যস্ত। তিনি ছেলেকে নরম গলায় ডাকলেন।

— বাবু খাবার দিয়েছি। খেতে আয়।

— এই যাই মা। দশ মিনিটের মধ্যে আসছি। আর চারটে অঙ্ক করলেই Chapter টা শেষ হয়।

গর্বে বুক ভরে ওঠে মায়ের। সত্যিই তো! নিজের লেখাপড়ার প্রতি দায়িত্ব, ভালোবাসা এই

বয়সে কটা ছেলেরই বা হয়! বাবু ওর বাবার মতই কৃতি হবে একদিন, নিশ্চয়ই। মি. উজান ব্যানার্জ্জী দক্ষিণ কোলকাতার একটি নামকরা কলেজের অঙ্কের অধ্যাপক। ছেলেকে নিয়ে গর্বের ছোঁয়া তার হৃদয়ের এককোণায় যত্নে লালিত হচ্ছে, অবশ্য তিনি তা বুঝতে দেন না কাউকে।

আর তিনদিন পর পরীক্ষা শুরু। সেকেণ্ড বেঞ্চের এক কোণায় মনমরা হয়ে বসে আছে উত্তরণ। আশে-পাশে বন্ধুদের হট্টগোল, স্যার-ম্যাডামদের পড়ানো—তার কিছুই ভালো লাগছেনা। জীবনে প্রথমবার কোনো বিষয়ের প্রস্তুতি তার মন মতো হয়নি।

— কিরে টিফিন খাবি না? ঘোর কাটল বেষ্ট ফ্রেণ্ড আরণ্যকের ডাকে।

— তুই খা।

— কি ব্যাপার রে? কদিন ধরেই দেখছি তুই কেমন যেন অন্যমনস্ক।

— তেমন কিছু না। তুই যা। টিফিন খেয়ে খেলতে যা।

— আরে বল্ না কি হয়েছে? বন্ধুকে বললে দেখবি হাল্কা লাগবে।

— তুই যা তো! আমায় বিরক্ত করিস না। নিজের গলায় বিকৃত স্বরে নিজেই চমকে গেল উত্তরণ। আর একরাশ প্রশ্ন চোখে অবাক দৃষ্টিতে তাকিয়ে রইল আরণ্যক।

স্কুল ছুটি হয়ে গেছে। বাইরে অসহ্য গরম। গাছ-পালা, নদী-নালা, পশু-পাখি এমনকি মানুষ জনও যেন প্রকৃতির তালে তাল মিলিয়ে খানিক মুগ্ধ হয়ে উঠেছে। এক পশলা বৃষ্টির জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছে সবাই। শুধু নীরবে বৃষ্টি ঝড়ে পড়ছে উত্তরণের হৃদয় থেকে।

ঋতজা দেবীও ছেলের এই আকস্মিক পরিবর্তনে বিস্মিত ও চিন্তিত। ছেলের মুখের মেঘের ঢেউ আছড়ে পড়েছে মায়ের বুকেও। কলেজ থেকে বাড়ি ফেরা মাত্রই উজানবাবুকে তিনি বললেন,

— বাবু যেন কদিন ধরে বেশ অন্যমনস্ক, মনমরা। কেন বল তো? আমার কেন কেমন যেন ভয় লাগছে।

— ও কিছু নয়। বয়ঃসন্ধির দোড়গোড়ায় তো। এসময়ে মনের ওঠা-পড়া হয়েই থাকে। এ নিয়ে চিন্তা কোরো না।

কথাটি যতটা আকস্মিকভাবে উঠল, ততটাই আকস্মিকভাবে শেষ হয়ে গেল।

শুধু সন্ধ্যাবেলার ভ্যাপসা, গরম বাতাস ঘরের পরিবেশকে আরও খানিকটা ভারী করে দিয়ে গেল।

৩

আজ থেকে পরীক্ষা শুরু। প্রথমদিন বাংলা, ইতিহাস, পরীক্ষা বেশ ভালোই হয়েছে উত্তরণের। সাহিত্য তার প্রিয় বিষয়। নিজের মনের কল্পনাকে যথেষ্ট প্রশ্রয় দেওয়া যায় এখানে।

আজ মন তার খানিক ভালো। কিন্তু কাল? কাল কী হবে? এক পাহাড় বিষণ্ণতা বুকে নিয়ে ধীরে ধীরে বাড়ি ফিরে আসে সে। পরদিন সকালে কলেজে খাবার আগে বাবা ডাকলেন উত্তরণকে।

— বাবু, আজ তোর অঙ্ক পরীক্ষা তো? ধীরে মাথা নাড়ায় ছেলে।

— বুঝলি তো! ক্লাস এইট হল মাধ্যমিক নামক মিনারটির শীর্ষে ওঠার প্রথম সিঁড়ি। আর এখন থেকেই তোকে বিজ্ঞানের বিষয়গুলিতে ভালোবেসে লক্ষ্য স্থির করে এগিয়ে যেতে হবে। বিজ্ঞান নিয়ে পড়াশোনা ছাড়া আর কোনো গতি নেই। এই তো আমাদের কলেজের তর্পণ বাবুর ছেলে I.I.T তে পড়াশোনা করছে। তোর উপর আমার অনেক আশা। ভালো রেজাল্ট করা চাই কিন্তু! গম্ভীর স্বরে বাবার বক্তব্য শেষ হল।

আর উত্তরণ! সে মাথা নীচু করে শুনতে শুনতে হঠাৎ তার বুকের মধ্যে মহাসমুদ্রের উত্তালতা অনুভব করল। সেই স্রোতের টানে সে একবার ডুবছে, একবার ভাসছে। তার নিজের জীবন, অথচ তার নিয়ন্ত্রণ নেই!

যথারীতি পরীক্ষা শেষে ক্লান্ত উত্তরণ বাড়ি ফিরল, না! পরীক্ষা তার ভালো হয়নি। অথচ বন্ধুরা বলল প্রশ্ন এমন কিছু কঠিন হয়নি। অঙ্ক পরীক্ষা খারাপের অভিঘাতে বাকি পরীক্ষাগুলিও আশানুরূপ হল না। রেজাল্ট বের হলে দেখা গেল প্রথমদিনের পরীক্ষার বিষয়দুটি ছাড়া কোনো পরীক্ষার নম্বরই আশানুরূপ হয়নি, আর অঙ্কে? ১৫য় ৫!

৪

হঠাৎ সবকিছু কেমন বদলে গেল। চেনা সুর-তাল-লয় কেটে একাকার। প্রকৃতির নিয়মে গ্রীষ্ম ঋতুর পর বর্ষাসুন্দরীর আগমন হয়েছে। অঝোর ধারাপাত বাইরের সব মলিনতাকে ধুইয়ে আবার সজীব করে তুলল। শুধু নিয়তির এক বিচিত্র খেয়ালে গ্রীষ্ম তার সমস্ত দহনজ্বালা এই দু'কামড়ার ফ্ল্যাটবাড়িতে যেন রেখে গেল। মায়ের মুখে হাসি নেই। বাবা ভাষাহীন। না! কোনো কড়া শাসন নয়। বরং উপেক্ষা-অবহেলার শিথিল শাসন যে কত প্রাণকে রক্তাক্ত করে তোলে, তার হিসাব কজন রাখে? অঙ্কের মাস্টার এখন দু'জন। উত্তরণও পড়ার সমুদ্রে ডুব দিয়েছে। খেলাধূলা, কবিতা লেখা— এ যেন গত জীবনের স্বপ্ন! কিন্তু এত পড়াশোনা, মা-বাবার আশা-আকাঙ্ক্ষা ও নিজের প্রাণপাত পরিশ্রম সব কেমন যেন বিফলে চলে গেল দ্বিতীয় পার্বিক পরীক্ষার ফল বের হবার সাথে সাথে। না! উত্তরণ এবারও পারেনি। অঙ্ক বিষয়টি দিন-দিন তার কাছে দুরূহ হয়ে উঠছে। অঙ্কের calculation আর এর জীবনের calculation যেন মুদ্রার এপিঠ-ওপিঠ। স্কুলে টিচারদের মধ্যেও গুঞ্জন ... কী যে হল এত ভাল ছেলেটার। বললেন অঙ্কের মাস্টারমশাই সুনীলবাবু। পাশ থেকে বিজ্ঞানের স্যার গৌরববাবু বললেন— ছাড়ুন তো! ছোটবেলায় অনেকেই ভাল থাকে ... বরাবর ভালো রেজাল্ট করা সকলের কর্ম নয়... বুঝলেন? ওর বাবার সবসময় একটা প্রচ্ছন্ন অহংকার যেন। আরে এর চেয়ে ছেলেটার দিকে নজর দিকে কাজের কাজটি হত। শুধু টিচার্স রুখে ইংরাজীর মাস্টারমশাই কণাদবাবু একবার বললেন— ছেলেটা কিন্তু Literature এ বেশ strong. সবাইকে যে অঙ্ক ভালোবাসতেই হবে তার কী মানে আছে? কিন্তু টিচার্স রুমে সবার কথাবার্তা ... হট্টগোলে ওনার কথা হারিয়ে গেল।

আর ছোট্ট উত্তরণ! সে যে কোন্ ফাঁকে টিচার্স রুমের দরজার পর্দার একপাশে এসে দাঁড়িয়েছিল কেউ জানল না। শুধু এক বুক দীর্ঘশ্বাস, গ্লানি আর হতাশা সঙ্গে করে ক্লান্ত পায়ে স্কুল থেকে বের হয়ে এল সে।

কিন্তু এত সহজে সে হার মেনে নেবে? শেষ চেষ্টা করে দেখবে না! শুরু হল কঠোর অধ্যবসায়। দিন-রাত এক করে অঙ্কের প্রস্তুতি, কারো সাথে কোনো কথা নেই... বন্ধুদের সাথে আড্ডা নেই, খেলা নেই, কবিতার খাতায় নেই নিজেকে আবিষ্কারের তাড়না কিংবা প্রকৃতির প্রতি মুগ্ধতা। সারাদিন নিজের অপছন্দের বিষয়টাকে আপন করে নেবার প্রচেষ্টা! লোকের চোখে আবার ভালো হবার তাগিদ ... মা-বাবার চোখে সেই প্রচ্ছন্ন অহংকার দেখার নেশা ... আর এসবের মাঝে তার শৈশব? সে মুখ লুকিয়েছে তার অন্তরের গোপনতম কুঠুরিতে।

দেখতে দেখতে নভেম্বর মাস এসে গেল। আর সাত দিন বাদে বার্ষিক পরীক্ষা। উত্তরণের মন এখন উত্তাল। সে পারবে তো? সকলের প্রত্যাশা পূরণের এই গুরুভার সে বহন করতে পারবে তো?

আজ বার্ষিক পরীক্ষার প্রথম দিন। দ্বিতীয় ভাষা। ইংরাজী তার প্রিয় বিষয়। পরীক্ষা বেশে ভালোই হল। দেখতে দেখতে বাংলা, ইতিহাস বিজ্ঞান পরীক্ষা হয়ে গেল। কাল অঙ্ক পরীক্ষা। সারারাত জেগে চলল শেষ মুহূর্তের প্রস্তুতি। না! সে নিশ্চয়ই পারবে, পারতে যে তাকে হবেই।

ঢং...ঢং... ঢং। পরীক্ষা শুরুর বেল পড়ে গেল। ছাত্ররা যে যার জায়গায়। স্যার খাতা ও প্রশ্নপত্র দিলেন সকলকে। প্রশ্নপত্রটি হাতে পেয়ে কিছুক্ষণ চোখ বন্ধ করে হাতে চেপে রইল উত্তরণ। ধীরে ধীরে চোখ খুলল সে। প্রশ্নপত্রে চোখ রাখল। কিন্তু একী? বেশির ভাগ অঙ্কই যে তার অচেনা লাগছে! যেন অজানা কোনো গ্রহের থেকে কিছু সংখ্যা এসে তার প্রশ্নপত্রে ভীড় জমিয়েছে! তার একবিন্দুও তো উত্তরণ বুঝতে পারছে না! প্রথম এক ঘণ্টা শেষ। উত্তরণের খাতা প্রায় সাদা!

উত্তরণ ধীরে ধীরে উঠে দাঁড়ালো। ক্লান্ত স্বরে বলে উঠল,

— স্যার একটু বাইরে যাব?

— যাও। তাড়াতাড়ি ফিরো।

অবসন্ন, যুদ্ধের পরাজিত সৈনিকের মতো এক পাবাড় হতাশা... অবসাদ সঙ্গে নিয়ে উত্তরণ সিঁড়ি দিয়ে উঠছে। দোতলা... তিনতলা ... চারতলা! কিন্তু চারতলায় তো নতুন নির্মাণ চলছে। সেখানে তো কোনো ক্লাস নেই। না! উত্তরণ ব্যর্থ, সম্পূর্ণ ব্যর্থ। এই ব্যর্থতার গ্লানি, সঙ্গে নিয়ে একমাত্র সন্তান হিসাবে সে মা-বাবার সামনে দাঁড়াবে কী করে? না... না... সে পারবে না। বড় একটা জানলা... গ্রিল লাগানো হয়নি ... ফাঁকা। উত্তরণ উঠে দাঁড়ালো তার উপর। তারপর একে একে ভেসে গেল মা... বাবা... প্রিয় স্কুল... বন্ধুরা... খেলার মাঠ... কৃষ্ণচূড়া... হাঁসের জলকেলি... আর তার কবিতা। ঝুপ! একটা প্রচণ্ড জোড়ে আওয়াজ। হঠাৎ ভীষণ হৈ হৈ। কীসের আওয়াজ? কে পড়ল? হঠাৎ সব অন্ধকার!

উত্তর কোলকাতার একটি বিখ্যাত কলেজের ইংরাজী বিভাগের ক্লাসরুম। প্রথম বর্ষের ছাত্র-ছাত্রীদের মধ্যে আজ কিঞ্চিৎ বেশি উত্তেজনা। আজ প্রথম বর্ষের পঞ্চম দিনের ক্লাস। এখন U.B. স্যারের Comparative Literature এর ক্লাস। কী যে অপূর্ব বাচনভঙ্গী স্যারের! ছাত্র-ছাত্রীরা মুগ্ধ হয়ে

শোনে। স্যার যখন ইউরোপীয় সাহিত্যের সঙ্গে ভারতীয় সাহিত্যের কিংবা রবীন্দ্রনাথ ও শেক্সপিয়রের সাহিত্যের তুলনামূলক আলোচনা করেন, ছাত্র-ছাত্রীরা বিষয়ের কাঠিন্য-গাম্ভীর্যের বদলে এক অন্য ভাবজগতে বিচরণ করে। কঠিন সব তত্ত্ব বড় সহজ হয়ে ধরা দেয় তাঁর সু-ভাষণে প্রিয় ছাত্র-ছাত্রীদের কাছে।

— Good morning students.

— Good morning Sir.

রোল কল করার পর স্যার বললেন,

— আজকে আমরা আলোচনা করব বিশ্বসাহিত্যের এক বিখ্যাত নাট্যকার জর্জ বার্নার্ড শ' এর জীবন, তাঁর সাহিত্যচর্চা। এগিয়ে চলল তাঁর প্রিয় ছাত্র-ছাত্রীদের রূপকথার ক্লাস। বিষয় থেকে বিষয়ান্তরে গিয়ে প্রতিটি ছাত্র-ছাত্রীর মনোভূমিতে চলল তাঁর অবাধ বিচরণ।

হ্যাঁ, তিনি উত্তরণ ব্যানার্জ্জী— সকলের প্রিয় U.B. Sir, আর বর্তমানে তাঁর কলেজের বিভাগীয় প্রধান। তাঁর Comparative literature এর উপর লেখা বই best seller, তার এবং আরও অনেক কলেজে ছাত্র-ছাত্রীর হাতে-হাতে ঘোরে।

পড়াতে পড়াতে বারবারই উত্তরণের চোখ আটকে যাচ্ছে একটি ছাত্রের দিকে। মাথা নীচু করে বসা, খানিক অন্যমনস্ক... কিছু উদ্‌ভ্রান্ত, নিষ্প্রভ চোখের দৃষ্টি । কদিন ধরেই লক্ষ্য করছেন ছেলেটিকে। এমন কেন? হঠাৎ ফ্ল্যাসব্যাকে দুই যুগ পিছিয়ে গেলেন তিনি। যেন সামনের বেঞ্চে তাঁর প্রিয় ছাত্রটিকে নয়, ... নিজেকেই প্রত্যক্ষ করছেন তিনি, না! এভাবে তো ছেড়ে দেওয়া যায় না! হাত নেড়ে ডাকলেন ছাত্রটিকে। মাথা নীচু করে সামনে এসে দাঁড়ালো সে।

— ক্লাসের পর স্টাফরুমে আমার সাথে একবার দেখা কোরো তো। কিন্তু কৈ? কেউ তো এল না! শুরু হল খোঁজ নেওয়া। ছেলেটির নাম ঐন্দ্রিল বসু। শ্যামবাজারে বাড়ি। ওর সম্বন্ধে জানে এমন ছাত্রের খোঁজ পাওয়া কঠিন হল না। কথায়-কথায় জানলেন মা-বাবার ইচ্ছা ছিল ছেলে ডাক্তার হবে। কিন্তু ও ভালোবাসে ইংরাজী সাহিত্য। নিজের মত সে প্রতিষ্ঠা তো করেছে... কিন্তু পারিবারিক সম্পর্ক তলানিতে। মা-বাবার চোখের বিদ্বেষপূর্ণ দৃষ্টি ও সাহিত্যিক কোমল মনকে করে তুলেছে প্রতিনিয়ত ক্ষতবিক্ষত। তার থেকেই অবসাদ, অপরাধবোধ। গোটা বিষয়টা জলের মত পরিষ্কার হয়ে গেল উত্তরণের। পরদিন রবিবার। ঠিকানা জোগাড় করে তিনি বিকালে চলে গেলেন ঐন্দ্রিলের বাড়ি। মনে তার হাজার দোলাচল পারবেন তো যা তিনি চাইছেন সে কাজে সফল হতে? একরাশ মানসিক উদ্বেগ-উৎকণ্ঠা নিয়ে কলিংবেলে হাত দিলেন।

—নমস্কার। আসি উত্তরণ ব্যানার্জ্জী। আমি ঐন্দ্রিলের কলেজে ইংরাজী পড়াই।

— ও, আসুন স্যার আসুন। বসুন এখানে। কী ব্যাপার বলুন তো? আমি ওর বাবা। আর ইনি আমার স্ত্রী।

— ঐন্দ্রিলের বিষয়েই কথা ছিল আপনাদের সঙ্গে। মুহূর্তে কঠিন হয়ে গেল ওর বাবার চোখের দৃষ্টি।

— বলুন।

— আমি লক্ষ্য করেছি ওর আচরণ আর পাঁচজনের মত নয়। সবসময় সঙ্কুচিত থাকে। অথচ এত ভাল রেজাল্ট ওর! ওর তো ... মাঝপথেই থামিয়ে ঐন্দ্রিলের বাবা বলে উঠলেন—

— এত মেধাবী বলেই তো আমরা চেয়েছিলাম ও ডাক্তার হোক্। উচ্চমাধ্যমিকের সময়ও জোর করেই সাইন্সে ভর্তি করেছিলাম। রেজাল্টও দেখুন কত ভাল! তাও আমাদের সব প্রত্যাশা নষ্ট করে ইংরাজী অনার্স নিয়ে ভর্তি হল!

— আর তাই ওকে আপনারা অপরাধী বানিয়ে দিলেন, তাই তো?

— ও আমাদের একমাত্র সন্তান। ওরও কী উচিত ছিল না মা-বাবার ইচ্ছার গুরুত্ব দেওয়া? এখন আত্মীয়-স্বজনের কাছে কেমন করে মুখ দেখাই বলুন তো?

মুহূর্তে চোয়াল শক্ত হয়ে গেল উত্তরণের। কবে পরিবর্তন হবে এই মানসিকতার?

— মি. বোস আপনি আমায় বলুন তো আপনারা ঠিক কী চান?

ডঃ ছেলে না শুধুই আপনার ছেলে?

— মানে? ঠিক...

— ধীরে ধীরে চোখ বন্ধ করলেন উত্তরণ। ফ্ল্যাসব্যাকে অনেকগুলি বছর পিছিয়ে গেলেন তিনি। খানিক গুছিয়ে নিতে হবে নিজেকে। তারপর শুরু করলেন গোড়া থেকে। ... চারতলার জানলা থেকে ঝাঁপ দেবার পর আর কিছু মনে ছিল না। জ্ঞান ফিরলে হসপিটালের বেডে শুয়ে জানতে পারলেন একটি অস্থায়ী দোকানের সামনে টাঙানো প্লাস্টিকের উপর পড়েছিলেন। ফলে পাঁজরে চোট লাগা আর ডান পা ভেঙ্গে যাওয়া ছাড়া বড় কোনো ক্ষতি হয়নি কিছু। সামনে অপরাধীর মত মুখে সজল নেত্রে মা-বাবা। অবসাদগ্রস্ত উত্তরণ বাড়ি ফিরে নিজেকে একটি ঘরে বন্দী করে ফেললেন। কঠিন সে মানসিক যন্ত্রণা। তারপর একদিন দেখা করতে এলেন তার প্রিয় ইংরাজীর মাস্টার মশাই কণাদবাবু। হাতে দুটি বই। একটি স্বামী বিবেকানন্দের 'জীবনী ও বাণী' অপরটি Paulo Coelho র 'The Alchemist' মাথায় হাত রেখে বললেন,

— জীবনের এত ছোট পরীক্ষায় হেরে গিয়ে কী এত সুন্দর জীবনটাকেই হারিয়ে ফেলতে হয়? জীবন বড় সুন্দর। তার রূপ-রস-গন্ধ-স্পর্শ সমস্ত সত্তা দিয়ে অনুভব করতে হয়। জীবনের আকাশে মেঘ ডাকবে, ঝড় উঠবে আবার রোদ ঝলমলিয়ে উঠবে। তুই না খেলোয়াড়? এখন হয়তো আমার সব কথা বুঝতে পারছিস্ না। ধীরে ধীরে সব বুঝবি। বই দুটো দিয়ে গেলাম। যখনই একা থাকবি পতা ওল্টাবি। দেখবি তোর সব নেতিবাচক চিন্তা দূর হয়ে যাবে। মনের জোর অনেক বেড়ে যাবে। আবার সবকিছু আগের চেয়েও সুন্দর হয়ে যাবে। শুধু নিজের উপর বিশ্বাস হারাস না আর জীবনে ধৈর্যশীল থাক।

মাস্টারমশাই চলে গেলেন। রেখে গেলেন স্নেহভরা আশীর্বাদ ও ভবিষ্যতের পূর্বাভাস। ধীরে

ধীরে শুরু হল উত্তরণের জীবনে উত্তরণের লড়াই। বই দুটির প্রতিটি অক্ষর হয়ে উঠল তার জীবন-সুধা, তার বেঁচে থাকার রসদ। না। অঙ্কে আর ভালো নম্বর পাওয়া হয়নি তার। কিন্তু সাহিত্যে নিজেকে নিংড়ে দিয়েছে। একে একে সব পরীক্ষায় সাহিত্য শাখায় সর্বোচ্চ নম্বর পেয়ে আজ এই জায়গায়।

চোখ খুললেন উত্তরণ। দেখলেন সামনের দু'জোড়া চোখে বাঁধ ভাঙা জল।

— বড় ভুল হয়ে যাচ্ছিল মাস্টারমশাই। আমার ছেলেটাকে ফিরিয়ে দিন আমার কাছে—মায়ের কাতর আর্তি উত্তরণেরও দু'চোখ ভিজিয়ে দিল।

— ডাকুন তো ওকে একবার।

হঠাৎ ওরা তিনজনই দেখল দরজার আড়ালে ঐন্দ্রিল। এতক্ষণের সব কথা সে শুনেছে। ধীরে ধীরে ঘরে এসে মাস্টারমশাইয়ের পায়ে হাত রাখল সে।

—নানা এর কেনো প্রয়োজন নেই। তার চেয়ে বরং মা-বাবা-ছেলের এই মহামিলনকে প্রত্যক্ষ করি আমি। যাও মা-বাবার কাছে যাও।

ধীরে ধীরে বাইরে বেড়িয়ে এলেন উত্তরণ। আজ বড় হাল্‌কা লাগছে নিজেকে। যেন একটি বৃত্ত সম্পূর্ণ হল। প্রজন্মের পর প্রজন্ম ছাত্র-শিক্ষক সম্পর্কের স্নেহের এই ফল্গুধরা বয়ে চলুক। ভালো থাকুক তার সন্তানসম প্রিয় ছাত্র-ছাত্রীরা। তাদের ভালো থাকার মধ্যেই যে তিনি প্রকৃত সুখ খুঁজে পান। উত্তরণ হাঁটছেন। বিকালের সোনা রোদের আভা ছড়িয়ে পড়েছে তার সর্বাঙ্গে। পাশের গলি থেকে তখন ভেসে আসছে—'অন্ধকারের উৎস হতে উৎসারিত আলো...

**পুষ্পিতা ভট্টাচার্য্য**

শিক্ষিকা

# বিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠানে শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রদের অংশগ্রহণের বিভিন্ন মূহুর্ত


















# বিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠানে শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রদের অংশগ্রহণের বিভিন্ন মূহুর্ত






















সৌমদ্বীপ দাস, ষষ্ঠ শ্রেণি




সৌভিক মন্ডল, সপ্তম শ্রেণি





শ্রীজিত মজুমদার, একাদশ শ্রেণি




দীপায়ন পাল, সপ্তম শ্রেণি




**মনোদ্বীপ হুই,** সপ্তম শ্রেণি



**অভিনভ মল্লিক,** একাদশ শ্রেণি




**অঙ্কিত কর্মকার,** একাদশ শ্রেণি




**অভিমন্যু ভট্টাচার্য,** সপ্তম শ্রেণি




স্বর্ণেন্দু গুছাইত, সপ্তম শ্রেণি



শুভ দে, পঞ্চম শ্রেণি




সৌরদ্বীপ মুখার্জী, একাদশ শ্রেণি



শুভজীত দত্ত, পঞ্চম শ্রেণি




রিয়াংশু দাস, অষ্টম শ্রেণি




শৌর্য্য পাল, অষ্টম শ্রেণি





সুপ্রতিম ঘোষ, ষষ্ঠ শ্রেণি



অভিনব মল্লিক, সপ্তম শ্রেণি



তমাল অধিকারী, দ্বাদশ শ্রেণি



ইশানু দাস, সপ্তম শ্রেণি





কৌশিক মিত্র, অষ্টম শ্রেণি



সুনাশষ চ্যাটার্জী, একাদশ শ্রেণি


অভিনব মল্লিক, একাদশ শ্রেণি


ধ্রুব নায়কে, সপ্তম শ্রেণি


সায়ন দে, ষষ্ঠ শ্রেণি


অভয় ব্যানার্জী, অষ্টম শ্রেণি

# দুটি জিজ্ঞাসা

১

কে যেন বলেছিলো কবে!
—তুমি অধম (মধ্যমও হতেই পারো)
তা বলিয়া আমি কেন হইবো না উত্তম?
তবু তো ভাবি মনে এক
'আমি' যে উত্তমপুরুষ সেই কবে থেকে।
'উত্তম' কেন হয় না প্রথম সকল সময়-হায়!

২

সদা সন্ত্রস্ত ফার্স্টবয়ের মত কত আর
সেই ভয় নিয়ে বাঁচা যায়?
'এই বুঝি দ্বিতীয় স্থানে নেমে গেলাম!'
দ্বিতীয় কি আজীবন প্রথমকে প্রথম বানাবে?
তৃতীয় অপেক্ষা দ্বিতীয় উন্নততর-এই সান্ত্বনায়
তুলনামূলক সমালোচনায় দিন যাবে!
মধ্যমেধা কীভাবে অবিক্রীত থেকে
অবিকৃতভাবে বিকিরিত হবে?

**দেবাশিস কুমার দে**
শিক্ষক

# করোনা

করোনা!
তুমি হার মেনেছ
মানুষের ধৈর্য্যের কাছে,
মানুষ এখন সুস্থ
স্বাভাবিক জীবন নিয়েই বাঁচে।
একটা সময় ছিলে তুমি
আতঙ্কের মতো,
ছড়িয়ে গেছো মানুষের জীবনে
বিভীষিকার মতো।
মানুষ নিজেকে পর ভাবতো
তোমারই কল্যাণে,
মানুষ আজ উঠছে বেঁচে
নিজেদেরই জ্ঞানে।
দু-বছরের অসীম জ্বালা
লকডাউনের কষ্ট।
সময়টা তোমারই জন্যে
হয়েছে শুধু নষ্ট।
না, না, হয়নি নষ্ট
হয়েছে ভ্যাকসিন আবিষ্কার,
মানুষ এখন থাকতে শিখেছে
পরিচ্ছন্ন-পরিষ্কার।
ভ্যাকসিনের কাছে
হার মেনেছো তুমি
তোমায় হারিয়ে, আবার আমরা
ভালো থাকার দিন গুনি।

**ঋক মণ্ডল**
শ্রেণি-দ্বাদশ, বিভাগ-'ক'

# প্রতিজ্ঞাপূরণ

১৭৬৯ সাল। ব্রিটিশ শাসিত ভারতবর্ষের অধীন একটি ছোট্ট গ্রাম বরেনপুর। গ্রামের অধিকাংশ মানুষই কৃষিজীবী। মন্বন্তর চলায় এবারে ফলন খুব একটা ভালো হয়নি। অস্তমিত সূর্যের সামনে বৈদ্যর অপেক্ষায় দাঁড়িয়ে ছিল নয় বছরের ছোট্ট ছেলেটা। নাম অমল।

সকালের দিকে করসংগ্রাহক ব্রিটিশ কর্মচারীদের আসতে দেখে অমলের বাবা চন্দর অমলকে তার মায়ের কাছে রেখে তাদের সঙ্গে কথা বলতে গেল।

''হুজুর এবারে আমাদের ফলন একেবরে ভালো হয়নি। দয়া করুন হুজুর''

সংগ্রাহকদলের প্রবীণ ওয়াটসন সাহেব বললেন—

'' প্রত্যেকে এই একই কথা বলে। ভালোয় ভালোয় খাজনা না দিলে বেত মেরে তা আদায় করা আমার ভালোই জানা আছে''

চন্দর ঃ হুজুর দয়া করুণ হুজুর। আমাদের এবারে...

ওয়াটসন সাহেব তার কোনো অনুরোধে কর্ণপাত না করে তাকে বেত মারার আদেশ দিলেন।

মুখ বুজে সব সহ্য করতে লাগল চন্দর।

এমন সময়ে হঠাৎ দৃপ্ত পদক্ষেপে অমল দৌড়ে এসে উপস্থিত হল। কণ্ঠে যেন তার বিদ্যুৎ ঝিলিক দিয়ে উঠল। ''দাঁড়াও'' তাকে দেখে ওয়াটসন সাহেব হো হো করে হেসে উঠলেন।

চন্দরের ইশারায় অমলের মা দৌড়ে এসে তাকে ঘরের ভিতর নিয় গেল।

আবার শুরু হল বেত্রাঘাত সহ্য করতে না পেরে চন্দর সজোরে ঠেলে দিল ওয়াটসনকে।

চক্ষু রক্তবর্ণ করে রাগের মাথায় ওয়াটসন পাশে পড়ে থাকা একটা বাঁশ নিয়ে তা সজোরে মারল চন্দরের মাথায়। আঘাত সহ্য করতে না পেরে মাটিতে লুটিয়ে পড়ল চন্দর।

গ্রামবাসীদের ক্ষোভের হাত থেকে বাঁচতে তাড়াতাড়ি সেখান থেকে সরে পড়ল করসংগ্রাহকরা।

এদিকে চন্দরের অবস্থা তখন শোচনীয়। রক্তে ভেসে যাচ্ছে তার মুখ। কয়েকজন তাকে ধরে তক্তপোশে শুইয়ে দিল। অনেক চেষ্টা করেও তার রক্তপাত বন্ধ করা গেল না।

মধ্যরাত্রি নাগাদ অনন্তের উদ্দেশ্যে যাত্রা করল চন্দর। ভোরের দিকে হরেন ডাক্তার এসে দেখে বললেন অতিরিক্ত রক্তক্ষরণেই মৃত্যু হয়েছে তার। সেই মুহূর্তে মনে মনে অমল প্রতিজ্ঞা করল তার বাবার হত্যাকারীর প্রতিশোধ সে নেবেই। গ্রামবাসীদের সে ব্রিটিশ শোষণ থেকে মুক্ত করবেই।

এই ঘটনার দশ বছর পর। অমলের বয়স তখন উনিশ। বছর দুয়েক আগে সে তার মাকে হারিয়েছে। এখন তার আপনজন বলতে শুধু তার প্রিয় বন্ধু কানাই।

গ্রামের পরিস্থিতি তখনো বদলায়নি। বেশিরভাগ লোককেই অনাহারে অর্ধাহারে দিন কাটাতে হয়। একদিন অমল কানাইয়ের বাড়ি গিয়ে দেখে সকলে বিমর্ষ মুখে বসে আছে।

অঘটন কিছু আশঙ্কা করে ঘরে ঢুকে সে দেখে কানাইয়ের ভাইয়ের জীর্ণ, শীর্ণ, নিথর দেহ বিছানায় পড়ে আছে। দীর্ঘ উপবাস তার কমজোর শরীর সইতে পারেনি। বড়ো আঘাত পায় সে। অমল বুঝতে পারে তার প্রতিজ্ঞা পালনের সময় এসে গেছে।

গ্রামবাসীদের কাছ থেকে কর হিসাবে সংগৃহীত শস্য মজুত রাখা হয় একটি বিশাল শস্যাগারে। সেখনে বেশ কয়েকজন ব্রিটিশ সৈন্য দিবারাত্র পাহারা দেয়। অমল, কানাইকে সঙ্গে নিয়ে গ্রামের  কিছু যুবকদের নিয়ে সেখানে অভিযান করার সিদ্ধান্ত নেয়। রাত্রি তখন বারোটা। আচমকা সেখানে আক্রমণ করে অমলরা।

কিছুক্ষণের মধ্যেই অমলরা শস্যাগারের দখল নেয়। শুধুমাত্র একটি সৈনিক পালিয়ে যেতে সক্ষম হয়। অমল, কানাইকে দলের খাবার আনার দায়িত্ব দেয়। কানাই আরেকজনকে নিয়ে কিছু দূরে একটা আমবাগানের দিকে রওনা দেয়।

এদিকে সেই সৈনিক ওয়াটসনকে সব কথা জানায়। ওয়াটসন কয়েকজন সৈন্য নিয়ে কিছুদূর এগিয়েই দেখতে পায় কানাইকে। সঙ্গে সঙ্গে তাকে চারিদিক থেকে ঘিরে ধরে সৈন্যরা।

ওয়াটসন— তোমাকে আমাদের একট কাজ করতে হবে সঙ্গে সঙ্গে কানাই জবাব দিয়ে দেয় ''না'' উত্তরটি শুনে ওয়াটসন তার দুজন সৈন্যকে হুকুমদেয় ''এর ঘরবড়ি জ্বালিয়ে দাও। একজনও যেন বাঁচতে না পারে।''

তার এই বর্বরতার কাছে কানাই পরাজিত হয়। সে তার পরিজনদের প্রাণের বিনিময়ে অমলকে ধরিয়ে দিতে সম্মত হয়। কানাইয়ের সাহায্যে ব্রিটিশরা সেখানে পৌঁছে যায়।

এদিকে অমল তার অনুগত কয়েকজনকে চালের বস্তাগুলোকে গ্রামবাসীদের বিলিয়ে দেওয়ার জন্য পাঠিয়ে দেয়। এমন সময়ে দুটো গুলি এসে বিদীর্ণ করল অমলের বুক।

কানাই আর থাকতে না পেরে ছুটে যায় অমলের কাছে।  অমলের তখন শেষ সময় উপস্থিত। ক্ষীণ কণ্ঠে সে বলে— ''কানাই তুই আমার প্রতিজ্ঞা ভঙ্গ করলি''।

এই বলে মৃত্যুর কোলে ঢলে পড়ল অমল। কানাইয়ের চোখ থেকে দু ফোঁটা জল গড়িয়ে পড়ল অমলের মুখে।

কানাই উঠে দাঁড়াল।

নির্ভীক চিত্তে সে এগিয়ে গেল সেই সৈন্যদের দিকে যাদের নেতৃত্ব দিচ্ছিল ওয়াটসন নিজে।

এক সৈন্যকে অসতর্ক অবস্থায় দেখে আচমকা তাকে পিছন থেকে জোরে এক ধাক্কা দিল কানাই।

টাল সামলাতে না পেরে মুখ থুবড়ে মাটিতে পড়ে গেল সেই সৈনিক। চকিতে তার বন্দুকটা হাতে তুলে নিল কানাই।

মুহূর্তে পরপর তিনটি গুলি বিদীর্ণ করল ওয়াটসনের বুক। সঙ্গে সেই আরো দুজন সৈনিক কানাইকে গুলি করে। কানাই-বুকে হাত দিয়ে চেপে বলে ওঠে—

''আমি তোর প্রতিজ্ঞা ভঙ্গ হতে দিইনি অমল। তোর প্রতিজ্ঞা আমি পূরণ করেছি। তোর আর তোর বাবার হত্যাকারীকে আমি উপযুক্ত শাস্তি দিয়েছি।''

এরপর স্মিতহাস্যে মাটিতে লুটিয়ে পড়ল কানাইয়ের প্রাণহীন নিঃসাড় দেহ।

**অর্ঘ ভট্টাচার্য্য**
শ্রেণি-নবম

# চিকিৎসাশাস্ত্রের সঞ্জীবনী সুধা... অ্যান্টিবায়োটিক

প্রাচীনকলে অনুন্নত চিকিৎসা ব্যবস্থা আজকের তথকথিত সাধারণ রোগাক্রান্ত মানুষের প্রাণরক্ষায় সমর্থ ছিল না। অকালে প্রাণ হারাত আবালবৃদ্ধবনিতা। অ্যান্টিবয়োটিকের আবিষ্কার চিকিৎসাবিজ্ঞানের এক নতুন দরজাকে খুলে দিয়েছে। বহু দূরারোগ্য ব্যধিকে পরাস্ত করেছে চিকিৎসাশাস্ত্রের এই অমোঘ আবিষ্কার। অ্যান্টিবায়োটিক হল এক বিশেষ ধরনের জৈব-রাসায়ণিক ঔষধ বা অণুজীবদের (বিশেষত ব্যাকটেরিয়া) নাশ করে। প্রাকৃতিক উপাদানের রোগ নিরাময়ের ক্ষমতা সংক্রান্ত বিভিন্ন দৃষ্টান্ত অ্যান্টিবায়োটিক আবিষ্কারের আগে থেকেই পাওয়া গেছে।

চিনে শত বর্ষপূর্বে সয়াবিনের ছত্রাক আক্রান্ত ছানা ফোঁড়ার চিকিৎসায় ব্যবহৃত হত। চিনারা পায়ের ক্ষত নিরাময়ের লক্ষ্যে ছত্রাক আবৃত পাদুকা ব্যবহার করতো। ১৮৮১ খ্রিস্টাব্দে ব্রিঠিশ অণুজীব বিজ্ঞানী জন টিণ্ডাল ছত্রাকের জীবাণু প্রতিরোধী ভূমিকা সর্বপ্রথম লক্ষ করেন। এরপর ছত্রাক নিয়ে বিভিন্ন পর্যবেক্ষণ ও পরীক্ষা চলতে থাকে। কিন্তু ১৯২৯ খ্রিস্টাব্দের আগে রোগপ্রতিরোধী অ্যান্টিবায়োটিকের ব্যবহার শুরু হয়নি। ১৯২৭ খ্রিস্টাব্দে বিজ্ঞানী আলেকজাণ্ডার ফ্লেমিং প্রথম অ্যান্টিবায়োটিক 'পেনিসিলিন' আবিষ্কার করেন। ফ্লেমিং তাঁর এক পরীক্ষার সময় লক্ষ্য করেন জমাট আবাদ মাধ্যমে (Solid Culture Medium) ছত্রাকের উপস্থিতিতে **Staphylococcus Qupeus** নামক ব্যাকটেরিয়া জন্মাতে পারে না। পরীক্ষাকালীন কোনো অজানা ত্রুটির কারণে ফ্লেমিং-এর অজান্তেই ছত্রাক আবাদ মাধ্যমে চলে এসেছিল। জ্ঞানপিপাসু ফ্লেমিং ওই ছত্রাকের বৈশিষ্ট্য সম্পর্কে বিভিন্ন পরীক্ষানিরীক্ষা করতে আগ্রহী হন এবং তার ফলস্বরূপ পেনিসিলিয়াম নামক ওই ছত্রাক থেকে আবিষ্কৃত হয় জীবনদায়ী অ্যান্টিবায়োটিক পেনিসিলিন।

১৯৪১ সালের ১২ই ফেব্রুয়ারি প্রথম পেনিসিলিন মানবদেহে প্রয়োগ করা হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ব্রিটেনের অংশগ্রহণের ফলে পেনিসিলিন সম্পর্কিত গবেষণার জন্য অর্থভাঁড়ারে টান পড়ে। কিন্তু ইংরেজ বৈজ্ঞানিকদের এই আবিষ্কার আমেরিকার বিজ্ঞানীদের দৃষ্টি আকর্ষণ করে এবং আমেরিকা ও ব্রিটেনের যৌথ উদ্যোগে পর্যাপ্ত পেনিসিলিন প্রস্তুতি সম্ভব হয়ে ওঠে। দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে মিত্র শক্তিজোটের বহু সৈন্যের ক্ষত নিরাময়ের লক্ষ্যে ফ্লেমিং-এর 'যাদু ঔষধ'-এর ব্যাপক চাহিদা তৈরি হয়। এই পেনিসিলিন বহু মানুষের জীবন বাঁচায়। ১৯৪৫ খ্রিস্টাব্দে ফ্লেমিংকে এই কৃতিত্বের জন্য নোবেল পুরুস্কারে সম্মানিত করা হয়। এরপর থেকেই অ্যান্টিবায়াটিকের জীবনদায়ী চরিত্র প্রকাশিত হয়।

বিশ শতকে অ্যান্টিবায়োটিকের যে জয়যাত্রা শুরু হয় তা আজও অবদমিত হয়নি। স্ট্রেপটোমাইসিস, অ্যাজিথ্রোমাইসিন, অরিওমাইসিন, ক্লোরোমাইসিন, ক্লোরোমাইসেটিন, এরিথ্রোমাইসিন ও আরও বিভিন্ন অ্যান্টিবায়োটিক বহু দূরারেগ্য ব্যধিকে হাতের মুঠোয় এনে দিয়েছে। অ্যান্টিবায়োটিকের আবিষ্কার মানুষের গড় আয়ুষ্কাল বৃদ্ধির পাশাপাশি ক্রমবর্ধমান জনসংখ্যা সমস্যাকে আবাহন জানিয়েছে, কিন্তু তবুও অ্যান্টিবায়োটিক চিকিৎসাবিজ্ঞানে এক নতুন মাত্রা সংযোজিত করেছে এবং মানবসভ্যতার কাছে বিজ্ঞানের এক পরম আশীর্বাদ স্বরূপ ধরা দিয়েছে।

**আয়ুষ মুখার্জী**
শ্রেণি- দশম

# স্টিফেন হকিং এর Big Bang Theory

পৃথিবীর জন্মরহস্য বা উৎপত্তি সম্পর্কিত ধারণা এবং সৌরজগতের সঙ্গে তার সম্পর্ক এবং বিশ্বজগৎ সম্পর্কে যে পাঠ গ্রহণ করা হয় তাকে কসমোলজি বা মহাজাগতিক বিদ্যা বলে। মহাবিশ্ব সৃষ্টির সর্বাপেক্ষা গ্রহণযোগ্য মতবাদ হল Big Bang Theory , যা রুশ বিজ্ঞানী ফ্রিডম্যান প্রথম অবতারণা করেন।

বর্তমান থেকে প্রায় ১৩৭০ কোটি বছর আগে মহাবিশ্ব এক অতিঘন ও উত্তপ্ত বিন্দুর মতো অবস্থ থেকে প্রচণ্ড বিস্ফোরণের মাধ্যমে সম্প্রসারণশীল মহাবিশ্বের সৃষ্টি হয় বলে এই মতবাদ Big Bang Theory নামে পরিচিত। স্টিফেন হকিং এর মতে মহাবিস্ফোরণের সেই মুহূর্তকে সময়ের সূচনা হিসেবে চিহ্নিত করা হয়। শুরু মুহূর্তে মহাবিশ্বের যাবতীয় পদার্থ এক অতি ক্ষুদ্র বিন্দুর মধ্যে কেন্দ্রীভূত ছিল যার উষ্ণতা ও ঘনত্ব ছিল অসীম। তারপর মহাবিস্ফোরণের বহির্মুখী চাপে মহাবিশ্ব যতই সম্প্রসারিত হয়েছে তার ফলে ক্রমশ শীতল হয়েছে। এই প্রসঙ্গে অ্যালবার্ট আইন স্টাইনের শক্তি ও বস্তুর সমতুল্যতার সমীকরণ উল্লেখ করা যেতে পারে। সমীকরণটি হল $E=MC^2$ [যেখানে, E= বস্তুর রূপান্তরের ফলে সৃষ্ট শক্তি, M= বস্তুর ভর, C= আলোর গতিবেগ/ সেকেণ্ড। আলোর চেয়ে বেশী গতিশীল বস্তু না থাকায় ওই চূড়ান্ত গতিবেগে বস্তুর রূপান্তর ঘটতে থাকে। বিস্ফোরণের কয়েক মিনিট পর সূক্ষাতিসূক্ষ বস্তুকণা ক্রমশ ঘন হয়ে প্রোটন ও নিউট্রন গঠন করতে থাকে যা পরমাণুর মূল উপাদান। যখন ২টি হাইড্রোজেন পরমাণুর বিক্রিয়ায় একটি হিলিয়াম পরমাণুর সৃষ্টি হয় তখন মহাবিশ্বের বয়স ৩ মিনিটেরও কম। অভিকর্ষীয় শক্তির কারণে হাইড্রোজেন ও হিলিয়ামের সমন্বয় ঘটে ঘনত্ব বৃদ্ধি পায় ও যে উষ্ণতার সৃষ্টি হয় তা অত্যন্ত উজ্জ্বল গ্যাসযুক্ত মেঘ তৈরী করে এই মেঘ কয়েকশো মিলিয়ন বছর পরে মহাবিশ্ব যত ঠাণ্ডা হয় তত নক্ষত্র এবং গ্যালাক্সির সৃষ্টি করে। এই তত্ত্বের ধারণানুযায়ী প্রায় ১০ মিলিয়ন বা তার বেশি সময় ধরে মহাবিশ্বের ক্রমশ প্রসারণ ঘটেছে। ১৯৬৪ সালে আর্লে পেনজিয়াস এবং রবার্ট উইলসন বেল ল্যাবরেটরির একটি নতুন মাইক্রোওয়েভ রিসিভার পর্যবেক্ষণ করার সময় কসমিক মাইক্রোওয়েভ ব্যাকগ্রাউণ্ড রেডিয়েশন বা সংক্ষেপে CMB আবিষ্কার করেন। এটি Big Bang Theory -এর সপক্ষে জোরালো প্রমাণ হিসেবে গৃহীত হয়। ১৯৮৯ সালে NASA যে Cosmic Background (COBE) উপগ্রহ উৎক্ষেপণ করে তার থেকে প্রাপ্ত প্রাথমিক তথ্যাদি Big Bang-এর ধারণাকে এগিয়ে নিয়ে যায়।

**নিশান্ত রায়চৌধুরী**
শ্রেণি - নবম

# চন্দনগরের ভূতুড়ে স্কুল

আমার নাম রাজবল্লভ চৌধুরি। আমি একজন পুলিস ইন্সপেক্টর। আমি কোনো সময়েই ভূতে বিশ্বাস করতাম না। কিন্তু একটা বাস্তব ঘটনা আমার জীবনে যটার পর আমার ভূতে দৃঢ় বিশ্বাস জন্মায়। ঘটনাটি হল—

তখন আমার বয়স ২৯ বছর। আমাকে একটা কারণে চন্দনগরে বদলি করা হয়। আমি একদিকে খুব খুশি ছিলাম কারণ, চন্দনগরে আমার মামার বাড়ি। আমাকে আর কোনো বাড়ি ভাড়া নিতে হবে না। তাছাড়াও কাজের চাপে মামার বাড়ি অনেকদিন যাওয়া হয়নি। আমি মামা-মামিকে ফোন করে খবর দিয়ে দিলাম। ওনারা খুব খুশি হন। এরপর আমি ট্রেন ধরে চলে যাই চন্দনগর। মামার বাড়ি যেতে ৩ ঘণ্টা সময় লাগে। আমি প্রথমে মামার বাড়ি গিয়ে উঠলাম। মামা-মামিকে প্রণাম করে মিষ্টির প্যাকেট দিয়ে ঘরে ঢুকলাম। এরপর দুপুরের খাওয়া-দাওয়া শেষ করে শুতে গেলাম। আমি ভাবলাম যে আজকে আর থানায় যাব না। কালকে একবারে সকালবেলা চন্দনগর থানায় যাব। এইসব ভাবতে-ভাবতে আমি ঘুমিয়ে পড়েছি। যখন ঘুম ভাঙল তখন দেখি সন্ধ্যা ৭টা বাজে। সুশান্ত মানে আমার মামাতো ভাই আমায় বলল চলো দাদা একটু বাইরে ঘুরে আসি। আমি বললাম চল। মামা বলল তাড়াতাড়ি বাড়ি ফিরবি। আমরা বললাম ঠিক আছে। এই বলে আমরা রাস্তায় গিয়ে সোজা পথ ধরে যেতে লাগলাম। এবার একখানা রাস্তার মোড় পড়ল। সেই মোড়ের বাঁদিকে একখানা রাস্তা আর ডানদিকে একখানা রাস্তা গেছে। আমি দেখলাম বাঁদিকের রাস্তা দিয়ে সবাই চলাচল করছে, ডানদিক পুরো ফাঁকা। আমি বললাম সুশান্ত ডানদিকের পথ ধরে কেউ চলাচল করছে না কেন? বেশী রাত তো হয়নি! সুশান্ত বলে দাদা তুমি এখানে ১৬ বছর আগে এসেছিলে, তাই তুমি জান না যে এখানে ১৬ বছরের মধ্যে কী ঘটেছে। ডানদিকের পথে যেতে একখানা স্কুল পড়ে ডানদিকে, সেই স্কুলটাই একসময় চন্দনগরের একমাত্র স্কুল ছিল। আজও সেই স্কুল আছে কিন্তু সেই স্কুলে যাওয়া তো দূরের কথা সেই পথ দিয়ে যেতেও সবাই ভয় পায়। আমি বললাম কেন? সুশান্ত বলল—সে পরে বলবে, এখন এসব কথা বলা ঠিক নয়। আমরাও কিন্তু বাঁদিকের পথ ধরেই যাব। আর তুমি যখন একা এখানে বেরাবে তখন তুমিও কিন্তু ডানদিকের পথে কোনো কারণে যাবে না। আমি বললাম ধুস! এসব আমি বিশ্বাস করি না, তবু তুই যখন বলছিস তাহলে যাব না। এর কিছুক্ষণ পর আমরা বাড়ি ফিরে এলাম। পরেরদিন সকালবেলা চন্দনগর থানায় গেলাম। বিকেল হয়ে গেল কিন্তু একটাও কেস হাতে এলো না। তাই আমি বিকালে চলে এলাম মামার বাড়িতে। একটা দুর্ঘটনা ঘটে রাত্রিবেলা। আমি যেই শুতে যাব অমনি জানলার সামনে একটা চিৎকার শোনা গেল এবং আমি জানলার সামনে যাই। জানলার সামনে গিয়ে যা দেখলাম তাতে আমি হতবাক হয়ে গেলাম দেখলাম যে পাশের বাড়ি থেকে একজন চোর

জিনিসপত্র নিয়ে পালাচ্ছে আর লোকেরা চিৎকার করে বলছে চোর! চোর! কেউ ধরো। আমি সঙ্গে সঙ্গে কোমরে বন্দুক নিয়ে চোরকে ধরতে গেলাম। চোরটা পালাতে পালাতে সেই মোড়ের ডানদিকের পথ দিয়ে পালায়। আমি পুরোনো কথা না ভেবে ডানদিকের পথ দিয়েই চোরটাকে ধরতে গেলাম। কিছুদূর এগোতেই দেখলাম চোরটা নেই, কোথায় গেল? আমি ডানদিকে তাকাতেই দেখলাম একটা স্কুল। সাইনবোর্ডে লেখা রয়েছে 'চন্দনগর হাই স্কুল' আর পাশে ব্র্যাকেট দিয়ে লেখা রয়েছে (বয়েস)। আমি ভাবলাম এইটাই তো সেই স্কুল যার ব্যাপারে আমায় সুশান্ত বলেছিল। স্কুলের দুইতলার জানলার দিকে আমার চোখ পড়তেই দেখলাম একটা ছেলে দেখে মনে হয় ১৬-১৭ বছর বয়স, দাঁড়িয়ে আছে জানলার সামনে। আমি মনে মনে বললাম এইবার বুঝতে পেরেছি এই স্কুলে মনে হয় সব চোর-ডাকাতরা অস্ত্র আর চুরি করা বস্তু রাখে। আর ওরাই মিথ্যা গল্প সাজিয়ে এই স্কুলটাকে ভৌতিক স্কুল হিসাবে গড়ে তুলেছে। এইজন্য চোরটা হয়তো এই স্কুলের মধ্যে ঢুকে পড়েছে। আর ওই ছেলেটাকে হয়তো অপহরণ করেছে। এরপর আমি স্কুলের মধ্যে বন্দুক তাক করে ঢুকে পরলাম, আর সঙ্গে সঙ্গে দুইতলায় গেলাম। প্রত্যেকটা ঘরে বাদুড় আর মাকড়সার জালে ভরতি। একটা ঘরে গিয়ে দেখলাম সেই ছেলেটা পিছন ঘুরে জানলার সামনে দাঁড়িয়ে রয়েছে। আমি বললাম কে তুমি? তোমার নাম কী? সে আমার দিকে না ঘুরে উত্তর দিল আমার নাম শশাঙ্ক। এই কথাটি বলেই সে অদৃশ্য হয়ে গেল। আমার নিজের চোখকে আমি বিশ্বাস করতে পারছি না। এ আমি কী দেখলাম? হঠাৎ একখানা গম্ভীর কণ্ঠস্বর ভেসে এল-ওপরে তাকান। আমি যেই ওপরে তাকাই দেখি একখানা নরকঙ্কাল গলায় দড়ি দিয়ে ঝুলছে। এই দেখে আমার রক্ত ঠাণ্ডা হয়ে গেল। আমি বুঝলাম যে আমি ভূতের খপ্পরে পড়েছি। এই ভেবে যেই আমি সামনের দিকে তাকাই, দেখি সেই শশাঙ্ক, কি বিশ্রী দেখতে মুখটা, হাত-পা ব্যাঁকা, কপাল লাল, চোখ যেন বেরিয়ে আসছে। আমি বাঁচাও-বাঁচাও! চিৎকার করে সেখান থেকে পালাই। তারপর দেখি স্কুলের গেট বন্ধ, আর ওই ভূত আমার দিকেই আসছে। যেই সে আমার গলা টিপতে যাবে তক্ষুনি সে অনেক দূরে সরে যায়। তখন আমি মনে করলাম যে ছোটবেলায় আমার দাদু বলত কোন লোহা সঙ্গে থাকলে ভূত কিছু করতে পারে না। আর আমি দেখলাম, আমার কাছে লোহার বন্দুক আছে। এটাই সুযোগ, এই বলে আমি সঙ্গে সঙ্গে স্কুলের গেট খুলে পালাই। পালাতে পালাতে সেই মোড়ে এসে আমি অজ্ঞান হয়ে মাটিতে পড়ে যাই, এরপর আমার কিছু মনে নেই। চোখ খুলে দেখি সকাল ৮টা বাজে। আমি দেখি যে, আমি মামার বাড়িতে খাটে শুয়ে আছি। মামা বলল যে আমাকে পাড়ার কিছু ছেলে বাড়িতে নিয়ে এসেছে। মামা জিজ্ঞাসা করল যে আমি ওই মোড়ে অজ্ঞান হয়ে পরেছিলাম কেন। তখন আমি সব ঘটনা বললাম। এইসব শুনে মামা ও মামি বলে যে আমি কাল একটুর জন্য বেঁচে গেছি। তারপর আমি মামাকে বললাম যে মামা তুমি আমাকে ওই স্কুল সম্পর্কে সবকিছু বলো। মামা বলল ঠিক আছে,

বলছি সবকিছু। ওই স্কুলটা ঠিক ১৭ বছর আগে তৈরী হয়েছিল। একটা দুর্ঘটনা ঘটে স্কুলটি তৈরী হওয়ার ৫ বছর পর। ঘটনাটি হল— একটি ছেলে তাঁর নাম শশাঙ্ক, সে ওই স্কুলেই পড়ত। সেই স্কুলে একজন শিক্ষক ছিলেন, যিনি অঙ্ক করাতেন ছাত্রদের, তাঁর নাম অবিনয় রায়। তিনি ছাত্রদের ছুটির পরেও পাঁচ-দশমিনিট বেশী অঙ্ক করাতেন। একদিন তিনি শশাঙ্কের এবং আরও ছাত্রদের অঙ্ক করাচ্ছিলেন। ছুটির পর সব ছাত্ররা চলে গেলেও শশাঙ্ক সব অঙ্ক শেষ করতে না পারায় সে তখনও অঙ্ক করে অবিনয়বাবুকে জমা দিল। কিন্তু অবিনয়বাবু তাকে বললেন যে, সে একটি অঙ্ক ভুল করেছে কিন্তু শশাঙ্ক বলে যে, সে অঙ্কটি ঠিক করেছে তখন অবিনয়বাবু রেগে বলে যে শশাঙ্ক, তুই আমার মুখে মুখে তর্ক করছিস। এই বলে অবিনয়বাবু ডাস্টার দিয়ে শশাঙ্কর মাথার ডানদিকে জোরে আঘাত করে, আর শশাঙ্ক সঙ্গে সঙ্গে চিৎকার করে মাটিতে শুয়ে পড়ে। তখন সে দেখে যে, সত্যিই শশাঙ্ক অঙ্কটি ঠিক করেছে। এরপর সে শশাঙ্কের নাকের সামনে হাত দিয়ে বুঝতে পারে যে শশাঙ্ক আর বেঁচে নেই। এই দেখে সে খুব ভয় পেয়ে যায় এবং তারপর তাঁর রুমাল দিয়ে শশাঙ্কের মাথার সব রক্ত মুছে রুমালটা পকেটে ঢুকিয়ে একখানা দড়ি দিয়ে শ্রেণীকক্ষের পাখার সঙ্গে লাগিয়ে শশাঙ্কর গলায় ফাঁস লাগিয়ে দেয় আর সবাইকে বলে শশাঙ্ক আত্মহত্যা করেছে। তখন স্কুলে প্রধান শিক্ষক ছাড়া কেউ ছিলেন না এবং তিনিও একথা বিশ্বাস করে নেয়। এরপর প্রধানশিক্ষক স্কুলে তালা লাগিয়ে চন্দনগর ছেড়ে চলে যান এবং তাঁর সঙ্গে অবিনয়বাবুও চলে যান। কিন্তু তাঁরা কোথায় গেছেন তা কেউ জানে না। আমার এসব ঘটনা শুনে কষ্ট হল এবং রাগ হল। মামা আরও বলল যে রোজ রাতে ওই স্কুলের তালা খুলে যায় এবং অদ্ভুত ধরনের ঘটনা ঘটে। এরপর শুনতে পেলাম খবরের কাগজ এসেছে। আমি খবরের কাগজ পড়ে অবাক হয়ে গেলাম। প্রথম পাতাতে বড়ো বড়ো করে লেখা আছে যে 'গতকাল রাত্রিবেলা অবিনয় রায়ের দেহ কেউ চন্দনগরের হাইস্কুলের সামনে গাছের ডালে গলায় ফাঁস লাগিয়ে খুন করেছে'। এরপর আমি আমার পুলিশের হেড অফিসারকে অনেক অনুরোধ করে কলকাতায় চলে আসি। এরপর থেকে আমার ভূতে দৃঢ় বিশ্বাস জন্মায়।

**ধ্রুবজ্যোতি দে**
শ্রেণি- অষ্টম

# সূর্যের কাছে আদিত্য

''তারারাও যত আলোকবর্ষ দূরে
তারো দূরে''
—মহীনের ঘোড়াগুলি

না। তারারা আজ আর বেশি দূরে নেই। ইসরোর সৌজন্যে আমাদের সৌরজগতের নক্ষত্র সূর্যের কাছে আমরা পৌঁছতে চলেছি। চন্দ্রযান-3 এর পর ইসরো তথা ভারতের মুকুটে এ এক নতুন পালকও বটে। বরং বলা যেতে পারে, ''ঘরে বসে সারা দুনিয়ার সাথে/যোগাযোগ আজ হাতের মুঠোতে/ ঘুচে দেশ কাল সীমানার গণ্ডি''। সৌজন্যে— 'আদিত্য এল -1', PSLV C57-এ চেপে 2 সেপ্টেম্বর, 2023, 11.50- এ সৌরজগতের সূর্যের উদ্দেশ্যে পাড়ি দিয়েছে 'আদিত্য এল -1' ইসরো প্রথিতযশা বিজ্ঞানী —'নিগার সাজি'-এক নেতৃত্বে এই প্রকল্প তৈরি হয়েছে। 'আদিত্য L-1' এর উদ্দেশ্যেই হল সূর্যের আশেপাশের পরিবেশ এবং সূর্যের মধ্যে ঘটে চলা বিভিন্ন ঘটনার পৃথিবীর ওপর যে প্রভাব পড়ে, তা নিয়ে অনুসন্ধান চালানো। তবে এই ওপর যে প্রভাব পড়ে, তা নিয়ে অনুসন্ধান চালানো। তবে এই প্রকল্পটি শুরু হয়েছিল অনেক বছর আগেই। 2008 সালের জানুয়ারি মাসে ADCOS দ্বারা প্রকল্পটি গৃহীত হয়। এরপর 2016–2017 অর্থনৈতিক বছরে প্রকল্পটিতে 3 কোটি টাকা দেওয়া হয় এবং সিদ্ধান্ত নেওয়া হয় এই প্রকল্পের 'স্পেসক্র্যাফ 'টিকে 'ল্যাগরাঞ্জ পয়েন্ট L-1' -এ স্থাপন করা হবে। প্রকল্পটির নতুন নামকরণ হলো 'আদিত্য এল -1' । এরপর 2019 সালে প্রকল্পটির জন্য বরাদ্দ করা হয় 378 কোটি টাকা। অবশেষে 2 রা সেপ্টেম্বর 2023 ভারতের সতীশ ধাওয়ান স্পেস সেণ্টার -এর দ্বিতীয় লঞ্চপ্যাড থেকে নিজের উদ্দেশ্যে পাড়ি দিল 'আদিত্য এল -1 ', সঙ্গে কোটি কোটি ভারতবাসীর স্বপ্ন নিয়ে। আশা করা যায়, সূর্য সম্পর্কে আরও অনেক নতুন নতুন তথ্য পাওয়া যাবে এই প্রকল্পের হাত ধরে।

**ঋক মণ্ডল**
শ্রেণি- দ্বাদশ, বিভাগ-'ক'

# নস্ট্যালজিক কোরক

রবিবারের সকাল। বিছানার পাশে রাখা ফোনটা হঠাৎ বেজে উঠল।

**(এক)**

—"হ্যালো! কে?"

—"গুড্ মর্নিং ভাই!"

— "কে!?"

—"আরে আমি রূপাল!"

নামটা শুনে খুব চেনা একজনের কথা মনে পড়ে গেল। ঘুমের ঘোর কাটিয়ে চোখ খুলে মোবাইলের স্ক্রিনে তাকিয়ে দেখি, হ্যাঁ ঠিকই ভাবছিলাম।

— "হ্যাঁ ভাই, বল..."

—"বলছি কি আজ বিকেলে শীতলা বাড়ি যাবি? আরও অনেকে যাচ্ছে স্কুলের বন্ধুরা। পচাদা-র দোকান থেকে চা এনে শীতলা বাড়ির পাশের রকটায় বসে আড্ডা দেব।"

—"চলে না হয় যেতাম রে, কিন্তু শরীরটা ভালো নেই। কাল রাত থেকে জ্বর।" আসলে কিছুই না। সারা সপ্তাহের খাটাখাটনির পর আর তেমন বেরোতে ইচ্ছে করে না।

"আচ্ছা! তাহলে আর কি বলি? টেক্ কেয়ার। রাখছি।"

—"হ্যাঁ ভাই।"

এবার নিজের পরিচয়টা দিয়ে ফেলি। আমি ঋক বয়স ২৯, সাধারণ চাকুরিজীবী। কাজেই রবিবার কেন বেরোতে চাই না তা আশা করি বুঝতে পেরেছেন। রূপাল আমার School friend । গত মাস থেকে স্কুলের সব বন্ধুরা মিলে ঠিক করেছে প্রতি weekend -এ দেখা করবে। কাজের চাপে সেটা সবার পক্ষে হয়ে ওঠে না। আমিও তাদের মধ্যেই একজন।

**(দুই)**

ফোন রাখতে না রাখতেই মা এক কাপ চা নিয়ে ঘরে ঢুকলো। চায়ের কাপে চুমুক দিয়ে কাপটা নামিয়ে রাখলাম। মা বলল— "আজ একটু আমায় হেল্প করতে হবে! ঘর পরিষ্কার করবো। কী অবস্থা হয়েছে দেখেছিস ঘরটার?"

সামনে আমাদের বাঙালিদের প্রাণের থেকেও প্রিয় উৎসব দুর্গাপুজো। বাড়িতে অতিথিদের আনাগোনা শুরু হবে। কাজেই এই মুহূর্তে 'না' বললে সাক্ষাৎ দেবী চণ্ডীর দর্শন লাভ হবে। নিজের ভাগ্যের এই পরিহাস এড়াতে বাধ্য হয়েই বলতে হল—"আচ্ছা!"

—"হ্যাঁ খেয়ে নিয়েই কাজ শুরু করে দিবি। টেবিলে ব্রেকফাস্ট রাখা আছে। আমি ছাদ থেকে জবাফুলগুলো তুলে আনি।"

বলে মা ঘর থেকে বেরিয়ে গেল।

(তিন)

ফ্রেশ হয়ে ব্রেকফাস্ট টেবিলে গিয়ে বসতেই এক কিলো টমেটোর থেকেও দামি সারপ্রাইজ!

প্লেটের উপর লুচি আ ঘুগনি সাজিয়ে রাখা। কারণ আমি বুঝতেই পেরেছি এ নেহাত ঘুষের থেকে কম কিছু না। এরপর মন আর পেট দুজনকেই তৃপ্তি বোধ করিয়ে আর ইচ্ছেমতো ক্যালোরি আর্ন করার পর এবার ক্যালোরি বার্ন করার পালা চলে এল।

(চার)

—''তুই নিজের ঘরটা দিয়ে শুরু কর। আমি দুপুরের রান্নাটা বসিয়ে দিয়ে আসছি...''

—'' হ্যাঁ ঠিক আছে।''

ঘরে ঢুকে দরজা ভেজিয়ে দিলাম।

আস্তে আস্তে বাঙ্কার থেকে সব বাক্সগুলো নামালাম। একটা পুঁটলি ছিল আবার তার মধ্যে।

(দু-ঘণ্টা পর)

ভালোভাবেই সব ঝেড়ে মুছে পরিষ্কার করা হয়ে গেছে। আর সেরকম কাজ বাকি নেই। বাঙ্কার থেকে নামানো সব বাক্সগুলো এক এক করে তুলে দিতে লাগলাম। শেষে পুঁটলিটা তুলে নিতে যাব ঠিক সেই সময়েই পুঁটলির গিঁট খুলে ভেতর থেকে কত বই বেরিয়ে পুরো ঘরে ছড়িয়ে গেল, আর গেল আমার মাথাটা গরম হয়ে।

বাইরে থেকে মা—''কীরে! পড়ে গেলি নাকি?''

— ''না না, কিছু হয়নি। ঠিক আছে সব।''

(পাঁচ)

কিছুক্ষণ চুপচাপ বসে ছিলাম। ভাবলাম কতক্ষণই বা এভাবে বসে থাকব? তার চেয়ে বরং এই দিকটা মিটিয়ে ফেলি।

আগেই চোখ পড়ল মাটিতে পড়ে থাকা ক্লাস টুয়েলভের S.N Dey অঙ্ক বইটার উপর। ভগবানকে সঙ্গে সঙ্গে ধন্যবাদ জানালাম। একবার যদি বইটা আমার মাথায় পড়তো। তখনই নিজেকে ধ্রুবক পদ ধরে পৃথিবী থেকে অবকলিত করতে হত।

বইগুলো আবার পুঁটলির কাপড়ের রেখে একবার ভালো করে চারপাশটা দেখে নিলাম আর কোনো বই পড়ে আছি কি না!?

আলমারির পাশে একটা Magazine -এর মতো Outlet লক্ষ্য করলাম বলে মনে হল। Outlet টা হাতে নিয়ে দেখি, ডানদিকে নীচের দিকে লেখা—'বার্ষিক পত্রিকা/২০১৬-২০১৭'; উপরে লেখা—'আড়িয়াদহ কালাচাঁদ উচ্চ বিদ্যালয়' ; আমাদের স্কুলের ছবি দিয়ে পুরোটা কভার করা; আর বাঁদিকে আকাশি রঙের ব্যাকগ্রাউণ্ডের উপর লেখা —''কোরক''।

স্কুলজীবনের কত স্মৃতি এক এক করে মনে পড়ে গেল। বন্ধুদের সাথে কাটানো ভালো খারাপ মুহূর্তগুলি মুখে হাসি এনে দিলো। ক্লাস ফাইভে নবীন বরণ অনুষ্ঠানে '3 idiots' সিনেমার গানে Senior-দের সাথে গলা মেলানো, annual sports day-তে go as you like-এ শাশ্বত-র grt-up,

২০১৮ সালের বার্ষিক অনুষ্ঠান, বন্ধুদের সাথে পাওয়া শাস্তির আনন্দ যা একা শাস্তি পাওয়ার থেকে অনেক বেশি সুখের, Teachers বনাম XII-Science-এর ক্রিকেট ম্যাচ, বন্ধুদের সাথে টিফিনে বেঞ্চ বাজিয়ে গান, আর সবশেষে ফেয়ারওয়েল অনুষ্ঠান। মাঝের ঘটনাগুলো না বলাই মঙ্গল।

পাতা উল্টে পড়া শুরু করলাম।

**(ছয়)**

দরজায় টোকা পড়ল।

—''কীরে, তোর শেষ হল?''

ঘড়ির দিকে চোখ পড়ল। বিকেল চারটে বাজতে চলে। তখন পত্রিকার লেখা ''আতঙ্ক'' গল্পটা পড়ছিলাম। পত্রিকাটা বন্ধ করে উত্তর দিলাম-

—''হ্যাঁ আসছি।''

পত্রিকাটা রেখে দিয়ে, ফোন করলাম রূপালকে।

—''ভাই তোরা শীতলা বাড়ি কখন যাবি?''

—''এইতো ছ-টা নাগাদ বেরাবো।''

—''আচ্ছা আমিও আসছি তাহলে।''

—''তোর জ্বর কমে গেল?''

—''গিয়ে বলছি সব। এখন রাখছি।''

—''আচ্ছা, তাহলে একেবারে রকে চলে আসিস।''

—''হ্যাঁ।''

**(সাত)**

এবার ১২ বছর আগে ফিরে আসি। গল্পটা লিখে তো দিয়েছি। জানিও না ছাপা হবে কিনা। তবু এই কথাটা সত্যি যে কালাচাঁদের প্রাক্তন ছাত্রদের জীবনে এমন একটা দিন আসবেই। হয়তো অনেকের জন্য এই দিন আসতে দেরি আছে কিন্তু, আমাদের Last Year -এর ছাত্রদের জন্য আর কয়েকমাস। আর বেশি কিছু বলব না, খালি বলব এই পত্রিকাটা যত্ন করে রেখে দিতে। কারণ এটা শুধু একটা Magazine নয় আমাদের আড়িয়াদহ কালাচাঁদ উচ্চ বিদ্যালয়ের ছাত্রদের কাছে এটা emotion, nostalgia।

**ঋক মুখার্জী**
শ্রেণি- দ্বাদশ, বিভাগ-বিজ্ঞান,

# হিমালয়ের তিন অপরূপা কন্যা ডালহৌসী, খাজিয়ার ও ধরমশালা

২০১৮ সালের মহাষষ্ঠীর পুণ্যপ্রভাত। চাক্কিব্যাঙ্ক তথা পাঠানকোট ক্যান্টনমেন্ট স্টেশনে ১২৪৪৫ নিউদিল্লী-শ্রীমতী বৈষ্ণোদেবী কাটরা উত্তর সম্পর্কক্রান্তি এক্সপ্রেস থেকে নামলাম আমরা। আমরা অর্থাৎ আমি, বাবা ও মা। পাক্কা ৫ ঘণ্টা লেট ট্রেন। সকাল ৬টা ২৫ মিনিট। ধীরে ধীরে ট্রেনটি ছেড়ে হুইস্‌ল দিতে দিতে স্টেশন ছাড়িয়ে দূরে বাঁকের আড়ালে চলে যেতে লাগল, কী দৃশ্য! হাল্কা ঠাণ্ডা ভাব রয়েছে বাতাসে। কারণ অক্টোবরের মাঝামাঝি সেবার দুর্গাপূজা পড়েছিল। আর পাঠানকোট তো পাঞ্জাবে অবস্থিত। অর্থাৎ অনেকটাই উত্তরে তথা উত্তর পশ্চিমে, অবস্থিত। তার মধ্যে এই সুন্দর সকালে সবে সূর্যদেব উদিত হয়েছেন পূর্ব গগনে। আর ট্রেনটি চলে যাচ্ছে দূর বাঁকের আড়ালে। ঠিক যেন হিন্দি সিনেমার কোন দৃশ্য। আমার মা তো আজও বলেন, ''এমন দৃশ্য দেখাও ভাগ্যে ছিল আমার!" যাই হোক ধীরে ধীরে লাগেজ নিয়ে আমরা লাইন পার হয়ে স্টেশনের বাইরে এলাম। গন্তব্য আমাদের হিমাচল প্রদেশের তিনটি বিখ্যাত স্পট ডালহৌসী, খাজিয়ার ও ধরমশালা। পাঠানকোট থেকে এই জায়গাগুলির দূরত্ব বেশি নয়। ডালহৌসী কিংবা ধরমশালা দুটোই এখান থেকে ৮০-৮২ কিমির মত। কিন্তু এটা অফ্‌বিট রুট। সব ট্রাভেল এজেন্সিরাই মোটামুটি অমৃতসরের স্বর্ণমন্দির দর্শন করিয়ে সেখান থেকে নিয়ে যায় এই স্পটগুলিতে। কিন্তু অমৃতসর থেকে ডালহৌসীর দূরত্ব প্রায় ২০০ কিলোমিটারের কাছাকাছি। সময়ও লাগে বেশি। তাই এই রুটটাই বেছে নিলাম আমরা। আমাদের গাড়িটা আসতে একটু দেরি করছিল। তারপর গাড়িতে চেপে রওনা দিলাম আমরা। ক্যান্টনমেন্ট অর্থাৎ মিলিটারি বেশ এলাকা এই পাঠানকোট। তার মধ্যে দিয়ে ছুটল আমাদের গাড়ি। পথে এক জায়গায় গাড়ি থামিয়ে চা টোস্ট খেয়ে অর্থাৎ জলখাবার খেয়ে আবার এগিয়ে চললাম। মোটামুটি ঘণ্টা-দুই এর মধ্যে পৌঁ গেলাম গন্তব্যে।

হিমালয়ের কোলে ছোট্ট, সুন্দর নিরিবিলি এক শৈলশহর ডালহৌসী। লর্ড ডালহৌসীর নামানুসারেই এই শহরের নামকরণ করা হয়েছে। সিমলা-কুলু-মানালির মত বেশি ভিড়-ভাট্টাও নেই। বেশি মানুষজনের কল-কোলাহলও নেই। আর সবচেয়ে বেশি যেটা আকর্ষণীয় সেটা হল পাহাড়ের ঢালে ঢালে দেবদারু গাছের সারি। কি অভূতপূর্ব স্বর্গীয় দৃশ্য। এই সৌন্দর্যের টানেই বোধহয় রবীন্দ্রনাথ ঠাকুর থেকে শুরু করে নেতাজি সুভাষচন্দ্র বসু পর্যন্ত প্রায় সমস্ত স্বনামধন্য বাঙালি ছুটে এসেছেন এই শৈলশহরে। কবিগুরু তাঁর উপনয়নের পর তাঁর পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের সঙ্গে এসেছিলেন এই শৈলশহরে। এখানকার এই অপার্থিব সৌন্দর্য দেখে পিতা-পুত্র উভয়রেই মনে হয়েছিল স্বর্গ-বুঝি এখানেই নেমে এসেছে পৃথিবীর বুকে।

ডালহৌসীতে আমরা ছিলাম দু'রাত্রি হোটেল হিমগিরিতে। হোটেলটির ম্যানেজার

ভদ্রলোকটি (সম্ভবত ব্রাহ্মণ) অত্যন্ত অমায়িক, ধার্মিক এবং সদালাপী। প্রতিদিন সকালে দেখতাম উনি পূজা করছেন দুর্গা চালিসা পাঠ করছেন একাগ্রচিত্তে। তাঁর মুখ থেকেই এখানকার আরও নানা দ্রষ্টব্যস্থানের কথা জানতে পারলাম। ডালহৌসীর প্রধান আকর্ষণীয় স্থান তথা প্রাণকেন্দ্র হল একটি চক যার নাম ''সুভাষ বাউলি''। নাম থেকেই বোঝা যাচ্ছে স্বয়ং নেতাজি এসে এখানে ছিলেন। তাঁর একটি বাড়িও আছে এখানে। আর তাঁর নাম থেকেই এই জায়গার নাম হয়ে গেছে 'সুভাষ বাউলি'। এমনিতে ডালহৌসীতে দেখার বিশেষ কিছু নেই। শুধু প্রাকৃতিক সৌন্দর্য অবলোকন করতে, দু'দণ্ড শহরের ধুলো-ধোঁয়া-দূষণ, কল-কোলাহল থেকে দূরে বিশ্রাম নিতে বস্তুত ফ্রেশ অক্সিজেন নিতে এখানে আসে লোকে।

পরদিন আমাদের গন্তব্য ডালহৌসী থেকে প্রায় ৪০ কিমি দূরে অবস্থিত খাজিয়ার উপত্যকা। অত্যন্ত সুন্দর সবুজ গালিচায় মোড়া একটি মাঠ। দেখলে মনে হবে কোথায় লাগে সুইজারল্যাণ্ড, স্কটল্যাণ্ড! শরৎকাল হওয়ার দরুণ ঘাসের আগায় ঠিক হীরককুচির মত শিশিরবিন্দু। সে এক অনির্বচনীয় অনুভূতি। মাথার উপরে শরতের সুনীল আকাশ। তাতে সাদা মেঘের ভেলা। সে ভাষায় প্রকাশ করা সম্ভব নয়। আমার বাবা বললেন, ''দেখ বাবু, আমরা। মা দুর্গার বাড়ি এসে গেছি, মা গেছেন আমাদের ওখানে। তাঁর বাপের বাড়ি। আর আমরা এসেছি তাঁর শ্বশুরবাড়ি!'' সত্যিই তাই। যাই হোক, এবার আমরা একটু এগিয়ে গেলাম চাম্বার দিকে। তবে চাম্বা যাইনি আমরা কারণ চাম্বার রাস্তাটা একটু বেশি চড়াই (Downward)। আমাদের ড্রাইভারকাকু বললেন তাই। আমরা খাজিয়ার থেকে একটু এগিয়ে একটা দুর্গামন্দিরে যাই। সেখানে দেখি অসংখ্য কম্বল রোদে দেওয়া হয়েছে ও আকাশে ক্যারাগ্লাইডিং চলছে। একটি বিশাল দণ্ডায়মান শিবের মূর্তিও রয়েছে সেখানে। দেবীদর্শন সেরে আমরা চলে আসি ডালহৌসীতে।

তৃতীয়দিন সকালে আমরা বেরিয়ে পড়ি প্রায় ১৬৫ কিলোমিটার দূরের ধরমশালার উদ্দেশ্যে। পাহাড়ের পাকদণ্ডী পথ বেয়ে, চড়াই উতরাই অতিক্রম করে গাড়ি ছুটে চলে গন্তব্যের উদ্দেশ্যে। দু'পাশে সবুজের সমারোহ। কখনও বা পাহাড়ি, খরস্রোতা নদী যার নাম ইরাবতী বা রাভি তার দেখা পাচ্ছিলাম। অবশেষে প্রায় ঘণ্টাচারেক পর একটা জায়গায় থেমে আমরা পৌঁছই ধরমশালায়। এই প্রসঙ্গে বলে রাখা ভালো যে ধরমশালার দুটি অংশ আছে। 'আপার ধরমশালা' বা 'ম্যাকলয়েড গঞ্জ' এবং 'লোয়ার ধরমশালা'। আমরা ছিলাম আপার ধরমশালা বা ম্যাকলয়েড গঞ্জে। সেখানে আমাদের হোটেল 'ট্রিউণ্ড হাইটস্' (Triund Heights) ছিল একেবারে পাহাড়ের কোলে এবং আমাদের ঘরটিও ছিল এমন অবস্থানে যে সকালবেলা চোখ খুললেই দেখা যাবে পাহাড়। সেই বঙ্কিমচন্দ্রের নব কুমারের মত বলতে ইচ্ছা করছিল, ''আহা, কী দেখিলাম! জন্ম জন্মান্তরেরও ভুলিব না।''

সেদিন বিকেলবেলা আমরা গেলাম বৌদ্ধমন্দির ভাগসুনাগে। তিনটি ছোট ছোট ঝরণ থেকে তীব্রবেগে জল এসে পড়ছে একটা জলাশয়ে। আমাদের বাসুকিনাগেরই সম্ভবত বৌদ্ধ সংস্করণ ভাগসুনাগ। যাইহোক সেদিনটা ছিল মহাষ্টমী পরদিন অর্থাৎ মহানবমীর দিন আমরা ধরমশালার

আশেপাশে থাকা দ্রষ্টব্যগুলি দেখতে রওনা হলাম। প্রথমেই গেলাম আমরা ডাল লেক, আরে নানা, এ সেই জম্মু-কাশ্মীরের রাজধানী শ্রীনগরের বিশ্ববিখ্যাত ডাল লেক নয়। এ হল ধরমশালার ডাল লেক। একটা প্রকাণ্ড জলাশয় যার প্রায় অর্ধেকটাই শুকনো, ঘাস জন্মে গেছে। জল খুবই সামান্য। বর্ষাকালে নাকি টইটুম্বুর হয়ে ওঠে এই লেক। স্থানীয়দের মুখে শুনলাম—এই লেকে নাকি মাছ চাষও করা হয় মাঝে মাঝে। যাই হোক ডাললেকের শুনলাম—এই লেকে নাকি মাছচাষও করা হয় মাঝে মাঝে। যাইহোক ডাললেকের তীরে ছিল একটা হর-গৌরীর মন্দির যেখানে পুজো চলছিল। আমরা দেবদর্শন সেরে আবার চলতে শুরু করলাম। আমাদের পরবর্তী গন্তব্য 'নাড্ডি'। যেখান থেকে চোখে দূরবীন লাগিয়ে লোকে হিমালয়ের অপরূপ সৌন্দর্য, চামুণ্ডা মন্দির দেখে। আমরাও দেখলাম, চামুণ্ডা মন্দিরে মহানবমীর হোম চলছে। তার ধোঁয়া উড়ছে আকাশে। একেবারে দূষণমুক্ত পরিবেশ। হিমাচলের অন্য প্রান্তে যেমন কুলু-মানালি যাওয়ার পথে দেখেছি শুকনো, পাথুরে পাহাড় কিন্তু এদিকটায় একেবারে সবুজ পাহাড়। নানাবিধ গাছপালয় ভর্তি হিমালয়ের গা গুলো। ফলে এই দিকে ধস কম নামে। নেস্পট আমরা গেলাম ধমরশালার সবচেয়ে প্রধান দ্রষ্টব্য 'নামগিয়েল মনাস্ট্রি'। যার জন্য ম্যাকলয়েডগঞ্জ তথা আপার ধরমশালাকে বলা হয় 'ভারতের লাসা'। এই মনাস্ট্রিতেই থাকেন দলাই লামা যখন তিনি আসেন ভারতে। খ্রিষ্টধর্মে যেমন প্রভুযীশুর পরেই পোপের স্থান, তেমনি বৌদ্ধদের কাছে বিশেষকরে তিব্বতীদের কছে গৌতমবুদ্ধের পরেই এই দলাই লামার স্থান। মনাস্ট্রিতে আমরা দলাই লামার ঘর, তাঁর ব্যবহৃত খাট, আসববাপত্র, গদি, আসন সবকিছুই দেখলাম। ওখানে ভোগ খাওয়ারও বন্দোবস্ত আছে? সিদ্ধ-খিচুড়ির মত একটা কোন পদ আর তার সঙ্গে পাঁচমিশলি একটু তরকারি। অনেকেই দেখলাম খাচ্ছে বেশ তৃপ্তি করে। যাইহোক আমরা নেমে লোম কারণ নীচে মা বসেছিলেন। সঙ্গে তাঁর আমাদের গেপাল থাকায় তিনি যাননি উপরে। মনাস্ট্রির বাইরেটা পুরো বাজার এলাকা। তরতাজা, সবুজ শাকসবজি বিক্রি হচ্ছে। কী সুন্দর সবুজ রং তাদের। আমাদের এই ধুলো-ধোঁয়া, দূষণে ভরা শহরে কেউ কল্পনাই করতে পারবে না। ফেরবার পথে এক জায়গায় গাড়ি থামিয়ে মা দুর্গর (ওর বলে 'শেরাওয়ালী') নবমী প্রসাদ শুকনো রং দেওয়া হালুয়া দিল মন্দিরের বাইরে থাক ছেলেমেয়েরা। দেখলাম উপরে মন্দিরটিতে হোম হচ্ছে। যাইহোক খিদেও পেয়েছিল তখন। সকাল থেকে ঘুরে ঘুরে খাবার হজম হয়ে গিয়েছিল বিশুদ্ধ পাহাড়ি পরিবেশে, মায়ের নাম করে খেয়ে নিলাম প্রসাদ আমরা সবাই। দুপুরবেলায় ফিরে এলাম আমরা হোটেলে।

সেদিন হোটেলে রাত্রিযাপন করে পরদিন সকালে আমরা এবার রওনা দিলাম পাঠানকোটের উদ্দেশ্যে। ধরমশালা থেকে চামুণ্ডা মন্দিরেও যাওয়া যায়, সতীপীঠ জ্বালামুখী (জোয়ালাজি)-তেও যাওয়া যায় কিন্তু সময়াভাবে যাওয়া হয়ে ওঠেনি। বেটার ফর দ্য নেক্সট টাইম, প্রায় ঘণ্টাদুয়েক লাগল পাঠানকোট পৌঁছাতে। ৮০ কিলোমিটারের মত পথ। ফেরার পথে লোয়ার ধরমশলায় অবস্থিত ক্রিকেট স্টেডিয়ামটিও দেখে নিয়েছিলাম আমরা। সেদিনটা ছিল বিজয়াদশমী তথা দশেরা। পাঠানকোট ক্যান্টনমেণ্ট এলাকায় ঢোকার ঠিক মুখটিতেই মিলিটারি চেকিং এর জন্য


আমাদের গাড়িটিকে আটকানো হল। একজন মিলিটারিম্যান আমাদের ড্রাইভারকাকুকে নানা প্রশ্ন জিজ্ঞেস করতে লাগলেন। যেমন কোথা থেকে আসছি আমরা, গাড়িতে কারা রয়েছে ইত্যাদি বাব সঙ্গে সঙ্গে গাড়ি থেকে নেমে গম্ভীরগলায় বলে উঠলেন, 'ক্যা হুয়া ক্যা?'' অমনি সেই মিলিটারি ভদ্রলোক তাঁর থেকেও দীর্ঘদেহী, সানগ্লাস, টুপি পরিহিত একজন ভদ্রলোক (আমর বাবা) দেখে ও তাঁর অমন গলা শুনে মিইয়ে গেলেন একেবারে বারে বারে ক্ষমাপ্রার্থনা করে আমার মাকে বললেন হিন্দিতে, ''ক্ষমা করবেন মাইজি, আজ দশেরা হওয়ার দরুন এত চেকিং,'' যাইহেক আমরা তাঁকে আশ্বস্ত করে আবার এগিয়ে চললাম। তারপরে আমাদের সে কি হাসি! সম্ভবত আমার বাবার চেহারা ছবি দেখে সেই ভদ্রলেক ভেবেছেন যে বড় কোনো কর্নেল লেফটেন্যাণ্ট বোধহয় তাঁর ফ্যামিলি নিয়ে যাচ্ছেন। তবে আমরা গাড়ির ডিকি খুলে সব দেখিয়ে নিয়েছিলাম। যাইহোক পাঠানকোট ক্যাণ্টনমেণ্ট স্টেশনের কাছে একটা হোটেলে বিশ্রামের জন্য আমরা উঠেছিলাম। রাত ৯টা ২০ তে আমাদের ট্রেন ছিল, জম্মু-তাওয়া নিউ দিল্লী রাজধানী এক্সপ্রেস। তাতে করে দিল্লী এসে পরদিন দিল্লীতে থেকে দ্বাদশীর দিন ভোরে বিমানে চেপে চলে এলাম দমদমে। এই ট্যুরটার কথা আমাদের মনে থেকে যাবে চিরকাল। এই কাহিনিটি যখন লিখছি আমি তখনও আমার মা বলছেন, ''এই শরতের নীল আকাশ দেখে আমার সেই ধরমশালার কথা মনে পড়ে যাচ্ছে বারবার।'' ইংরেজরা যেমন আমাদের ক্ষতি করেছে তেমনি উপকারও করেছে কিছু। যেমন এই শৈলশহরগুলিকে স্থাপন করে আমাদের বেড়ানোর জায়গ করে দিয়েছে।

প্রয়োজনীয় তথ্য ঃ হিমাচল প্রদেশের এই সমস্ত জায়গাগুলিতে বেড়াতে যাওয়ার উৎকৃষ্ট সময় হল অক্টোবর-ডিসেম্বর এবং অন্য দিকে মার্চ-মে মাস পর্যন্ত। কলকাতা থেকে সরাসরি অকালতখ্ত এক্সপ্রেস, শিয়ালদহ-অমৃতসর জালিয়ানওয়ালাবাগ এক্সপ্রেস, হাওড়া-অমৃতসর মেল, হওড়া-অমৃতসর এক্সপ্রেসে করে অমৃতসর এসে সেখান থেকেও ডালহৌসী আসা যায় আবার কলকাতা-জম্মুতাওয়াই এক্সপ্রেস, হাওড়া-জম্মুতাওয়াই হিমগিরি এক্সপ্রেসে চেপে চাক্কিব্যাঙ্ক তথা পাঠনকোট ক্যাণ্টনমেণ্ট স্টেশনে নেমেও যাওয় যেতে পারে ঝাংড়া উপত্যকার এই হিলস্টেশনগুলিতে। আবার দিল্লি থেকেও যাওয়া যায় এই স্থানগুলিতে।

**অর্ণব চক্রবর্তী**

কম্পিউটার শিক্ষক

# রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষাভাবনা এবং আজকের দিনের সঙ্কট



আমরা যে রবীন্দ্রনাথ ঠাকুরকে চিনি এবং জানি তিনি আমারে বাঙালির অস্তিত্ব থেকে আলাদা কেউ নন। তিনি আমাদের নিজের মানুষ। আমাদের ভিতরের আমি যখন কথা বলি তখন আমরা তাঁর কণ্ঠের প্রতিধ্বনি শুনতে পাই। এখানেই রবীন্দ্রনাথ ঠাকুরের সমস্ত কৃতিত্ব যে তিনি আমাদেরই লোক হয়ে গেছেন। এক কথায় বলা যায়, বাঙালির মানস-অস্তিত্ব নির্মাণে তাঁর ভূমিকা অবিস্মরণীয়। আমরা যখন যা কিছুই ভাবি তা যেন রবীন্দ্রনাথের মত করেই ভাবি। রবীন্দ্রনাথ ঠাকুরই আমাদের চিন্তা-চেতনার সাংস্কৃতিক পরিধি বিস্তারের প্রতিটি স্তরে একটু একচু করে এগিয়ে দিয়েছেন। বাঙলির মনের বিকাশকে এই এগিয়ে দেবার যে ভূমিকা সেটাই তাঁর শিক্ষাচিন্তার স্বরূপ রূপে বিবেচিত হতে পারে। আলাদা করে তাঁর শিক্ষা ভাবনার স্বরূপ খোঁজার কিছু নেই। এক রবীন্দ্রনাথ ঠাকুর যে বিস্তৃত মহাসমুদ্ররূপ রচনাসমগ্র রেখে গেছেন তাঁর প্রতিটি পদক্ষেপই হল বাঙালির মনন ও চৈতন্যের বিকাশের জন্য শিক্ষাচিন্তার স্মারক এবং বাহক।

শিক্ষা সম্বন্ধে রবীন্দ্রনাথ ঠাকুরের নানা সময়ে নানা ভাবনার প্রয়োগ দেখতে পাই। শান্তিনিকেতন প্রতিষ্ঠা নিয়ে তিনি সময়ে অসময়ে অনেক কথা বলেছেন। তিনি প্রাচীন ভারতের প্রকৃতির সহযোগে শিক্ষাটার প্রতিই অনুরক্ত ছিলেন। তিনি মনে করতেন অতীতে সেই শিক্ষাব্যবস্থার পুনঃপ্রবর্তন প্রয়োজন।

তিনি বলেছেন ঃ মানুষ বিশ্বপ্রকৃতি ও মানবসংসার এই দুইয়ের মধ্যে জন্মগ্রহণ করে, অতএব দুইকে একত্র সমাবেশ করে বালকদিগের শিক্ষায়তন গড়লে তবেই শিক্ষার পূর্ণতা ও মানবজীবনের সমগ্রতা হয়। বিশ্বপ্রকৃতির যে আহ্বান তার থেকে বিচ্ছিন্ন করে পুঁথিগত বিদ্যা দিয়ে জোর করে শিক্ষার আয়োজন করলে শুধু শিক্ষাবস্তুকেই জমানো হয়। যে মন তাকে গ্রহণ করবে তার অবস্থা সয় ভারবাহি জন্তুর মতো। শিক্ষার উদ্দেশ্য তাতে ব্যর্থ হয়। আরো বলেছেন, মানবজীবনের সমগ্র আদর্শকে জ্ঞানে ও কর্মে পূর্ণ করে উপলব্ধি করাই শিক্ষার উদ্দেশ্য।

তিনি নিজে শিক্ষকতাও করেছেন। শিক্ষাকে তিনি কখনো অনায়াসে অর্জনের বিষয় করে তোলেননি অর্থাৎ 'জলো' করে তোলার পক্ষপতি ছিলেন না। ছাত্ররা যাতে শক্ত বিষয় ভাঙতে পারে ও বড় কথা বুঝতে পারে সেই ব্যবস্থা তিনি করতেন। তাই তাঁর ছাত্ররা দ্রুতচিন্তা করার মত ক্ষমতা অর্জনে সক্ষম হয়েছিল। ছাত্র জীবনে শিথিলতাকে তিনি পছন্দ করতেন না। এমন কি ছাত্রদেরকঠিন বই পড়াতে তিনি দ্বিধা করতেন না। একবার চতুর্থ শ্রেণির ছাত্রকে তিনি Ruskin-এর বই পড়িয়েছেন।

শান্তিনিকেতনকে তিনি নিজের শিক্ষাচিন্তার আদর্শে গড়ার চেষ্টা করেছিলেন। প্রচলিত শিক্ষা ব্যবস্থাকে তিনি ঠিক মেনে নিতে পারেননি। রবীন্দ্রনাথ ঠাকুর সম্পূর্ণ ভিন্নভাবে রনিজস্ব শিক্ষাদর্শন ও ভিন্নভাবে নিজস্ব শিক্ষাদর্শন ও ভিন্ন চিন্তার মাধ্যমে আশ্রম পদ্ধতির শিক্ষা ব্যবস্থা প্রচলনের কথা ভেবেছিলেন এবং সেই অনুযায়ী শিক্ষা কার্যক্রম প্রসারের লক্ষ্যে শান্তিনিকেতন ও বিশ্বভারতী গড়ে তুলেছিলেন। তিনি যখন দেখলেন শান্তিনিকেতনে প্রবাসিরাও বিদ্যার্জনের জন্য এসেছে তখন তিনি ভেবে খুশি হলেন যে, শান্তিনিকেতন বাঙালিত্বের ক্ষুদ্র গণ্ডী ভেঙে বাইরের ছাত্রদের মনোযোগ আকর্ষণে সক্ষম হয়েছে। একে তিনি ভারতীয়দের শিক্ষাকেন্দ্র করে তুলতে চেয়েছেন যেখানে শিশুকাল থেকে ছাত্ররা একসাথে থেকে একটি জাতীয় আদর্শ চর্চা করতে পারবে, যেখানে শিক্ষাচর্চা হবে সমস্ত রকমের সাম্প্রদায়িকতামুক্ত।

একবার ঊনিশশো ষোল সালে আমেরিকার শিকাগো থেকে তিনি রথীন্দ্রনাথকে একটি চিঠিতে বলেন, ''শান্তিনিকেতন বিদ্যালয়কে বিশ্বের সঙ্গে ভারতের যোগের সূত্র করে তুলতে হবে—ঐখানে সর্বজাতিক মনুষ্যত্ব চর্চার কেন্দ্র স্থাপন করতে হবে — স্বজাতিক সংকীর্ণতার যুগ শেষ হয়ে আসছে — ভবিষ্যতের জন্য যে বিশ্বজাতিক মহামিলনযজ্ঞের প্রতিষ্ঠা হচ্ছে তার প্রথম আয়োজন ঐ বোলপুরের প্রান্তরেই হবে।''

এখানে রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তার একটি দিক সুস্পষ্ট হয় যে তিনি একদিকে সাম্প্রদায়িকতামুক্ত একটি একমুখী শিক্ষাব্যবস্থার প্রবর্তন করতে চেয়েছিলেন যেখানে ভারতীয় সংস্কৃতি চর্চা হবে আবার অন্যদিকে তিনি ভারতের শিক্ষার সাথে একটি আধুনিক বৈশ্বিক যোগ স্থাপনের বিষয়টিও ভেবেছিলেন।

শান্তিনিকেতনকে কখনও তিনি তাঁর রাজনৈতিক ভাবনা বা কর্মকাণ্ডের সাথে জড়াননি। তিনি শান্তিনিকেতনকে এইসব থেকে রক্ষা করেছেন। এই বিষয়ে যা জানা যায় তা হল ঃ ''কি স্বদেশী যুগের জাতীয় শিক্ষা পরিষদ আন্দোলনপর্ব কি হোমরুল লীগ যুগের জাতীয় বিশ্ববিদ্যালয় আন্দোলনে, এমনকি, গান্ধীজীর অসহযোগ আন্দোলনের তীব্র উত্তেজনার মধ্যে তিনি শান্তিনিকেতনকে বাহিরের উত্তাপ হইতে রক্ষা করিতে চেষ্টা করিয়াছিলেন।'' এখান থেকে সুস্পষ্ট হয় যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে রাজনীতিকে তিনি জোরালো ভাবেই পরিহার করেছেন।

শিক্ষার মাধ্যমে হবে বাংলা ভাষা। এই ব্যাপারে তার মতামত ছিল চূড়ান্ত। একবার কলকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সংস্কারের জন্য একটি কমিশন গঠন হয়েছিল। এই উপলক্ষ্যে তার সভাপতি স্যার মাইকেল স্যাডলার কয়েকজনকে নিয়ে শান্তিনিকেতন পরিদর্শনে আসেন। সে সময় স্যাডলার ইংল্যাণ্ডের লীডস বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এবং শিক্ষাশাস্ত্রী হিসেবে আন্তর্জাতিকভাবে খ্যাতিমান ছিলেন। রবীন্দ্রনাথের সাথে শিক্ষাচিন্তা নিয়ে তাঁর যে আলোচনা হয় সেটা কমিশনের রিপোর্টে প্রকাশিত হয়। এত আগে রবীন্দ্রনাথ ঠাকুর যে কথা বলে গেছেন তা সারা বিশ্বেই শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষার জন্য উপযুক্ত আদর্শ হয়ে উঠতে পারতো। তিনি সেদিন বলেছিলেন, ''ইংরেজি ভাল করিয়া শিখিতেই হইবে — তবে বিদ্যালয় ও কলেজে ও বিশ্ববিদ্যালয়ে মাতৃভাষার মাধ্যমে সকল জ্ঞান বিজ্ঞান শিখাইতে হইবে।''

রবীন্দ্রনাথ ঠাকুরের পুরোটা জীবনই শিক্ষাগ্রহণের জন্য উপযুক্ত। তাঁর কোনো কর্ম, কোনো চিন্তাই শিক্ষার অভাবে অনালোকিত নয়। তিনি যা কিছুই লিখেছেন তার সমস্ত কিছুই মনবতার কল্যাণে। এক একটি ধর্ম নারীকে শুধুমাত্র ভোগ্যবস্তুরূপে চিহ্নিত করে নারীর উপরে নির্মমভাবে ভোগের অধিকার প্রতিষ্ঠিত করার জন্য নারীর শরীরের উপর চড়াও হয়েছে কিন্তু এক রবীন্দ্রনাথ যখন হৈমন্তী গল্পে নারীকে নিয়ে লিখেছেন সে আমার 'সম্পত্তি নয় সে আমার সম্পদ' তখনই বদলে গেলো পূর্বের সমস্ত গতানুগতিক ধারণা। নারী হয়ে উঠলো সাধনা দ্বারা অর্জিত ভালবাসার ধন। সমাপ্তি নামক ছোটগল্পে মৃন্ময়ীকে পাওয়ার জন্য অপূর্ব অপেক্ষা করেছে। যতদিনে মৃন্ময়ী কৈশোর কাটিয়ে নারী হয়ে ওঠেনি ততদিন অপু অপেক্ষা করেছে। যতক্ষণ পর্যন্ত না মৃন্ময়ী ভালবেসে অপুকে গ্রহণ করেছে ততদিন পর্যন্ত অপু অপেক্ষা করেছে।

শান্তিনিকেতনকে তিনি গড়ে তুলতে চেয়েছেন তাঁর নিজস্ব শিক্ষাভাবনার রূপকল্প রূপে। এই শান্তিনিকেতন নিয়ে তিনি লিখেছিলেন শান্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রম। এখানে তিনি তাঁর শিক্ষাচিন্তার কিছুটা উল্লেখ করেছেন। তাঁর এ শিরোনামের মাধ্যমে স্পষ্ট হয় এখানের ছাত্রদের ব্রত এবং উদ্দেশ্য। মানুষের কল্যাণাকাঙ্ক্ষাই এখানের ছাত্রদের উদ্দেশ্য।

ছাত্রদের উদ্দেশ্যে তিনি যে উপদেশমূলক ভাষণ দিলেন তা শুনলে এখনও শিক্ষণীয় বলে মনে হয়।

"তোমরা ভয়ে কাতর হবে না, দুঃখে বিচলিত হবে না, ক্ষতিতে ম্রিয়মান হবে না, ধনের গর্বে স্ফীত হবে না; মৃত্যুকে গ্রাহ্য করবে না, সত্যকে জানতে চাইবে, মিথ্যাকে মন থেকে কথা কে কাজ করে দূর করে দেবে, সর্বদা জগতের সকল স্থানেই মনে এবং বাইরে এক ঈশ্বর আছেন এইটে নিশ্চয় জেনে আনন্দ মনে সকল দুষ্কর্ম থেকে নিবৃত্তি থাকবে। কর্তব্যকর্ম প্রাণপণে করবে, সংসারের উন্নতি ধর্মপথে থেকে করবে, অথচ যখন কর্তব্যবোধে ধনসম্পদও সংসার ত্যাগ করতে হবে তখন কিছুমাত্র ব্যাকুল হবে না। তাহলে তোমাদের দ্বারা ভারতবর্ষ আবার উজ্জ্বল হয়ে উঠবে— তোমরা যেখানে থাকবে সেইখানেই মঙ্গল হবে, তোমরা সকলের ভালো করবে এবং তোমাদের দেখে সকলের ভাল হব।"

সকলের ভালো করার এই আকাঙ্ক্ষাই হল শিক্ষার মহান ব্রত আর এই ব্রতকেই মোক্ষ করার জন্য রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তার এই প্রয়াস।

শিক্ষা গ্রহণ হল এক ধরনের ধর্ম। এ ধর্মের ছাত্র এবং শিক্ষকের সম্পর্ক হবে গুরু শিষ্যের সম্পর্ক। শিক্ষা কখনো পণ্য রূপে বিক্রি হতে পারে না। এতে ছাত্রশিক্ষকের সম্পর্ক যা মূলত গুরুশিষ্যের সম্পর্ক সেটা ব্যাহত হয়। দারিদ্র্য লজ্জার বিষয় নয় কিন্তু শৌখিনতাকে বর্জন করা ছাত্রদের কর্তব্য। সব রকমের পরিচ্ছন্নতা এবং শুচিতা পালনে দৃঢ় হওয়া প্রয়োজন। নিজের কাপড়চোপরসহ সবকিছু ধোয়ামোছার কাজ নিজ হাতে করা দরকার। অধ্যাপকদের ঘর গুছানোসহ অধ্যাপকদের সেবাও তাদের কর্তব্য। ছাত্রদের দয়িত্ব হল তারা নির্বিচারে অধ্যাপকদের ভক্তি করবে। প্রতিদিন তারা শিক্ষকদের প্রণাম করবে, এভাবে বিলাসত্যাগ, আত্মসংযম, গুরুজনে ভক্তি ইত্যাদি বিষয়গুলি তাদেরকে পালন করে প্রাচীনকালের আদর্শকে অনুসরণ করতে হবে বলে তিনি মনে করেছেন।

শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যাপকেরা তাদের স্বাধীন মতামত ব্যক্ত করবেন। শিক্ষাপ্রতিষ্ঠানের মালিক এবং অধ্যাপকদের সাথে মালিক শ্রমিক সম্পর্ক থাকবে না বরঞ্চ একে অন্যের সহযোগি হয়ে কাজ করবেন। এই প্রসঙ্গে তিনি বলেছেন ঃ

''এই বিদ্যালয়ের অধ্যাপকগণকে আমি আমার অধীনস্ত বলিয়া মনে করি না। তাঁহারা স্বাধীন শুভবুদ্ধির দ্বারা কর্তব্য সম্পাদন করিয়া যাইবেন ইহাই আমি আশা করি এবং ইহার জন্যই আমি সর্বদা প্রতীক্ষা করিয়া থাকি। কোনো অনুশাসনের কৃত্রিম শক্তির দ্বারা আমি তাহাদিগকে পুণ্যকর্মে বাহ্যিকভাবে প্রবৃত্তি করিতে ইচ্ছা করি না। তাহাদিগকে আমার বন্ধু বলিয়া সহযোগি বলিয়াই জানি। বিদ্যালয়ের কর্ম যেমন আমার, তেমনি তাহাদেরও কর্ম—এ যদি না হয় তয়াহলে এ বিদ্যালয়ের বৃথা প্রতিষ্ঠা।"

তিনি ন্যায়, কল্যাণ, শুভবুদ্ধির উদ্বোধনের জন্য শান্তিনিকেতনের কর্মপ্রচেষ্টাকে ঢেলে সাজিয়েছিলেন। তিনি এই প্রসঙ্গে আরো বলেছেন, আত্মসংযম, শরীর মনের নির্মলতা, একাগ্রতা, ুরুভক্তি ইত্যাদির মাধ্যমে মনুষ্যত্বকে দুর্লভ ধনের মত শিষ্য বা ছাত্ররা গুরুর কাছ থেকে অর্জন করবে। মনুষ্যত্ব অর্জনই হবে দেশসেবার পথ বা উপায়।

আজকাল আমাদের দেশের শিক্ষাপ্রতিষ্ঠানের কিছু ছাত্রের মধ্যে জঙ্গী তৎপরতায় সংশ্লিষ্টতার এবং তাদের পৈশাচিক বর্বরতার যে পরিচয় পাওয়া গেছে তা অত্যন্ত ভয়াবহ এবং মর্মান্তিক।

শিক্ষার সাথে ন্যায়বোধ এবং সাংস্কৃতিক কল্যাণাঙ্ক্ষার ভিত্তিমূল সুপ্রোথিত না হলে আমাদের জাতির সঙ্কট বেড়ে যেতে পারে। রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষাচিন্তার সাথে আধুনিক প্রযুক্তি এবং মানবিকতানির্ভর সাংস্কৃতিক বলয় নির্মাণের মাধ্যমে শুভবুদ্ধির উদয় হয় এমন শিক্ষা ছাত্রদের দিতে হবে। তা যেন শুধুমাত্র পুস্তক নির্ভর এবং আয়োজন সর্বস্ব শিক্ষা না হয় যা তিনি তোতাকাহিনীতে লিখেছিলেন।

আত্মপ্রকাশ এবং সত্যপ্রকাশের মাধ্যমে মানুষের আত্মাকে মুক্ত করার সাধনাই হল রবীন্দ্রনাথের শিক্ষার আদর্শ। তিনি তাঁর শিক্ষার মিলন প্রবন্ধে বলেছেন ঃ

''সত্যকে চাই অন্তরে উপলব্ধি করতে এবং সত্যকে চাই বাহিরে প্রকাশ করতে—যে কোন সুবিধার জন্য নয়, মানুষের আত্মাকে প্রচ্ছন্নতার থেকে মুক্তি দেবার জন্যে। মানুষের সেই প্রকাশতত্ত্বটি আমাদের শিক্ষার মধ্যে প্রচার করতে হবে, কর্মের মধ্যে প্রচলিত করতে হবে, তাহলেই সকল মানুষের সম্মান করে আমরা সম্মানিত হব — নবযুগের উদ্বোধন করে আমরা জরামুক্ত হব।"

তাই শিক্ষার উদ্দেশ্য হল নিজের আত্মার মুক্তি বা আত্মপ্রকাশের স্বাধীনতা, সত্যকে আবিষ্কার করার আত্মবিশ্বাস মানুষকে সম্মান করার উদার মহানুভব মানববৃত্তি।

তবে শিক্ষাব্যবস্থার ত্রুতি নিয়েও তিনি রম্যরসাত্মক গল্প রচনা করে দেখিয়েছেন কীভাবে যথার্থ শিক্ষার বদলে যে শিক্ষার অবতারণা করা হচ্ছে তাতে মানুষের স্বাভাবিক বিষয়গুলি বা মৌলিক প্রয়োজনীয় বিষয়ের বদলে তার নিজস্ব প্রয়োজন এবং প্রকাশ থেকে বঞ্চিত করা হয়। শিক্ষার নামে মানুষের মৌলিকতার অপমৃত্যু ঘটানোর রাজনির্দেশ বা বিধিব্যবস্থা যে কতটা

অমানবিক এবং স্বার্থসর্বস্ব তার একটি মর্মান্তিক চিত্র তুলে ধরেছেন রবীন্দ্রনাথ ঠাকুর। তাঁর তোতাকাহিনী নাম গ্লের শেষাংশটি উল্লেখের মাধ্যমে এর মর্মান্তিক দিকটি তুলে ধরতে পারি।

পাখির পেটে বিদ্যা ঢুকানোর জন্য বইয়ের পাতা ছিঁড়ে ছিঁড়ে কলমের সাহায্য ঢুকানো হল। এতে পাখি মরে গেল। বলা হল পাখির শিক্ষা হয়েছে। এতে শিক্ষা ব্যবস্থা নিয়ে একটি ব্যাঙ্গের পরিচয় পাই।

''পাখিটা মরিল। কোন্‌কালে যে কেউ তা ঠাহর করিতে পারে নাই। নিন্দুক লক্ষ্মীছাড়া রটাইল, পাখি মরিয়াছে।

ভাগিনাকে ডাকিয়া রাজা বলিলেন, 'ভাগিনা, এ কী কথা শুনি'।

ভাগিনা বলিল, 'মহারাজ, পাখিটার শিক্ষা পুরা হইয়াছে'।

রাজা শুধাইলেন, 'ও কি আর লাফায়'।

ভাগিনা বলিল, 'আরে রাম!'

'আর কি ওড়ে।'

'আর কি গান গায়।'

'না।'

'দানা না পাইলে আর কি চেঁয়ায়।'

'না।'

রাজা বলিলেন, 'একবার পাখিটাকে আনো তো, দেখি।'

পাখি আসিল। সঙ্গে কোতোয়াল আসিল, পাইক আসিল, ঘোড়সওয়ার আসিল। রাজা পাখিটাকে টিপিলেন, সে হাঁ করিল না, হু করিল না। কেবল তার পেটের মধ্যে পুঁথির শুকনো পাতা খস্‌খস্ গজ্‌গজ্ করিতে লাগিল।

বাহিরে নববসন্তের দক্ষিণ হাওয়ায় কিশলয়গুলি দীর্ঘ নিঃশ্বাসে মুকুলিত বনের আকাশ আকুল করিয়া দিল।

এখান থেকে বোঝা যায় আত্মবিকাশের নিজস্ব উপায় ছাড়া যে শিক্ষা অর্জন তাতে প্রকৃত শিক্ষা অর্জিত হয় না। আজকের দিনের বাংলাদেশে জঙ্গীবাদ এবং তারুণ্যের যে সঙ্কট উপস্থিত হয়েছে এই অবস্থায় রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তার আলোকে নতুন করে চিন্তা করলে কোনো পথনির্দেশের সন্ধান পাওয়া যেতে পারে।

তথ্য ঃ রবীন্দ্র শিক্ষা চিন্তা বিষয়ক নানা লেখা।

**দীপায়ন সাধুখাঁ**
শ্রেণি- দ্বাদশ, বিভাগ-'গ'

# সভ্যতার বন্ধু বিজ্ঞান

প্রাচীনকালে মানুষ যখন অন্যান্য জীবজন্তুদের মতোই ফলমূল, ঘাসপাতা এবং পশু শিকার করে কাঁচা মাংস খেত, তখন মানুষ আর অন্য বন্য প্রাণীদের কোনো পার্থক্যই ছিল না কারণ তখনও তাদের সভ্যতার বিকাশ হয়নি। অবশ্য যখন মানুষ আগুন আবিষ্কার করলো, সেটা ছিল মানুষের সভ্যতার প্রথম ধাপ। এর ফলে তাদের খাদ্যকে জীবাণুমুক্ত করে খেতে পারত, রাতে আলো সৃষ্টি করলো, ঠাণ্ডার হাত থেকে রেহাই পেল এবং হিংস্র জন্তুদের আক্রমণের হাত থেকে রেহাই পেল। তারপর মানুষ চাষবাসের মাধ্যমে নিজের খাদ্য নিজেরাই উৎপাদন করতে শিখল। তারপর মানুষ যাতায়াত ও পরিবহণের সুবিধার জন্য চাকা আবিষ্কার করলো। তৎকালীন সময়ে অবশ্য মানুষ বহু প্রকারের যন্ত্রই আবিষ্কার করে ফেলেছিল। যেমন— লাঙ্গল (চাষের ক্ষেতজমিকে উর্বর করার জন্য), হাতুড়ি (ঘরবাড়ি স্থাপন, পাথরভাঙা ইত্যাদি), বিভিন্ন হাতিয়ার (যেমন—বর্শা) প্রভৃতি। এইভাবেই মানুষ সভ্যতার হাত ধরে ধীরে ধীরে এগিয়ে যেতে লাগল এবং এই অগ্রগতির একমাত্র সহায়ক হলো বিজ্ঞান। হ্যাঁ, বিজ্ঞান। কারণ বিজ্ঞান ছাড়া মানব সভ্যতা আজ এক পা-ও বাড়াতে পারত না। আজ যদি বিজ্ঞান না থাকত তাহলে আজও কোনো মানুষ বলতে পারত না ''আমি ঈশ্বরের শ্রেষ্ঠ সৃষ্টি। আমি মানুষ''। অথচ কিছু অসাধু ব্যক্তি ওই বিজ্ঞানের অপব্যবহার করছে। যার ফলে সেই ব্যক্তির থেকেও বিজ্ঞান প্রযুক্তিকে সাধারণ মানুষ ঘৃণা করছে। অথচ কেউ এটা বোঝে না যে বিজ্ঞানের সদ্ ব্যবহার করলে অনেকগুণ বেশি লাভবান হওয়া সম্ভব। তাছাড়া মানুষ আজও বিভিন্ন কুসংস্কারের মধ্যে ডুবে রয়েছে। যার কারণে তারা আজও বিজ্ঞানের আলো দেখেনি। এক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করবে আমাদের দেশের তথা বিশ্বের ভবিষ্যতের নাগরিক অর্থাৎ ছাত্রছাত্রীরা এবং তাদের সহযোগিতা করবে তাদের অভিভাবক-অভিভাবিকা এবং শিক্ষক-শিক্ষিকা। কারণ তারাই একমাত্র পারে আমাদের পৃথিবীর ভবিষ্যৎ আরও উজ্জ্বল করে তুলতে।

**আবির ভট্টাচার্য**
শ্রেণি - নবম

# গ্যালিলিও গ্যালিলি

দূরবীন আবিষ্কার-এর অনেক আগে গ্যালিলিও নিজের কল্পনায় গ্রহদের স্থিতি ও গতি মাটিতে চিত্রিত করতেন। গ্যালিলিও একজন মহান বিজ্ঞানী এবং গণিতজ্ঞ ছিলেন। তিনি মহাকাশ সম্বন্ধে নানারকম তথ্য সংগ্রহ করার চেষ্টা করতেন। তখনকার মানুষ ভাবত যে পৃথিবী আমাদের সোলার সিস্টেমের মাঝে আছে। কিন্তু স্যার গ্যালিলিও তার যুক্তি দিয়ে প্রমাণ করেন যে সূর্য সোলার সিস্টেমের মাঝে রয়েছে। কিন্তু এই তথ্য বাইবেলের বিরুদ্ধে হওয়ার কারণে গ্যালিলিওকে শাস্তি পেতে হয়। 1609 হলেও দেশে একটি দূরবীন আবিষ্কার হয়। সেই দূরবীন-এর সাহায্যে দূর-এর গ্রহকে দেখে তার গতি বিষয় অনুমান করা যাবে। গ্যালিলিও এই খবর শোনা মাত্র তাঁর দিন ও রাতের ঘুম উড়ে গেল গ্যালিলিও ওই দূরবীন-এর বিষয়ই ভাবতে থাকতেন। তিনি চাইতেন যে তাঁর কাছেও এমন একটি দূরবীন থাকুক। কিন্তু হল্যান্ড (Holand) দেশ থেকে সেটি কিনে আনা কোনো সাধারণ ব্যাপার ছিল না। কিন্তু শেষে তিনি দূরবীন নির্মাণের প্রক্রিয়া বোঝার চেষ্টা করেন। এবং তিনি একটি দূরবীন বানানো শুরু করেন। তিনি একটা দোকান থেকে তিনটি স্পাই গ্লাস কেনেন এবং সেগুলো খুবই ভালোভাবে গ্রাইন্ড করে দূরবীনে কাঁচ গুলি লাগিয়ে দেন। এবং শেষে তিনি হলেণ্ড-এর দূরবিনের থেকে একটি শক্তিশালী দূরবীন তৈরী করে ফেলেন। যখন তিনি সেই দূরবীন দিয়ে আকাশে দেখেন তখন তিনি চারটি উপগ্রহকে বৃহস্পতিকে প্রদক্ষিণ করতে দেখেন।

সেই চারটে উপগ্রহকে আমরা — Io, Europa, Ganymede, Callisto নামে জানি।

তবে গ্যালিলিও টেলিস্কোপ আবিষ্কার করেনি। টেলিস্কোপের আবিষ্কার হলেণ্ডবাসী Hons-Lippershey 1608 সালে করেছিলেন।

**সৌরদূত ব্যানার্জী**
শ্রেণি - ষষ্ঠ

# ট্যারা

খেলা চলছে, টান টান উত্তেজনা। রেফারির বাঁশি আর হাফ-টাইম। আজকে যদি ম্যাচটা জিততে পারি তাহলে মানিকদার দোকানের এগরোল, ফিস-ফ্রাই তো পাক্কা! আর না পারলে মানে হারলে ওই মানিকদার দোকানেরই পচা ডিম, পেঁয়াজ আমাকে ছোঁড়া হবে। এইসব আনমনা হয়ে ভাবছিল চিকু। তখন পিছন দিক দিয়ে এক চাঁটি মেরেই বঙ্কুদা বলল, ''কী রে রোল, ফিসফ্রাই এর কথা ভাবার সময় এইটা?'' চিকু মাথায় হাত বোলাতে বোলাতে করুণ স্বরে বলল, ''না না''। অবশ্য চিকু একবার ভবল যে জিজ্ঞেস করবে কেন এমন মনে হল বঙ্কুদার। তারপর মনে পড়ে গেল খাওয়ার জিনিস আর বঙ্কুদার সম্পর্ক। যাই হোক সে সব কথা পরে একদিন বলল, এখন খেলা শুরু হল বলে।



টিমের প্ল্যানিং করতে করতে বঙ্কুদা বলল, শোনো সবাই আমরা ১ গোলে হারছি, যে করে হোক এই হাফে ১টা গোল করতেই হবে। আর ড্র করতে পারলেই আমার ব্রহ্মাস্ত্র যাকে কোনোদিন ব্যবহার করিনি। আজ সে জেতাবে। যাইহোক আমাদের খুব কৌতূহল যে এই ব্রহ্মাস্ত্রটা কে। যাইহোক, সমস্ত ভাবনার সমাপ্তি ঘটল রেফারির বাঁশিতে। দেখতে দেখতে মানুষের ঢল বেড়েছে, দু' পাড়ার মানুষদের কান ফাঁটানো চিৎকার।

বলতে বলতে দ্বিতীয়ার্ধের খেলা শুরু হল। বেশ কিছুক্ষণ ধরে নিজেদের মধ্যে পাস খেলছে আমাদের 'ঘোষাল পাড়া ইলেভেন টাইগারস''। তখন খেলা গড়িয়েছে ৫৩ মিনিটের মাথায়। হঠাৎ-ই একসঙ্গে ঘটে গেল অনেকগুলো ঘটনা। বাবাই-দা'র থেকে একটা বল পেল চিকু। ঠিক প্রতিপক্ষ ''শুকতারা ওয়ারিয়ারস''-এর ডি বক্সের বাইরে আর সজোরে শট নিল গোলে। আর শুকতারার বাজপাখি খ্যাত গোলরক্ষক তীর্থ-দা'ও বলের দিকে ঝাঁপালো। আর শিকারের মত করে বলটাকে ধরতে গিয়ে বলটা হালকা তীর্থ-এর হাতে ছুঁয়ে ক্রসবারে লাগল, আর ক্রসবারে লেগে বলটা যখন ফিরতি পথ নিল তখন তীর্থ-ও মাটিতে পড়ছে। আর বলটা বাধ্য ছেলের মতো তীর্থর পিঠে লেগে আবার গোলে ঢুকে গেল। ৯০ মিনিটের শেষে খেলার ফলাফল ১–১। তাই খেলা গড়াল অতিরিক্ত সময়ে। ম্যাচের বয়স তখন ১১৯ মিনিট। বঙ্কুদা করল একটা ভয়ঙ্কর

পরিবর্তন। আমাদের গোল-রক্ষক দুষ্টু-দা'র জায়গায় মাঠে এল আমাদের পাশের বাড়ির লাট্টু। এই পাগলাটে শিশুটা। না ও শিশু নয়। ক্লাস এইটে পড়ে। অথচ ২-এর ঘরের নামতা জানে না। ওকে দেখে দ্বীপ বলল, ''ধূর এর থেকে তো আমি ভালো খেলি। এবারেও গেল!" যাই হোক ১২০ মিনিট শেষ। জেতার আশা চূর্ণ বিচূর্ণ হয়ে গেল। খেলা গড়াল টাই-ব্রেকারে। টস হল। বঙ্কুদা টস জিতে শুভ করবে বলল। প্রথম শট, আর শট নিতে এল বেঙ্গল খেলা প্লেয়ার ''শুকতারা ওয়ারিয়ার্স"-এর ক্যাপ্টেন শুভ্র পদ্ম, আর এদিকে লাট্টু-এর চোখ নিজের ডানদিকে, আর তাকিয়েও রয়েছে। শুভ্রদা শট মারল। আর একি! লাট্টু ডান দিকে লাফায়নি। আর সোজা মাঝখানেই দাঁড়িয়ে। আর বল এসে লাগল ওর পেটে। যাই হোক সেভ। অবিশ্বাস্য, সবাই অবাক। না সবাই অবাক নয়। বঙ্কুদা-এর ঠোঁটের কোনো ছোট্ট মুচকি হাঁসি। যেন আগে থেকেই জানত সবটা। পরের শটটা নিতে গেল বঙ্কু-দা নিজেই। আর ঠাণ্ডা মাথায় তীর্থকে বোকা বানিয়ে গোল করল। আবার শুকতারার শর্ট এবার নিতে এল বিশাল। কিন্তু স্নায়ুর চাপে মারল বারপোস্টে। আর আমাদের দ্বিতীয় শট সেভ দিল তীর্থ। এরপরের তৃতীয় শটে দু-দলই গোল করল। আর চতুর্থ শটে আবার সেভ করল লাট্টু। আর আমাদের চিকু মারল বাইরে। শেষ শট আবার একই হল এবার লাট্টু ডানদিকে তাকিয়েই বাঁ দিকে লাফাল আর সেভ। ব্যাস খেলার শেষ ফলাফল আমরা টাই-ব্রেকারে জিতেছি।

এবার ড্রেসিং রুমে যাওয়ার পালা। গিয়ে দেখি বঙ্কুদা এক কোণে বসে জুতো খুলছে। আমরা বঙ্কুদাকে জিজ্ঞেস করলাম তুমি কী করে জানলে লাট্টু-ই ম্যাচে জেতাবে? তখন দুষ্টুদা পাশ থেকে বলল, আসলে লাট্টু হচ্ছে ট্যারা। তাই আমরা যখন ভাবছি ও ডান দিকে তাকিয়ে আসলে ও তখন বলটাকেই দেখছিল। আসলে আমি আর বঙ্কু জানতাম ও ট্যারা কিন্তু শুকতারার কেউই জানত না ও ট্যারা তাই ওরা Over confident হয়ে শট আস্তে মেরেছে আর মাঝে মেরেছে আর লাট্টুকে আগেই বলা ছিল যে ও খালি দাঁড়িয়ে থাকবে। তবুও শেষ টায় ও সেভ করবে এটা আমিও ভাবতে পারিনি। ওটা ও নিজেই করেছে। আমরা হাঁ করে তাকিয়ে। আর তখনই টানা ৭ বার হারের পর জয়ের স্বাধ পেয়ে তখন ক্লাবের বাকিরা প্লেয়ারদেরকে রসগোল্লা খাওয়াতে ব্যস্ত। আর কোন ফাঁকে কে আমার খোলা মুখে রসগোল্লা পুরে দিয়েছে বুঝতেও পারিনি। আর এত কিছুর মধ্যেও নির্বিকার হয়ে বসে ম্যাচের আসল হিরো, দলের যোগ্য অধিনায়ক বঙ্কুদা।

**স্নেহাশিস দাস**

শ্রেণি- দ্বাদশ, বিভাগ-'বাণিজ্য'

# Unlocking the Wonders of Biology : A Journey of Discovery

**Story-I :** Beads of sweat was running down the forehead of Dr. Jennifer Doudnalt. She and her collaborator, Emmanuelle Charpentier, was looking through their microscope. The winter chill of that morning of 2010 failed to reduce the tension of the room. The moment of truth has come. Slowly but steadily the truth emerged. Even after editing of the gene, the cell was alive and was able to reproduce. The new cells did not have any marker of the edited gene. They have created the history of successfully editing a gene. What is gene editing? Simply put, while you are typing, if you misspell one word, we can just go back to that word and correct it. Similarly, gene editing opens up the dawn of future when all genetic anomalies can be edited, corrected. Cancer, diabetes or any other genetic disorders can be cured in future. The world recognized their achievements in 2020 by awarding them Nobel Prize.

**Story-2 :** Then came COVID. The world came to a stand-still. Historically, any vaccine of a virus takes a decades to develop. But the world did not have that amount of time. Gene-editing and development in creation of Messenger RNA created new vaccine in record time, in just few months. Scientists created a process through which now we can customize vaccine in such a short notice. We all know, how these vaccines are real gamechanger of COVID pandemic.

**Story-3 :** In January 2023, DrTalia Cohen Solal sits down at a microscope to look closely at human brain cells grown in a petri dish. "The brain is very subtle, complex and beautiful," she says. A neuroscientist, Dr Cohen Solal is the co-founder and chief executive of Israeli health-tech firm Genetika+. "We can characterize the right medication for each patient the first time," adds Dr Cohen Solal. Genetika+ does this by combining the latest in stem cell technology - the growing of specific human cells - with artificial intelligence (AI) software. From a patient's blood sample its technicians can generate brain cells. These are then exposed to several antidepressants, and recorded for cellular changes called "biomarkers". This information, taken with a patient's medical history and genetic data, is then processed by an AI system to determine the best drug for a doctor to prescribe and the dosage.

These three stories, looking separately, may look isolated. But actually, they show a pattern, a mosaic of how things evolve in science, especially, in Biology. Genetics and Artificial Intelligence are going to be the Rockstar of future science. Biology is the most sought-after skill of 21$^{st}$ century,

Have you ever wondered about the incredible world of living organisms that surrounds us? Biology, the science of life, is the key to unlocking the mysteries of the natural world. Let us embark on a journey to explore the fascinating realm of biology and discover why studying this subject is not just an academic endeavor but a lifelong adventure.

**The Beauty of Diversity**

Biology is the study of life in all its forms, from the tiniest microorganisms to the majestic creatures of the animal kingdom and the intricate processes within our own bodies. It teaches us about the incredible diversity of life on Earth. When you delve into biology, you enter a world of unique adaptations, complex ecosystems, and the endless marvels of evolution. By studying biology, you gain a deeper appreciation for the beauty and interconnectedness of all living things.

**The Power of Curiosity**

At its core, biology is a science of questions and curiosity. It encourages us to ask why and how things work the way they do. When you study biology, you become a detective, seeking answers to the mysteries of life. Why do birds migrate? How do plants photosynthesize? What role do genes play in our traits? These questions are just the beginning of a journey that can lead to groundbreaking discoveries and advancements in science.

**Real-World Relevance**

Biology is not confined to the pages of textbooks; it has real-world relevance that touches our daily lives. Understanding biology helps us make informed choices about our health, the environment, and the world around us. It equips us with the knowledge to address critical issues such as climate change, biodiversity loss, and disease prevention. By studying biology, you become an informed citizen empowered to make a positive impact on our planet.

**Endless Career Opportunities**

A background in biology opens the door to a wide range of career opportunities. Whether you aspire to become a doctor, a wildlife biologist, a geneticist, or even an environmental advocate, biology is the foundation upon which you can build your dreams. The skills you acquire through the study of biology, such as critical thinking, problem-solving, and data analysis, are highly transferable and in demand across various fields. And as I have mentioned earlier, the latest frontier is using Artificial Intelligence in Biology. Some of you will be the pathfinder in that horizon.

**Conclusion**

In conclusion, biology is not just a subject to study; it is a gateway to understanding the wonders of life and the natural world. It is a source of inspiration, a field of exploration, and a key to solving some of the world's most pressing challenges. I encourage all students to embrace the study of biology with enthusiasm and curiosity. Dive into this captivating science, and you will embark on a journey of discovery that will last a lifetime.

So, let us embark on this exciting adventure together, as we unlock the wonders of biology and inspire a new generation of biologists and explorers. The world of biology is waiting for you to explore its mysteries, and I can assure you that the journey is nothing short of amazing.

Happy exploring!

**Tanima Som (Ghosh)**
Teacher

# Artificial Intelligence : Transforming our Lives

‘Alexa, play music for me’. All of us are familiar with this sentence. Yes, when we search something on Amazon, we may use this type of command. These types of commands are applicable in Google Nest or Apple Siri.

These are the applications of Artificial Intelligence. Artificial Intelligence is known to us as AI. AI is now very common thing in our life. AI is the intelligence of machines or software, as opposed to the intelligence of humans or animanls.

So, now we take a look on the history of the AI. The earliest research into thinking machines was inspired by a confluence of ideas that became prevalent in late 1930s, 1940s and 1950s. Recent research in neurology had shown that the brain was an electrical networks of neurons that fired in all-or-nothing pulses. Norbert Wiener's 'cybernetic's described control and stability in electrical networks. Claude Shannon's 'Information Theory' described digital signals. The close relationship between these ideas suggested that it might be possible to construct an 'electronic brain'. The field of AI research was founded at a workshop at Dartmouth College in 1956. Those who attended would become tha leaders of AI research for decades. Many of them predicted that a machine as intelligent as a human being would exist no more than a generation, and they were given millions of dollars to make this vision come true. By the middle of the 1960s research in U.S. was heavilly funded by the Department of Defence and laboratories had been established around the world. From that time, AI started its journey and now it's still running.

Nowdays, AI is becoming increasingly important in our daily lives. AI powered personal assistants such as Siri, Google Assistant and Amazon Alexa are integrated into smart phones, smart speakers and other devices and can perform a wide range of tasks from setting reminders and sending messages to play music and controlling smart home devices.

Businesses are increasingly using virtual assistants and chat-bots powered by AI to offer 24/7 customer service.

Applications of artificial intelligence in healthcare are patient monitoring, medical imaging, medical picture analysis, diagnosis support and many more.

AI is used in self-driving cars, trucks and buses. For an example, Tesla uses AI to power its self driving cars, which can navigate roads, highways and parking without human intervention.

Every things have good and bad effects. AI is not out of that. Without bad useage, good usage may cause harmful effect on common people. For, AI they loses their jobs and cannot find any way out from this.

Some people thought that AI can the take place of human and some people thought not. Nowdays this is the big question that would the AI take the human's place?

**Rick Mondal**
Class - XII

# "NO"

The habit of saying No. "Why it is so important to learn where we should use know and where not"? This is the question on which the whole world is brooding.

Saying "no" can be one of the most difficult things to do, especially for those who are the people having a fear of disappointing others. But it is not only those considered weak also many leaders and decision makers have their own way of fighting with this little word "no". However learning to say "no" is an essential habit for maintaining healthy boundaries, reducing stress. mastering productivity meaning one's own needs and last but not least achieving one's goals and not just working off the tasks on other people's agendas!

We should be aware about the importance and unimportance of saying "no".

Merits of saying "no"

Saying "no" is a fundamental way to establish and communicate personal boundaries. It helps to protect our time, energy and resources from being stretched too thin.

By saying "no" to certain commitments we can priortize tasks, projects and activities that are most important to us. This enables us to focus on what truly matters.

"No" is an honest response to requests or demands that we genuinely cannot fulfil or do not align with. Honesty in communication fosters trust in relationships.

"No" allows us to prioritize self-care and well being. By declining commitments that could lead to stress or burnout we can better take care of our physical and menal health.

Saying "no" helps us maintain focus on our goals and objectives. It prevents us from getting side tracked by non essential tasks or distractions.

Demerits of saying "No"

When we say "no" others may feel disappointed or rejected especially if they had high expetations managing their reactions can be challenging.

Frequent or abrupt use of "no" without adequate explanation or considerations can strain relationships. It is important to communicate your reasons effectively.

Excessive use of "no" can result in missed opportunities for personal or professional growth. Some opportunities might require stepping out of your comfort zone.

Social and peer pressure often encourage peopele to say "yes" even when they want to say "no". Resisting their pressure can be difficult but is essential for personal integrity.

Many individuals experience guilt or anxiety when saying "no" due to fear of disappointing others or facing negative consequences. This emotional burden can be challenging to manage.

As a conclusion we can say that it is needed to realize where we should say "no". But it is a good virtue to say affirmatively

**Arghya Bhattacharjee**

Class - IX

# MY SCHOOL LIFE

School Life is the best time of our life as we make new friends, learn new things and make our career there.

I love my school life. I read in Ariadaha Kalachand High School. It is very beautiful and huge. Our school has a big ground. On the ground we play various games. Our school has well-equipped scientific laboratories where we all practice various experiments of chemistry, physics and biology. All the teachers in our school are very dedicated and punctual. They always teach us discipline. Our school also encourages us to participate in other activities like music, literature, arts, dance etc. We also participate in many interschool competitions and have won many prizes. I also participated in many inter school quiz competitions with my groups and won many prizes. Our school teachers are also very friendly. They also participate in many programmes with us. I love my school and school life. Everyday I learn new things here and enjoy with my fiends.

I am proud to be a student of this school and I will always remember my school after I leave it. My school life has taught me many things and has given me some best friends who will remain my friends forever. I love my school and really enjoy being in it.

**Saswata Paul**
Class - IX

# ইতিবাচক চিন্তা ও পরিতৃপ্ত জীবন লাভ

*"যেসব মানুষের মাঝে সহজ জিনিসও সুন্দরভাবে করার ধৈর্য আছে, তারা কঠিন জিনিসও সহজে করার মত দক্ষ হতে পারে'' —*

**— জেমস জে. করবেট**

নেতিবাচক শূণ্যতার চেয়ে ইতিবাচক যেকোনো কিছুই ভালো। যেকোনো প্রতিকূল পরিবেশে ঠান্ডা মাথায় পরিস্থিতিকে অনুকূলের দিকে বয়ে নিয়ে যাওয়াই হল ইতিবাচক মনের প্রকাশ। ইতিবাচক মন্তব্য ও ইতিবাচক কাজ করার প্রয়াস মনকে করে সুদূরগামী। যেমন কেউ আপনাকে বলল, আজকে এই কাজটি আমরা করবো, আপনি বললেন ঠিক আছে 'আজকেই কাজটি করা যাক'। এই দৃষ্টিভঙ্গি বুঝিয়ে দেয়, আপনি কাজটাকে কত আন্তরিকতার সঙ্গে দেখছেন। এই ইতিবাচক দৃষ্টিভঙ্গির মাধ্যমেই যেকোনো কাজের সঠিক মূল্যায়ন সম্ভব।

এ প্রসঙ্গে একটা গল্প বলি —

আফ্রিকায় এক কৃষক সুখী ও পরিতৃপ্ত জীবন নির্বাহ করত। সে সুখী কারন তার যা ছিল তাতেই সে ছিল সন্তুষ্ট, আবার সে সন্তুষ্ট ছিল বলেই সুখী ছিল। একদিন একজন বিজ্ঞ ব্যক্তি তার কাছে হীরার মহিমা কীর্তন করে হীরার ক্ষমতা সম্পর্কে অনেক কথা বললেন। বললেন, 'তোমার যদি বুড়ো আঙ্গুলের আকারের একটি হীরা থাকে, তবে তুমি একটা শহরের মালিক হতে পরবে, আর হাতের মুঠোর আকারের যদি একটা হীরা থাকে তবে সম্ভবত একটা দেশের মলিক হতে পারবে। এই কথা বলে বিজ্ঞ ব্যক্তিটি চলে গেলেন ঠিকই কিন্তু সেই রাতে কৃষক আর ঘুমোতে পারলো না। তার মনে কোনো সুখ ছিল না, কারন হীরার অভাবে সে অতৃপ্তির বোধে পীড়িত। অতৃপ্ত বলেই সে অসুখী।

পরের দিন থেকেই কৃষক তার খামার বাড়ি বিক্রি করার জন্য তোড়জোড় শুরু করে দিল। শেষ পর্যন্ত সমস্ত বিক্রি করে তার পরিবারকে একটি নিরাপদ জায়গায় রেখে সে বেরিয়ে পড়লো হীরার খোঁজে। সারা আফ্রিকা সন্ধান করে কোথাও হীরা পেলোনা। সারা ইউরোপ খুঁজল, কিন্তু সেখানেও কিছু পেলোনা। তারপর যখন স্পেনে পৌছালো তখন সে শারীরিক, মানসিক এমনকি অর্থনৈতিক দিক থেকে সম্পূর্ণ বিধ্বস্ত, চরম হতাশাগ্রসত হয়ে অবশেষে বার্সিলোনা নদীতে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করলো। এদিকে যে লোকটি খামারবাড়িটি কিনেছিলো সে একদিন সকালে ক্ষেতের মাঝখান দিয়ে বয়ে যাওয়া ছোট্ট নদীটিতে তার উটটিকে জল খাওয়াচ্ছিল। নদীর ওপারে একটি পাথরের টুকরোর ওপর সকালের রোদ পড়ে রামধনুর মতো বিচিত্র রঙে ঝকমক করে

উঠলো। বসার ঘরের টেবিলের ওপর পাথরটি বেশ ভালো দেখাবে মনে করে লোকটি পাথরটি কুড়িয়ে নিয়ে বাড়ি ফিরল। সেদিন বিকেলেই সেই বিজ্ঞ ব্যক্তিটি বাড়িতে এসে টেবিলের ওপর ঝকমকে পাথরটি দেখে জিজ্ঞেস করলো, 'হাফিজ কি ফিরে এসেছে'? — হাফিজ ছিল পুরানো মালিকের নাম। খামার বাড়ির নতুন মালিক বললেন, 'না কিন্তু একথা জিজ্ঞেস করছেন কেন'? বিজ্ঞ ব্যক্তিটি বললেন, 'ঐ পাথরটি একটি হীরা, আমি হীরা চিনি'। মালিক কিন্তু মানতে চাইলো না, সে বলল, 'না, এটি একটি পাথর, আমি নদীর ধারে কুড়িয়ে পেয়েছি, আমার সঙ্গে আসুন, দেখবেন সেখানে ঐ ধরনের পাথর আরও অনেক আছে'। তারা দুজনে কিছু পাথর কুড়িয়ে পরীক্ষার জন্য জহুরির কাছে পাঠিয়ে দিল। পাথরগুলো হীরেই। দেখা গেল সমস্ত খেতটিতেই একরের পর একর জুড়ে অজস্র হীরে ছড়ানো আছে।

এই গল্পের মাধ্যমে আমরা এটাই বুঝি — হাতের কাছের সুযোগটিকে যথার্থ সদ্ব্যবহার করাই সঠিক মনোভাব। একরের পর একর বিস্তৃত হীরে ভরা খেতটি ছিল হাতের কাছের সুযোগ। সোনার হরিনের সন্ধানে না ছুটে সঠিক দৃষ্টিভঙ্গি নিয়ে প্রাপ্ত সুযোগের সদ্ব্যবহার করাই সবার উচিত।

ইতিবাচক দৃষ্টিভঙ্গির মাধ্যমেই মানুষ সহজেই যেকোনো পরিস্থিতির সঙ্গে মানিয়ে নিতে সক্ষম হয়। ইতিবাচক দৃষ্টিভঙ্গির দ্বারাই সমাজকে দেখতে হবে, যাতে অন্য মানুষের সহজ পথ চলায় বিঘ্ন না ঘটে। অন্যের সাহসিকতার গল্প যেন থেমে না যায়। নিজের মধ্যে সৃষ্টি করতে হবে সচেতনতার মনোভাব। তবেই দেশ ও সমাজ এগিয়ে যাবে তার আপন গতিতে।

ইতিবাচক চিন্তা মানুষকে করে তোলে মৌলিক। বিজ্ঞানীরাও প্রমাণ দিয়েছেন যে ইতিবাচক চিন্তার দ্বারাই শরীরকে সুস্থ রাখা সম্ভব। তাই সুস্থ জীবনযাপনের জন্য ইতিবাচক চিন্তা আবশ্যিক। গবেষণায় দেখা গেছে, ইতিবাচক ব্যক্তিরা বাঁচে অনেক বেশিদিন। কেননা, তারা সুস্থ মন ও শরীরের অধিকারী। তাই, চলুন আজ থেকেই আমরাও এই মনোভাবের অংশীদার হই, আলোর পথে হাঁটি।

**সুজাতা মল্লিক**
শিক্ষিকা

# HOW THE SCHOOL CULTURE AND CLASS ROOM TEACHING COULD BE GEARED TO PROMOTE PEACE.

## (Ref. To National Education Policy 2020)

As John Milton said : "Peace hath her victories no less renowned than war". Benjamin Franklin was undoubtedly right when he said : "There was never a good war or a bad peace." In fact peace and security are absolutely essential if a civilization is to flourish. Civilization means the right atmosphere for creating great works of art, making new discoveries and thinking of new ideas.

To speak of motherland India, we can be proud to point out the fact that India is a land of diverse communities, creeds, religions and languages – there is such a confusing multitude that it becomes difficult to achieve harmony. Our students can make a substantial contribution by developing a non-communal outlook for their minds are yet to be contaminated by religious fanaticism, communal or provincial prejudices. This is possible, only and only if the students realise their responsibility as future citizens of India. In this regard, teachers, espcially at the alma-mater, do have a crucial role to play in promoting peace through classroom interaction with students, both on topics and subjects within or outside the curriculum.

Keeping in mind the main tenets of the National Education Policy 2020 which has its foundation in the basic / salient features such as : -

i) Universal Access at all levels of school education.

ii) Reforms in school Curricula and pedagogy.

iii) Multilingualism or the power of language.

iv) Optional learning environment and support for students. There should be a common goal of one and all towards Institutional Restructuring and Consolidation from the elementary to the highest level.

Thus, the following programmes educational and orientation courses are vital towards achieving future holistic visions and goals.

Importance of curriculum – The promotion of peace requires a systematic development; so it should form an essential part of school cuture and class room teaching by including the related programmes in the school curriculum itself., so that the process can be highly systematized.

Importance of cultural programmes – Organising various cultural programmes in school involing the students of all comunities can lead to the fostering of national inegrity, communal harmony and a sense of brotherhood which paves the way towards peaceful co-existence.

Importance of holding seminars and discussion – India's secular character can help induce among the students a sense of mutual harmony and brotherly attitude towards one another.

Importance of History teaching – Making the history syllabus as such that it highlights the contributions of great political leaders and true statesmen. Their attitude towards our motherland and fellow - citizens can inspire the young students to follow the long cherished path towards achieving true peace and harmony within the country.

Importance of Educational tours – Organising educational tours to various spots of historical and religious importance can inculcate amongst the students a deep sense of patriotism and a true regard for all religions, which in turn would help bring about an atmosphere of communal bonhomie.

Thus, taking into view the current turbulent political situation in the world where we witness a post second world war situation where every country is gearing up their arsenals for plans of further expansion or consolidation, the need to equip the present generation of would be responsible citizens to imbibe peace is becoming a necessity rather than mere requirement.

Copyright access

**Dibyendu Bose**

(AT/AKHS)

# IN TIME OF PANDEMIC

In time of Pandemic
Masks were on every face
To prevent droplets from mouth and nose.
Once one caught cold and cough
One had to be careful enough
Keeping a safe distance was a compulsion
The victim had to spend a fornight in
Quarrentine.

One became, as if, an untouchable
Even to one's near and dear ones
The doors of all houses were locked
With all the inhabitants inside
The house seemed to be desolate
Neighbours feel scared even to talk or
see the face of others.

News on television was unbearable
Showing statistics of the infected and the deceased
Beacuse of an invisible virus.
Life came to a standstill
All the raods were empty
No vehicles except a few bikes or bicycles
Were seen running on the road.
A great silence prevailed everywhere,
Few stray dogs and cats were found here and there
The cry of vegetable sellers was heard in the morning.
The horns of an ambulance seemed
frightening at night.

On the road circles were drawn
To maintain social distancing
People were found to stand in a queue
To collect food items from
Various organisations showing charity.
Masks and sanitisers were also given
Along with the packets of food items.

Washing hands several times became a custom.
Sanitizers were applied frequently on hands.
Spraying disinfectant on material things,
Washing vegetables and fruits rigorously
Became a routine to every house.
Used clothes and shoes had to be washed
Thoroughly in detergent or to be kept
Aside for few days to let the virus die.
Watches, chains, handkerchiefs, wallets,
leather-belts were almost forbidden.
Rupee notes, coins, mobile phones were also to be sanitised
after outside use.
Though all were confined in their house,
They  were bound to satisfy their basic needs.
People had to go to market cautiously
To buy vegetables and groceries and others.
Markets remained open only for limiteds hours.

Ill-fated daily wage earners or contractual labourers
Beccame jobless and helpless and found it difficult,
To make their both ends meet.
People working far away from their homes
Had to return home crossing great hurdles.
Some of them started desperate walk to reach home

Resulting in tragic deaths.
Those who came back safely had to spend
Two weeks in rehabilitation centres.
People needed a Corona test certificate
Before getting admission to hospitals.
Beds were not available in hospitals.
Patients had to leave home for long
Some of them did not return.
The deceased could not be given
A proper cremation after death.
The bereaved family members
Could not have a last sight of the deead body.
They  bore the pain of loss themselves.
Nobody could visit them to console
Or extend a helping hand towards them.

Schools, colleges were all closed.
The students of all strata suffered a loss.
The M.P. and H.S. candidates
Were the worst sufferers.
They could not sit for the exams.
Students in general forgot classroom behaviour
Missed the magic of classroom atmosphere.
Lacked socialisation, forgot social etiquetts.
The only window open to all was the cell phones.
Online classes were held for students
But all the students could not take part in them.

One had to spend the whole day and night
With one's family members.
People realized the value and importance
Of a sweet home and a happy family.

It was a chance to have leisure time.
To look at the sky and watch.
The floating clouds of different colours
The leaves of the trees around us
looked fresh and bright.
The air was free from smoke and dust.
Birds could be seen on trees.
The chirping of the birds could be heard.
The nature seemed to revive its vigour.

The pandemic stirred the whole world
Killing countless all over the world.
After almost two years of suffering.
Fortunately the pandemic was over.
But it left a deep scar in the minds of everyone.
It was like a terrible dream.
That shocked and shattered the normal life.
We pray that it never comes back again.

**Nilkantha Dey**
Teacher

# ফিরে দেখা

'নদীআপন বেগে পাগল পারা'—বিশ্ব বিখ্যাত কবির এই গানের লাইনটি জীবনের গতিকে স্মরণ করিয়ে দেয়। যেমন করে পৃথিবীর পথ চলার গতি অবিরত। তেমনি আমাদের বিদ্যালয়ও ১৪০ বছর ধরে অগ্রগতির পথে চলেছে ঐতিহ্য ও পরম্পরাকে বজায় রেখে। তার এই এগিয়ে চলার ক্ষেত্রে এসেছে নতুন নুতুন সমস্যা যা চলমান জীবনের অঙ্গ। তবে সে থেমে থাকেনি। লক্ষ্য স্থির রেখে সকল সমস্যার বাধা অতিক্রম করেই তার পথ চলা। ২০১৬-১৭র পর ২০১৮-১৯ এর কোরক ছাপানো বইয়ের রূপে প্রকাশিত হতে পারেনি। তার পেছনে ছিল কারো কারো একটু এড়িয়ে যাওয়ার মনোভাব। তবে শেষ পর্যন্ত E-Magazine হিসেবে তার প্রকাশ শেষ পর্যন্ত সম্ভব হয়েছিল। এরপর এল কোভিডের মারণাস্ত্র। তার ফলে সমস্ত সমাজব্যবস্থায় একটা যেন আগ্নেয় লাভার স্রোত বয়ে গেল। প্রায় দুই বছর ধরে তার ভীতি আবালবৃদ্ধবনিতাকে আতঙ্কিত করে রাখল। স্কুল কলেজ বন্ধ, বন্ধ কলকারখানা, সমাজে খেটে খাওয়া মানুষের দুর্দশার অন্ত নেই। অর্থনীতিতে বিরাট ধাক্কা সাধারণ মানুষকে দিশেহারা করেছে। এমতাবস্থায় বন্ধ থাকা বিদ্যালয়ের সমস্ত কার্যপ্রণালীও অবরুদ্ধ হয়ে থাকল। ২০২২ এর শুরুতে একটু একটু করে যেন বসন্তের বাতাস বইতে শুরু করল। মানুষ বাইরে বের হল, স্কুল-কলেজ খুলল ঠিকই, কিন্তু মহামারীর দগদগে ঘা সমাজের সর্বস্তরে তার ছাপ রেখে গেল। ছাত্ররা ধীরে ধীরে স্কুলে আসতে শুরু করল, কিন্তু লেখাপড়া, উৎসাহী হয়ে কাজে এগিয়ে আসার পুরোনো গতি যেন কোথায় হারিয়ে গেল। আমরা তাদের মনে-প্রাণে আবার বিশ্বাস ও আস্থা আইনে উদ্যোগী হলাম।

**বাগদেবীর আরাধনা ঃ** বিদ্যালয়ে প্রতি বছরই দেবী সরস্বতীর আরাধনা হয়েছে যথোচিত মর্যাদায়। ২০১৮ সাল থেকে ২০২৩ পর্যন্ত নিয়ম করেই ছাত্ররা বিদ্যার দেবীকে আহ্বান জানিয়ে তাঁর পদোপান্তে বসে বিদ্যা ও বুদ্ধির প্রার্থনা জানাতে ভোলেনি। পূজার দিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানে বর্তমান ছাত্র-প্রাক্তন ছাত্র, অভিভাবক অভিভাবিকা এবং স্থানীয় মানুষজনের আগমনে প্রাঙ্গণ মুখরিত হয়েছে প্রতি বছর। সেই সঙ্গে ২০১৮ এবং ১৯ এ আলোকচিত্র প্রদর্শনী, বিজ্ঞান প্রদর্শনী প্রভৃতি বিদ্যালয়ের সরস্বতীর আরাধনার অনুষ্ঠানকে একটি উচ্চতর মাত্রায় পৌঁছে দিয়েছে, সেই সঙ্গে একটি বিশেষ দিনে ছাত্রদের প্রসাদ বিতরণ তাদের মধ্যে আনন্দের স্বাদ এনে দিয়েছে।

**নবীনবরণ ঃ** পঞ্চম ও একাদশ শ্রেণিতে ভর্তি হওয়া ছাত্রদের প্রতি বছরই নবীনবরণ হত। ২০১৮ এবং ১৯ এও হয়েছে, তবে ২০২০ এবং ২০২১এ নবীনবরণ হতে পারেনি। তবে ২০২২এ এবং এবছর অর্থাৎ ২০২৩এ নবীন বরণ দুটি পর্যায়ে হয়েছে। শশিভূষণ মঞ্চে এই অনুষ্ঠানের আয়োজন হয়েছে। পঞ্চম শ্রেণির ছাত্রদের বরণ করে ষষ্ঠ শ্রেণির ছাত্ররা এবং একাদশ শ্রেণির ছাত্রদের বরণ

করে দ্বাদশ শ্রেণির ছাত্ররা। এইভাবে বরণ নানা সাংস্কৃতিক অনুষ্ঠান ও বক্তব্যের মধ্য দিয়ে নবীন ও প্রবীনের মিলনোৎসবে বিদ্যালয়ের গৌরব বৃদ্ধিপ্রাপ্ত হয়।

**শিক্ষকদিবসের অনুষ্ঠান ঃ** বিদ্যালয়ে ৫ সেপ্টেম্বর শিক্ষক দিবসের অনুষ্ঠান একটি বিশেষভূমিকা পালন করে। বিগত ২০২২ সালে একটি বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে এর সূচনা হয়। প্রধানা শিক্ষিকা ইন্দ্রানী মজুমদার সম্পূর্ণ নতুন আঙ্গিকে এর ব্যবস্থাপনা করেন। ঐ দিন বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকারা প্রবেশ করলেই তাদের মাথায় ফুল ছিটিয়ে কপালে চন্দনের টিপ পরিয়ে বরণ করেন প্রধানা। পাশাপাশি বিদ্যালয়কে ফুল, বেলুন জরি প্রভৃতি দিয়ে সাজানো হয়। তারপর বিদ্যালয়ের পতাকা উত্তোলন ও প্রার্থনা সঙ্গীতের মধ্য দিয়ে বিদ্যালয়ের কার্যপ্রণালীর সূচনা ঘটে। প্রথম ঘন্টায় শ্রেণি শিক্ষকরা তাঁদের নির্দিষ্ট শ্রেণিতে যান, ছাত্ররা সেখানেও নিজেদের মত করে ছোট খাটো অনুষ্ঠান করে খুব আনন্দ লাভ করে। তারপর বিদ্যালয়ের তরফ থেকে বড় করে অনুষ্ঠানের আয়োজন হয়। 'শশিভূষণ মঞ্চে' সেখানে নাচ, গান, আবৃত্তি, বক্তব্য প্রভৃতির মাধ্যমে ঐ দিনের তাৎপর্য আলোচিত হয়। সেইসঙ্গে শিক্ষকের দায়িত্ব ও কর্তব্য বোধ নিয়েও বিবিধ বক্তব্য রাখেন শিক্ষক শিক্ষিকাগণ। তারপর একটি মধ্যাহ্ন ভোজনের আয়োজন থাকে। এইভাবে একটি দিন মহা উৎসাহে সমাপ্ত হয়। ২০২৩ অর্থাৎ এই বৎসরও একই ভাবে অনুষ্ঠান পালিত হয়। শিক্ষক ও ছাত্রদের মধ্যে একটি ফুটবল ও ক্রিকেট প্রতিযোগিতাও আয়োজিত হয়। ফুটবলে শিক্ষকরা এবং ক্রিকেটে ছাত্ররা জয়ী হয়।

**প্রজাতন্ত্র দিবস ও স্বাধীনতা দিবস ঃ** আমাদের বিদ্যালয় তার প্রাতিষ্ঠানিক সুনাম অক্ষুন্ন রেখে প্রতিবৎসরই প্রজাতন্ত্র দিবস স্বধীনতা দিবস, রবীন্দ্র-নজরুল জয়ন্তী প্রভৃতি পালন করে। ছাত্রদের মধ্যে দেশাত্মবোধ জাগিয়ে তোলা, দেশের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার উদ্দীপনা তৈরী করে আমাদের বিদ্যালয়। তাই ২০২২ এবং ২০২৩ এ অনুষ্ঠানগুলি অত্যন্ত মর্যাদার সঙ্গে পালিত হয়। বিশেষ করে ২০২৩ এ প্রধানা শিক্ষিকার ব্যবস্থাপনায় ১৫ই আগস্ট একটি বর্ণাঢ্য পদযাত্রার আয়োজন করা হয়। একই ভাবে ৬ই জানুয়ারি বিদ্যালয় প্রতিষ্ঠার দিনও পদযাত্রা আয়োজিত হয়। স্থানীয় অঞ্চলের রাস্তা দিয়ে পদযাত্রার শোভা বিদ্যালয়ের অবস্থানও গৌরবকে বৃদ্ধি করে। সেই সঙ্গে N.C.C র প্যারেড ও শোভাযাত্রার পরিচালনায় শৃঙ্খলা সৃষ্টি করে।

**বিবিধ ক্রীড়া ও ক্যাম্পে অংশগ্রহণ ঃ** বিদ্যালয়ে কিংবা বিদ্যালয়ের বাইরে বিভিন্ন শিক্ষামূলক অনুষ্ঠানে ছাত্ররা অংশগ্রহণ করে। সেই সঙ্গে বিবিধ প্রতিযোগিতায় অংশ গ্রহণ ও পুরস্কৃত হয়ে নিজেকেও বিদ্যালয়কে গর্বিত করে। ২০২২ এ আমাদের বিদ্যালয়ের ১৩ জন ছাত্র N.C.C. ট্রেনিং নিয়েছে। পরে তাদের উৎসাহে আরও ৭০ জন ছাত্র ঐ গ্রুপে যোগদান করেছে। ২০২২ এ বেশ কয়েকজন ছাত্র শৃঞ্জল পাল, দেবব্রত, তীর্থঙ্কর ফুটবলে প্রশিক্ষণ নিয়ে কলকাতা লিগ খেলতে যায়। এছাড়াও বিদ্যালয়ের বহু ছাত্র ব্যক্তিগত প্রচেষ্টায় ট্রেনিং নিচ্ছে বিভিন্ন বিষয়ে। কিংশুক

কুমার দে ও রজত শুভ্র দাস দশম শ্রেণির ছাত্র ২০২৩এ টেবিল টেনিসে অংশগ্রহণ করেছিল। ২০২৩ এ ফেব্রুয়ারি Inter school ফুটবল টুর্নামেন্ট  শ্যামাপ্রসাদ নগরে মিলন সমিতির মাঠে আয়োজিত হয়। সেই খেলায় আমাদের স্কুল তৃতীয় স্থান অধিকার করে। বার বছরের নিচে সমন্বয় পাল দাবায় মিত্র ইনস্টিটিউশনে দ্বিতীয়, ভিভজিওর কলেজে সপ্তম, আড়িয়াদহ স্পোর্টিং ক্লাবে দ্বিতীয় স্থান অধিকার করে। এছাড়াও বালি, বেলুড় বিভিন্ন স্থানে পুরস্কৃত হয়। যোগাসনে ২০২২ এ ন্যাশনালে তৃতীয় হয় স্নেহাশিস পাল। দেবজিৎ, সুনীত সিং ও সুমন দাস পুরস্কৃত হয়। আমাদের বিদ্যালয়ের তেরজন ছাত্র N.C.C বিষয়ের উপর ট্রেনিং নেয় ২০২৩র আগস্ট মাসে। বরানগর থানার অন্তর্গত মিলিটারি ক্যাম্পে ঐ ট্রেনিং হয়। তারপর বর্তমানে ঐ গ্রুপে আরও ৭০ জন ছাত্র অংশগ্রহণ করে। এছাড়াও নবম শ্রেণির ছাত্র আব্দুল খান ২ কিলোমিটার দৌড়ে অংশ নিয়ে চতুর্থ স্থান অধিকার করে। এছাড়াও বিদ্যালয়ের বহু ছাত্র বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রগহণ করে বিদ্যালয়ের গৌরব বৃদ্ধিতে, ক্যারাটের জাতীয় প্রতিযোগিতায় কাতা ও ফাইটে পীযূষ পাল স্বর্ণপদক লাভ করে। পঞ্চম শ্রেণির দীপ রায়ও পঞ্চম শ্রেণির বহু পুরস্কারে ভূষিত হয়। তাইকুন্ডুতে অরিত্র কর্মকার একাদশ শ্রেণির ছাত্র স্বর্ণপদক লাভ করে C.A.B.র সেকেন্ড ডিভিসনে ক্রিকেট লীগে অরিত্র কর এখনও খেলছে, সেই সঙ্গে রয়েছে রাজেশ্বর মন্ডল দশম শ্রেণির ছাত্র।

**বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ঃ** বিগত ২০২২ সালে আমরা আড়িয়াদহ স্পোর্টিং মাঠে নতুন উদ্যমে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করেছি। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকার উদ্যোগে এই আয়োজন অনুষ্ঠিত হয় জানুয়ারি মাসে। ছাত্র, শিক্ষক শিক্ষিকা, শিক্ষাকর্মী ও অভিভাবকদের উপস্থিতিতে ও সক্রিয় অংশগ্রহণে সেটি এক উৎসবের চেহারা নেয়। ২০২৩ এও তার ব্যাতিক্রম হয়নি। এবৎসরও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান সাড়ম্বরে পালিত হয়েছে।

**দ্বিবার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান ঃ** ২০১৭ সালের পর আর আমাদের পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়নি। প্রধান শিক্ষক ড.তপন সিন্‌হা রায় অবসর গ্রহণ করলেন কিন্তু কোন স্থায়ী প্রধান শিক্ষক না থাকায় এবং পরবর্তীকালে কোভিডের আক্রমন সমস্ত শিক্ষাব্যবস্থায় এক বিপর্যয় সৃষ্টি করল। ফলে নতুন করে উদ্যম ও উৎসাহ নিয়ে শুরু করাটা একটা চ্যালেঞ্জ হয়ে দাড়াল। এরকম পরিস্থিতিতে ২০২২ সালের সেপ্টেম্বরে এলেন বিদ্যালয়ের প্রধান হিসেবে শ্রীমতী ইন্দ্রানী মজুমদার মহাশয়া। তিনি এসে অত্যন্ত আগ্রহের সঙ্গে কাজ শুরু করলেন। ফলে এই বছর ২০২৩ এর ১০ এবং ১১ অক্টোবর কামারহাটি নজরুল মঞ্চে একটি বর্ণাঢ্য অনুষ্ঠানে দুই দিন ব্যাপী দ্বিবার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজিত হল। বিবিধ সাংস্কৃতিক অনুষ্ঠান—যেমন সঙ্গীত, আবৃত্তি, নৃত্য, যন্ত্র সঙ্গীত,, মুকাভিনয় প্রভৃতির সঙ্গে ছাত্রদের দুটি নাটক গিরগিটি ও ইচ্ছে এবং শিক্ষক শিক্ষিকাদের দ্বারা অভিনীত হয় 'ভাড়াটে চাই' নাটকটি। ২০২২ এবং ২০২৩ এর বিভিন্ন বিষয়ে কৃতিত্ব অর্জনকারী ছাত্ররা পুরস্কৃত হয়।

**বিবিধ ঃ** বিদ্যালয়ে পূর্বের মতই মনঃসংযোগের ক্লাস হয়ে থাকে। ছাত্ররা যাতে লেখাপড়া, খেলাধুলা বা অন্য কোন কাজ করার ক্ষেত্রে মনোযোগী হতে পারে তার জন্য বিদ্যালয়ের তরফ থেকে একটি বা দুটি পিরিয়ডকে কেন্দ্র করে পঞ্চম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত সমস্ত ছাত্রকে রুটিন অনুযায়ী মনঃসংযোগের শিক্ষা দেওয়া হয়, যাতে ওরা পরবর্তী জীবনেও মনঃসংযোগের উপকারিতা অনুভব করে নিজেদেরকে এগিয়ে নিয়ে যেতে পারে।

বিদ্যালয়ে শিশু পাঠাগারও চালু রয়েছে ছাত্রদের জন্য। রুটিন অনুযায়ী ছাত্ররা পাঠাগারে গিয়ে বই সংগ্রহ করে এবং নীরব পাঠের মধ্য দিয়ে পাঠ্যপুস্তক বহির্ভূত বিষয়ের উপর জ্ঞান অর্জন করতে পারে। পঞ্চম শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত এই ব্যবস্থা রয়েছে। ভারতীয় সভ্যতা, সংস্কৃতি জ্ঞান-বিজ্ঞান বিষয়ে তাদের অধিকতর জ্ঞান আহরণে এই ব্যবস্থাপনা বিশেষ ভূমিকা পালন করে। দেওয়াল পত্রিকা প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে ছাত্রদের নির্দেশ দেওয়া হয়েছে শারদোৎসবের পূর্ব মুহূর্তে এর শুভ সূচনা ঘটবে বলেই আশা রাখি। এরই সঙ্গে রয়েছে হাতে কলমে শিক্ষা ও অভিজ্ঞতা অর্জনের ব্যবস্থা ছাত্ররা বাগানের কাজ করে শিক্ষকদের নির্দেশে, বিভিন্ন বিষয়ে জ্ঞান অর্জনের জন্য তারা প্রজেক্ট করে। শিক্ষক শিক্ষিকারা প্রোজেক্টারের মাধ্যমে বা ল্যাবরেটরিতে তাদের নানা বিষয়ভিত্তিক কাজ হাতে কলমে করার শিক্ষা দিয়ে থাকেন।

**সাংস্কৃতিক চর্চা ঃ** বিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠানের সম্পর্কে আলোচনার ক্ষেত্রে সংস্কৃতির চর্চা স্বাভাবিক ভাবেই এসে পড়ে। সেই হিসেবে বিদ্যালয়ে নানা অনুষ্ঠান পালিত হয়। তারই পাশাপাশি বিভিন্ন প্রতিযোগতা ও সাফল্যের মধ্য দিয়ে বিদ্যালয়ে কিংবা বিদ্যালয়ের বাইরেও আমাদের ছাত্ররা বহু সাফল্যের নজির রেখেছে। কুইজে আয়ুষ মুখার্জী, অর্ঘ ভট্টাচার্য, শুভম ব্যানার্জী, নিশান্ত রায়চৌধুরী, শাশ্বত পাল প্রভৃতি ছাত্র সর্বত্র পুরস্কৃত হয়। ঋক মন্ডল দ্বাদশ শ্রেণির ছাত্র। সে সুবক্তা হিসেবে বিভিন স্থানে সুনাম অর্জন করেছে। আবৃত্তিতে শাশ্বত ভট্টাচার্য, সঙ্গীতে অরিজিৎ ব্যানার্জী। গল্প বলায় দীপ রায় তাৎক্ষণিক বক্তৃতায় আয়ুষ মুখার্জী, নিশান্ত রায়চৌধুরী অঙ্কনে রিয়াংশু দাস প্রভৃতিরা নিখিলবঙ্গ শিক্ষক সমিতি আয়োজিত সাংস্কৃতিক প্রতিযোগিতায় অত্যন্ত সফল ও পুরস্কৃত হয়েছে এরা বিদ্যালয়ের বর্তমান অলংকার এবং ভবিষ্যতেরও দিশারী।

**গমনাগমন ঃ** বিদ্যালয় হল একটি মহীরুহ। এর যেমন বিশালত্ব রয়েছে, তেমনি এর খ্যাতিও কম নয়। এই বিশালত্বেও পুরোনো ডাল ভেঙে যায় আবার নতুন ডাল সৃষ্টি হয়ে তাকে আরও বলশালী করে তোলে। ২০১৮তে বিদ্যালয় থেকে অবসর নিয়েছেন সমরেন্দ্রনাথ সরকার ও প্রদীপ কুমার রায়। ২০১৯ এ অবসর নিয়েছেন তাপস সিন্‌হা রায়। আর ২০২০ তে অবসর নিয়েছেন তরুন কুমার জানা ও শংকর কুমার রায়।

তেমনি আবার এসেছেনও অনেকে। তাঁদের মধ্যে সবচেয়ে বড় পাওনা ২০২১ এর সেপ্টেম্বরে এসেছে বিদ্যালয়ের প্রধানা হিসেবে শ্রীমতী ইন্দ্রানী মজুমদার। বাংলার অনুস্মিতা

চ্যাটার্জী ১৪.০৯.২১, ইকনমিক্সের মৈত্রেয়ী চক্রবর্তী ১৬.০৯.২১, ইংরেজীর দিব্যেন্দু বোস ২১-৯-২০২১ লাইব্রেরিয়ান পৃথা কর ৯-১১-২১ জীববিদ্যার তনিমা ঘোষ ১৬-১১-২১ গণিতের মমতোষ শাসমল ১০-১২-২১ গণিতের দুই ভাই হরিচরণ দেঁড়ে ৮-৩-২৩ এবং রাইচরণ দেঁড়ে ২-৩-২৩। এতজন শিক্ষক শিক্ষিকার আগমনে আবার বিদ্যালয় পরিপূর্ণতা পেয়েছে। সেইসঙ্গে ক্লার্ক হিসেবে গৌতম চ্যাটার্জীও যুক্ত হয়েছে। ফলে বিদ্যালয় আবার তার যাত্রাপথকে প্রশস্ত করেছে।

বিদ্যালয় হল স্রোতবিণা তটিনীর মত নিরবিচ্ছিন্ন একটি প্রবাহধারা, এখানে বিবিধ কর্মকান্ডের মধ্য দিয়ে বছরের পর বছর অতিক্রান্ত হয় সময়। আপাত কিছু মুহূর্ত আমরা ধরার চেষ্টা করি। তাই সব কিছু হয়ত ঠিকমত বলা হয় না। না বলা কথাই অনেক থেকে যায় কিছু বলতে পারার ফাঁকে। হয়তোবা দৃষ্টির অগোচরেও কিছু হারিয়ে যায়। ভালমন্দের বাস্তবের মাটিতে দাঁড়িয়ে ছাত্রদের ভাবনাকে কিছুটা তুলে ধরার চেষ্টা কখনও বা নিজেদের কর্মকান্ডের মধ্যে ভালমন্দের কিছুটা বিচার প্রভৃতির সমন্বয়ে আমাদের এই চলমান জীবন যেন কিছু রেখে যেতে পারে। কালের গতিতে তাই আগামী দিনের সম্ভাবনাকে, আশা আকাঙ্খাকে নতুন রূপ দিতে ঈশ্বরের কাছে প্রার্থনা করে যাই—'তুমি নির্মল কর মঙ্গল ক'রে মলিন মর্ম মুছায়ে।' ওঁ শান্তি, ওঁ শান্তি, ওঁ শান্তি।

**তরুণ কুমার ত্রিপাঠী**
শিক্ষক

# দেশনায়ক

রূপকথার গল্পের মতো আমাদের স্বপ্নের নায়ক হলেন সুভাষ চন্দ্র বসু। এই সুভাষ বোস ভারতের জাতীয় মুক্তি সংগ্রামের অগ্রদূত হিসাবে ভারতবাসীর মননে, চিন্তনে, স্পন্দনে আজও চিরভাস্বর হয়ে আছেন। সাম্রাজ্যবাদ বিরোধী স্বাধীনতা সংগ্রামের লড়াইয়ে সুভাষের নির্ভীকতা রবীন্দ্রনাথকেও স্পর্শ করেছিল। সময়টা ছিল ১৯৩৮—৩৯। রবীন্দ্রনাথের সঙ্গে সুভাষের এক স্নেহ মধুর সম্পর্ক গড়ে ওঠে। রবীন্দ্রনাথের চোখে সুভাষই ছিলেন সেই সময়ের যোগ্য নেতা।

১৯৩৯ সালের প্রয়থম দিকে সুভাষচন্দ্র বসু জাতীয় আন্দোলনের গুরুত্বপূর্ণ নেতৃত্বের পদে আসীন ছিলেন। এসময় ১৯৩৯ এর ২১শে জানুয়ারী সুভাষচন্দ্র শান্তিনিকেতনে এলে কবিগুরু তাঁকে সম্বর্ধনা দেন এবং 'তাসের দেশ' নাটকটি উৎসর্গ করে বলেন—কল্যাণীয় শ্রীমান সুভাষ স্বদেশ চিত্তে নতুন প্রাণ সঞ্চার করবার পুন্যব্রত তুমি গ্রহণ করেছো, সেই কথা স্মরণ করে তোমার নামে 'তাসের দেশ' নাটকটি উৎসর্গ করলাম। এই নাটিকায় রবীন্দ্রনাথ 'খরবায়ু বয় বেগে ....টান হাইয়ো' গানটি ব্রিটিশের বিরুদ্ধে সুভাষচন্দ্রকে আহ্বান জানানোর জন্য লিখেছিলেন বলে অনেকে মনে করেন।

এর কয়েকদিন বাদে ২রা ফেব্রুয়ারী সুভাষচন্দ্র পুনরায় শান্তিনিকেতনে এলে রবীন্দ্রনাথ প্রকাশ্য সভায় তাকে 'দেশনায়ক' এর মর্যাদা দেওয়ার পরিকল্পনা করেন। দিন স্থির হয় ১৯৩৯ এর ৩রা ফেব্রুয়ারী, পরে অনিবার্য কারণ বসত সভা বাতিল হয়। এসময় সুভাষের বিরুদ্ধে রাজনৈতিক ষড়যন্ত্র শুরু হলে মে মাসের চিঠিতে রবীন্দ্রনাথ সুভাষচন্দ্রকে লেখেন—'সুভাষচন্দ্র বাঙালী কবি আমি বাংলাদেশের হয়ে তোমাকে দেশনায়কের পদে বরণ করি।

যদিও রবীন্দ্রনাথের এই চিঠিটি সেই সময় প্রকাশিত হতে পারেনি, নানা রাজনৈতিক ও কূটনৈতিক কারণে। কারণ সুভাষের প্রতি রবীন্দ্রনাথের এই ধরণের ইতিবাচক মনোভাব অনেক প্রভাবশালী ব্যক্তির স্বার্থবিরোধী ছিল। পরে বহু সময় অতিক্রান্ত হলে স্বাধীনতার দোড়গোড়ায় এসে ১৯৪৬ এর ৮ই মে চিঠিটি প্রকাশিত হয়। তখন রবীন্দ্রনাথও ইহজগতে নেই এবং সুভাষচন্দ্রও লোকচক্ষুর অন্তরালে।

*রজত ঘোষ*

(শিক্ষক, ভারত একাডেমি এন্ড সায়েন্স)